৬. নিচের কোনটি জাবেদার বিশেষ নিয়মের অন্তর্ভুক্ত নয়?
 - ক. প্রতিটি লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করা
 - খ. প্রতিটি লেনদেনকে তারিখ অনুযায়ী লিপিবদ্ধ করা
 - গ. বিভিন্ন ছকে লেনদেন লিপিবদ্ধ করা
 - ঘ. প্রতিটি লেনদেনের সংক্ষিপ্ত ব্যাখ্যা করা
৭. নিচের কোনটি অন্যগুলোর চেয়ে আলাদা?
 - ক. খতিয়ান বই
 - খ. দৈনিক বই
 - গ. প্রাথমিক বই
 - ঘ. সহকারী বই

পাঠ-২ জাবেদার প্রয়োজনীয়তা ও সুবিধা

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ জাবেদার সুবিধাগুলো বলতে পারবেন।

বিষয়বস্তু



কারবারের লেনদেন ঘটবার পর হিসাববিজ্ঞানের নিয়মানুযায়ী প্রাথমিক পর্যায়ে জাবেদা বইতে রক্ষণ করার কথা বলা হয়। অতঃপর দ্বিতীয় পর্যায়ে খতিয়ানে রক্ষণ করা হয়। এখানে প্রশ্ন উঠতে পারে, লেনদেন সরাসরি খতিয়ানে লিপিবদ্ধ করা যায় কিনা? যদি যায় তাহলে প্রাথমিক পর্যায়ে জাবেদায় রক্ষণ করার অতিরিক্ত ঝামেলা পোহানো হয় কেন? বাস্তবিক পক্ষে জাবেদা ছাড়াই খতিয়ানের সাহায্যে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নিরূপণ করা যায়। কিন্তু তার পরও কারবার প্রতিষ্ঠানে জাবেদা বই সংরক্ষণ করা হয়। কারণ জাবেদা বই থেকে এমন কিছু সুবিধা পাওয়া যায় যার তুলনায় জাবেদা বই সংরক্ষণের খাটুনি খুবই সামান্য। নিচে এই সুবিধাগুলো আলোচনা করা হল :

১. জাবেদায় লেনদেনগুলোকে হিসাবের প্রকৃতি অনুযায়ী শ্রেণীবিন্যাস করা হয়। ফলে পরবর্তীতে খতিয়ানে স্থানান্তর করা সহজ হয়ে যায়।
২. দু'তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী জাবেদা রাখা হয় বলে কোন একটি নির্দিষ্ট সময়ে মোট ডেবিট ও ক্রেডিট লেনদেনের পরিমাণ জানা যায়।
৩. কোনো লেনদেন ঘটলে সাথে সাথে জাবেদায় লিপিবদ্ধ করা হয় বলে লেনদেন বাদ পড়ার সম্ভাবনা হ্রাস পায়, এবং একই সাথে প্রতারণা বা জালিয়াতির বা ভুলের সম্ভাবনাও হ্রাস পায়। জাবেদা না রেখে যদি স্মৃতিশক্তির সাহায্যে খতিয়ানে স্থানান্তর করা হত তাহলে বাদ পড়ার বা ভুল বা জালিয়াতির সম্ভাবনা বৃদ্ধি পেত।
৪. তারিখের ক্রমানুযায়ী জাবেদা লিপিবদ্ধ করা হয় বলে মাসের বা বছরের কোনো একটি সময়ে কি কি লেনদেন হয়েছিল তা সহজে খুঁজে বের করা যায়।
৫. জাবেদায় বিশদভাবে ত্রুটি ত্রুটি eYv vK dtj fweI tZ th tKvb mgTq tj bt tbi cfi v avi Yv cvl qv msh | Rvte`vq tj bt tbi mshY@ti KW vKvi Kvi tY LwZqvfb ms t t c | cwi "Qb t vte লিপিবদ্ধ করা সম্ভব হয়। অপরদিকে ভবিষ্যতে কখনও খতিয়ানে ভুল ধরা পড়লে জাবেদার বিস্তারিত বর্ণনা থেকে তা সংশোধন করা যায়।

পাঠ সংক্ষেপ

Rvte`v Qvovl Kvi ev t i Aw K dj vdj wby Kiv msh | wKs Rvte`v tj bt tbi vqx Ges wek` m t m m vte KivR Kti | dtj fj I wUi msL`v nwm cvq |

পাঠোত্তর গ্ৰন্থ : ৪.২



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

১. নিচের কোনটিকে জাবেদার সুবিধা হিসাবে বিবেচনা করা যায়?
 - ক. জাবেদার মাধ্যমে হিসাবের ব্যালেন্স বের করা সম্ভব হয়।
 - খ. জাবেদায় লেনদেনের বিশদ বর্ণনা থাকে, ফলে যে কোনো সময়ে লেনদেনের পুরো ধারণা পাওয়া সম্ভব।
 - গ. জাবেদার সাহায্যে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়।
 - ঘ. জাবেদার মাধ্যমে ডেবিটের তুলনায় ক্রেডিট লেনদেন কত বেশি হল তা জানা যায়।
২. নিচের কোনটি জাবেদার সুবিধা নয়?
 - ক. খতিয়ানের ভুল জাবেদার বিস্তারিত বর্ণনার সাহায্যে সংশোধন করা যায়।
 - খ. জাবেদায় লিপিবদ্ধ করার কারণে পরবর্তীতে লেনদেন সহজে খতিয়ানে স্থানান্তর করা যায়।
 - গ. জাবেদার মাধ্যমে খুব সহজেই হিসাবের শ্রেণী অনুযায়ী লেনদেনের পরিমাণ জানা যায়।
 - ঘ. তারিখের ক্রমানুযায়ী জাবেদা লিপিবদ্ধ করা হয় বলে মাসের বা বছরের কোনো একটি সময়ে কি কি লেনদেন হয়েছিল তা সহজে খুঁজে বের করা যায়।

পাঠ-৩ জাবেদার নমুনা ও লেখার নিয়ম

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ জাবেদার ছক আঁকতে পারবেন।
- ◆ লেনদেন থেকে জাবেদা তৈরির নিয়ম সম্বন্ধে বলতে পারবেন।

বিষয়বস্তু



জাবেদার নমুনা

হিসাবরক্ষণের নিয়ম অনুযায়ী লেনদেন সংঘটিত হওয়ার পর তা প্রাথমিকভাবে জাবেদা বইতে লিপিবদ্ধ করতে হয়। একটি নির্দিষ্ট ছকে জাবেদা লিপিবদ্ধ করতে হয়। জাবেদায় পাঁচটি ঘর থাকে, যেমন : ১. তারিখ, ২. বিবরণ, ৩. খতিয়ান পৃষ্ঠা, ৪. ডেবিট টাকার পরিমাণ ও ৫. ক্রেডিট টাকার পরিমাণ।

জাবেদার ছকের নমুনা নিম্নরূপ :

জাবেদা

তারিখ	বিবরণ	খতিয়ান পৃষ্ঠা	ডেবিট টাকা	ক্রেডিট টাকা

জাবেদা লেখার নিয়ম

জাবেদা লেখার নিয়ম আলোচনা করবার পূর্বে ধরা যাক খান ট্রেডার্স নামক একটি প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনগুলো ঘটেছিল। আমরা এই লেনদেনগুলোকে ভিত্তি করে জাবেদা লেখার নিয়মগুলো জানব।

লেনদেন ১ : জানুয়ারি ৫, ১৯৯৫ : রহমান সাহেবকে নগদে ৫,০০০ টাকা দেয়া হল।

লেনদেন ২ : জানুয়ারি ৭, ১৯৯৫ : নগদে আসবাপত্র কেনা হল ১০,০০০ টাকায়।

লেনদেন ৩ : জানুয়ারি ১০, ১৯৯৫ : বেতন খরচ দেয়া হল ৩,০০০ টাকা।

পরবর্তী আলোচনায় যাওয়ার পূর্বে একটি সাদা কাগজে জাবেদার ছক কেটে নিন, এবং আলোচনার সাথে সাথে আপনিও হাতে কলমে অংশ নিন।

লেনদেন জাবেদাভুক্ত করার পদক্ষেপগুলো নিম্নরূপ :

১. প্রথমে জাবেদার ছকের উপরে 'ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাবের বই' প্রথম সারিতে উল্লেখ করতে হবে, তারপর ঠিক নিচেই লিখতে হবে 'জাবেদা'। অথবা একটু অন্য ভাবেও লেখা যায় কথাটা।

খান ট্রেডার্স-এর হিসাবের বই				
জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা

অথবা

খান ট্রেডার্স-এর জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা

২. তারিখ অনুযায়ী যে লেনদেন সবচেয়ে আগে ঘটেছে সেটি সবচেয়ে আগে লিপিবদ্ধ করতে হবে এবং তারিখের ঘরে তারিখ উল্লেখ করতে হবে। আমাদের উদাহরণে লেনদেন-১ সবচেয়ে আগে ঘটেছে।

খান ট্রেডার্স এর হিসাবের বই				
জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানুয়ারি ৫				

৩. প্রতিটি লেনদেনে জড়িত হিসাব দুটি কি কি তা বিশ্লেষণ করতে হবে এবং হিসাব দুটির মধ্যে কোনটি ডেবিট এবং কোনটি ক্রেডিট তা স্থির করতে হবে। (লেনদেনে জড়িত হিসাব নির্ণয় এবং হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয় নীতি পূর্বেই আলোচিত হয়েছে)।

আমাদের উদাহরণে ১ম লেনদেনে জড়িত হিসাব এবং তাদের শ্রেণী, ডেবিট-ক্রেডিট নিম্নরূপ :

রহমান সাহেব সুবিধা (টাকা) পেলেন → রহমান হিঃ ডেবিট (কারণ ব্যক্তি বাচক হিসাবের বৃদ্ধি)
প্রতিষ্ঠানের নগদ টাকা কমল → নগদান হিঃ ক্রেডিট (কারণ মালিকের PK হিসাবের হ্রাস)

লেনদেন ২ ও ৩ নিজে চেষ্টা Ki "ন।

৪. লেনদেনের হিসাব-শ্রেণী এবং ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের পর তা বিবরণের ঘরে লিখতে হবে, এবং টাকার পরিমাণ ডেবিট ও ক্রেডিট ঘরে লিখতে হবে।

বিবরণের ঘরে ডেবিট হিসাবটি প্রথমে লিখে তার সরাসরি ডেবিট টাকার কলামে সংশ্লিষ্ট টাকার পরিমাণ লিখতে হবে। অতঃপর বিবরণের ঘরে ডেবিট হিসাবটির ঠিক নিচেই একটু ডানদিক থেকে (বামদিকে একটু জায়গা খালি রেখে) ক্রেডিট হিসাবটি লিখতে হবে, এবং তার সরাসরি ক্রেডিট কলামে সংশ্লিষ্ট টাকার পরিমাণ লিখতে হবে। মনে রাখবেন, একই লেনদেনে ডেবিট টাকার পরিমাণ এবং ক্রেডিট টাকার পরিমাণ সবসময় সমান হবে।

বিবরণের ঘরে ডেবিট হিসাবের পাশে 'ডেবিট' বা সংক্ষেপে 'ডেঃ' এবং ক্রেডিট হিসাবের বামে 'টু' কথাটি লিখতে হবে। তবে আজকাল আধুনিক নিয়মানুযায়ী 'ডেঃ' এবং 'টু' কথাগুলো লেখা হয় না।

খান ট্রেডার্স-এর জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানুয়ারি ৫	রহমান হিসাব ডেঃ টু নগদান হিসাব		৫,০০০	৫,০০০

আধুনিক নিয়মানুযায়ী,

খান ট্রেডার্স-এর জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানুয়ারি ৫	রহমান হিসাব Dr নগদান হিসাব Cr		৫,০০০	৫,০০০

৫. বিবরণ এর ঘরে ডেবিট এবং ক্রেডিট হিসাব দুটির ঠিক নিচেই লেনদেনের সংক্ষিপ্ত ব্যাখ্যা (narration. দিতে হবে, এবং পরবর্তী জাবেদা লেখার পূর্বে বিবরণের ঘরের একপ্রান্ত থেকে অন্যপ্রান্ত পর্যন্ত একটি রেখা টেনে দিতে হবে।

খান ট্রেডার্স-এর জাবেদা				
তারিখ	বিবরণ	খ.পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানুয়ারি ৫	রহমান হিসাব Dr নগদান হিসাব..... Cr (যেহেতু রহমানের পাওনা পরিশোধ করা হল)		৫,০০০	৫,০০০
জানু. ৭				

৬. খতিয়ান পৃষ্ঠার ঘরে খতিয়ানে সংশ্লিষ্ট হিসাব দুটির পৃষ্ঠা নম্বর লিখতে হবে। (আপাততঃ এই অংশটি শিখবার প্রয়োজন নেই)।

৭. জাবেদা বইয়ের একটি পৃষ্ঠায় জাবেদা লিপিবদ্ধ হয়ে গেলে সর্বশেষে ডেবিট ও ক্রেডিট টাকার যোগফল লিখে সমাপ্তি রেখা টেনে দিতে হবে। মনে রাখবেন, ডেবিট ও ক্রেডিট কলামের যোগফল সমান হবে।

খান ট্রেডার্স-এর জাবেদা				
তারিখ	বিবরণ	খ.পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানু. ৫	রহমান হিসাব ডে. নগদান হিসাব ক্রে. (যেহেতু রহমানের পাওনা পরিশোধ করা হল)		৫,০০০	৫,০০০
জানু. ৭	আসবাবপত্র হিসাব ডে. নগদান হিসাব ক্রে. (যেহেতু নগদে আসবাবপত্র কেনা হল)		১০,০০০	১০,০০০
জানু ১০	বেতন খরচ হিসাব ক্রে. নগদান হি. ক্রে. (যেহেতু বেতন দেয়া হল)		৩,০০০	৩,০০০
			১৮,০০০	১৮,০০০

পাঠ সংক্ষেপ

- একটি নির্দিষ্ট ছকে লেনদেন জাবেদাভুক্ত করতে হয়। জাবেদার ছকের পাঁচটি ঘর হে"0 : তারিখ, বিবরণ, খতিয়ান পৃষ্ঠা, ডেবিট টাকার পরিমাণ ও ক্রেডিট টাকার পরিমাণ।
- লেনদেন তারিখ অনুযায়ী জাবেদাভুক্ত করতে হয়।
- প্রতিটি লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণী নির্ণয় এবং তাদের ডেবিট ক্রেডিট নির্ণয় করে তা বিবরণের ঘরে লিখতে হয়। অতঃপর সংশ্লিষ্ট টাকার পরিমাণ ডেবিট ও ক্রেডিট ঘরে লিখতে হয়। প্রতিটি জাবেদার ব্যাখ্যা দিতে হয়।
- একটি পৃষ্ঠায় জাবেদা লিপিবদ্ধকরণ হয়ে গেলে ডেবিট ও ক্রেডিট ঘরের যোগফল লিখে সমাপ্তি রেখা টেনে দিতে হয়।

পাঠোত্তর গজ "vqb : ৪.৩



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- জাবেদার ছকে ঘরের সংখ্যা কয়টি ?
ক. ৪টি
খ. ৫টি
গ. ৬টি
ঘ. ৩টি
- জাবেদার ছকে 'খতিয়ান পৃষ্ঠা' কলামটি
ক. বামদিক থেকে ২য়
খ. ডানদিক থেকে ২য়
গ. বামদিক থেকে ৪র্থ
ঘ. বামদিক থেকে ৩য়
- কোন লেনদেনটি সবচেয়ে আগে লিপিবদ্ধ করা উচিত?
ক. সবচেয়ে বেশি টাকার লেনদেনটি।
খ. মামুলি বৃদ্ধি পাওয়ার লেনদেনটি।
গ. তারিখ অনুযায়ী সর্ব প্রথমে লেনদেনটি।
ঘ. নামিক হিসাবের লেনদেনটি।
- প্রতিটি জাবেদায় প্রথম হিসাবটি সব সময়
ক. ডেবিট হিসাব হয়।
খ. ক্রেডিট হিসাব হয়।
গ. ব্যক্তিব্যচক হিসাব হয়।
ঘ. নামিক হিসাব হয়।
- প্রতিটি লেনদেনের ডেবিট টাকা ও ক্রেডিট টাকা
ক. কম বেশি হয়
খ. সমান হয়
গ. যেমন ই"01 তেমনভাবে লেখা যায়
ঘ. না লিখলেও চলে
- 'ব্যাখ্যা' (narration)
ক. প্রতিটি জাবেদা পৃষ্ঠার শেষে লিখতে হয়।
খ. ব্যক্তিব্যচক হিসাবের বৃদ্ধি ঘটলে লিখতে হয়।
গ. খতিয়ান পৃষ্ঠার একটি গুঁ' ত্বপূর্ণ অংক.
ঘ. বিবরণের ঘরে প্রতিটি জাবেদার পরে লিখতে হয়।

পাঠ-৪ জাবেদার উদাহরণ

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ বিশেষ ধরনের কিছু লেনদেন বিশ্লেষণ করতে পারবেন।
- ◆ লেনদেন জাবেদাভুক্ত করতে পারবেন।

বিষয়বস্তু



এই পাঠে কয়েকটি উদাহরণ উত্তর সহ আলোচিত হয়েছে। প্রত্যেকটি উদাহরণ প্রথমে নিজে নিজে সমাধান করবার চেষ্টা করুন, তারপর উত্তর মিলিয়ে দেখুন এবং আলোচনায় অংশগ্রহণ করুন।

উদাহরণ : ১

মইন সাহেব ১৯৯৬ সালে একটি ব্যবসা শুরু করেন। জানুয়ারি মাসের ১ম দশ দিন তাঁর প্রতিষ্ঠানের লেনদেনগুলো নিম্নরূপ ছিল। লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ করুন।

জানুয়ারি	১	জনাব মইন ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন।
”	২	ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য নগদ মূল্যে আসবাবপত্র ক্রয় করেন ১০,০০০ টাকায়।
”	৩	নগদে পণ্য ক্রয় করেন ২,০০০ টাকায়।
”	৪	রফিকের নিকট থেকে পণ্য ক্রয়, ৩,০০০ টাকা।
”	৫	সুবিনয় এর নিকট থেকে নগদে পণ্য ক্রয়, ৫০০০ টাকা।
”	৬	পণ্য আনয়ন বাবদ বাহন খরচ প্রদান ৫০০ টাকা।
”	৭	নগদে পণ্য বিক্রয়, ২,৫০০ টাকা।
”	৮	রোজারিওর নিকট ধারে বিক্রয়, ১,৫০০ টাকা।
”	৯	শ্রীপলা-র নিকট নগদে বিক্রয়, ৪,০০০ টাকা।
”	১০	পণ্য বিক্রয় বাবদ বাহন খরচ প্রদান ৩০০ টাকা।

এখন আমরা এই দশটি লেনদেন নিয়ে আলোচনা করব। আলোচনায় যাবার আগে নিচের উত্তরের সাথে আপনার উত্তর মিলিয়ে নিন।

উদাহরণ ১ এর সমাধান :

জনাব মঈনের জাবেদা

তারিখ	বিবরণ	খ.পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৬ জানু. ১	নগদান হিসাব মূলধন হিসাব (যেহেতু মূলধন নগদ টাকায় আনা হল)		৪০,০০০	৪০,০০০
জানু. ২	আসবাবপত্র হিসাব নগদান হিসাব (যেহেতু নগদ মূল্যে আসবাবপত্র ক্রয় করা হল)		১০,০০০	১০,০০০
জানু. ৩	ক্রয় হিসাব নগদান হিসাব (যেহেতু নগদে পণ্য ক্রয় করা হল)		২,০০০	২,০০০
জানু. ৪	ক্রয় হিসাব রফিক হিসাব (যেহেতু ধারে পণ্য ক্রয় করা হল)		৩,০০০	৩,০০০
জানু. ৫	ক্রয় হিসাব নগদান হিসাব (যেহেতু নগদে পণ্য ক্রয় করা হল)		৫,০০০	৫,০০০
জানু. ৬	অন্তর্মুখী বহন খরচ হিসাব নগদান হিসাব (যেহেতু ক্রয় পরিবহণ বাবদ নগদ প্রদান করা হল)		৫০০	৫০০
জানু. ৭	নগদান হিসাব বিক্রয় হিসাব (যেহেতু নগদে বিক্রয় করা হল)		২,৫০০	২,৫০০
জানু. ৮	রোজারিও হিসাব বিক্রয় হিসাব (যেহেতু ধারে বিক্রয় করা হল)		১,৫০০	১,৫০০
জানু. ৯	নগদান হিসাব বিক্রয় হিসাব (যেহেতু ধারে বিক্রয় করা হল)		৪,০০০	৪,০০০
জানু. ১০	বহির্মুখী বহন খরচ হিসাব নগদান হিসাব (যেহেতু বিক্রয় পরিবহণ বাবদ প্রদান করা হল)		৩০০	৩০০
			৬৮,৮০০	৬৮,৮০০

উদাহরণ ১-এর আলোচনা

জানুয়ারি ১ : 'কারবার' এবং 'মালিক' দুটি পৃথক সত্তা। মালিক কারবারে টাকা আনলে মালিকের নিজস্ব বা পারিবারিক টাকা কমে গেলেও কারবারের নগদ টাকা বেড়ে যায়। তাই 'নগদান হিসাব' ডেবিট হয়েছে। অন্যদিকে মালিকের নিয়ে আসা টাকা মূলধন বাবদ আনা হয়েছে। এই 'মূলধন' মালিকের কাছে কারবারের একটি দায়, তাই 'মূলধন হি.' ক্রেডিট হয়েছে।

যদি মালিক পুরো ৪০,০০০ টাকাই নগদে না এনে বিভিন্ন উপায়ে আনতেন, যেমন: ১০,০০০ টাকার আসবাবপত্র, ১০,০০০ টাকার যন্ত্রপাতি, ৫,০০০ টাকার পণ্য-দ্রব্য, ১০,০০০ টাকার নগদ এবং ৫,০০০ টাকার ব্যাংক ব্যালেন্স মূলধন হিসাবে কারবারে আনা হলে। আমাদের মূল লেনদেনে শুধুমাত্র নগদ টাকা আনা হয়েছিল, তাই কারবারের শুধুমাত্র নগদ টাকা বেড়েছিল। কিন্তু এক্ষেত্রে নগদ টাকা ছাড়া আরও অন্য কিছু উপাদান কারবারের হিসাবে বৃদ্ধি পাবে। জাবেদা হবে :

আসবাবপত্র হিসাব		১০,০০০	
যন্ত্রপাতি হিসাব		১০,০০০	
পণ্য দ্রব্য হিসাব		৫,০০০	
নগদান হিসাব		১০,০০০	
ব্যাংক হিসাব		৫,০০০	
মূলধন হিসাব			৪০,০০০

জানুয়ারি ২ : আসবাবপত্র কেনার কারণে কারবারের নগদ টাকা হ্রাস পেয়েছে, অপরদিকে আসবাবপত্র নামক নতুন মাধ্যমে কারবারে বৃদ্ধি পেয়েছে। তাই 'আসবাবপত্র হি.' ডেবিট এবং 'নগদান হিসাব' ক্রেডিট হয়েছে। যদি চেকের মাধ্যমে আসবাবপত্রের মূল্য পরিশোধ করা হত তাহলে জাবেদা হত :

আসবাবপত্র হিসাব		১০,০০০	
ব্যাংক হিসাব			১০,০০০

জানুয়ারি ৩ থেকে ৫ : আসবাবপত্র ক্রয় বা যন্ত্রপাতি ক্রয় এবং পণ্য ক্রয়ের মধ্যে পার্থক্য রয়েছে। আসবাবপত্র বা যন্ত্রপাতি ক্রয় করা হয় কারবারের নিজস্ব ব্যবহারের জন্য। কিন্তু পণ্য ক্রয় করা হয় বিক্রি করে মুনাফা অর্জনের জন্য। সুতরাং পুনরায় বিক্রির উদ্দেশ্যে যদি কিছু কেনা হয় তাহলে তাকে 'পণ্য ক্রয় হিসাব' বা আরো সহজ ভাষায় 'ক্রয় হিসাব' বলা হয়। কোনো কিছু কেনার অর্থ খরচ হওয়া। খরচবাচক (বা ব্যয় বাচক) হিসাব ডেবিট হয়ে থাকে। তাই 'ক্রয় হিসাব' এই তিনটি লেনদেনে ডেবিট হয়েছে।

ক্রয় তিনভাবে হতে পারে। যেমন : নগদ টাকার মাধ্যমে, চেকের মাধ্যমে এবং বাকীতে। নগদে বা চেকে ক্রয় করার অর্থ হল কারবারের নগদ টাকার পরিমাণ বা ব্যাংক জমার (ব্যালেন্স) পরিমাণ কমে যাওয়া। এই দুটি হিসাব মাঝে মাঝে বাচক, কমে গেলে ক্রেডিট হয়ে থাকে জানুয়ারি ৩ তারিখের জাবেদায় 'নগদান হিসাব' ক্রেডিট হয়েছে। যখন বাকীতে পণ্য ক্রয় করা হয় তখন নগদ টাকা বা ব্যাংক ব্যালেন্স হ্রাস পায় না। বরং ভবিষ্যতে কোনো এক সময়ে মূল্য পরিশোধ করতে হবে বলে কারবারের দায় বৃদ্ধি পায়। এক্ষেত্রে যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে দায়ের সৃষ্টি হয় সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ক্রেডিট হয়। জানুয়ারি ৪ তারিখের জাবেদা দেখুন।

যদি নগদে পণ্য ক্রয় করা হয় এবং যার কাছ থেকে কেনা হয়েছে তার নামও উল্লেখ করা হয় তাহলে লেনদেন লিপিবদ্ধ করার সময় ব্যক্তি বা প্রতিষ্ঠানটির নাম কোনো গুঁ "ত্ব বহণ করে না। (জানুয়ারি ৫-এর জাবেদা)। তবে ব্যাখ্যাতে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম উল্লেখ করলে অসুবিধা নেই।

জানুয়ারি ৬ ও ১০ : পণ্য ক্রয় করে মালিককে নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানে নিয়ে আসার খরচ এবং বিক্রয়ের পর ক্রেতার কাছে পৌঁছানোর খরচ 'ডেবিট' হয়ে থাকে। অন্তর্মুখী বহণ খরচকে 'ক্রয় পরিবহণ' এবং বহির্মুখী বহণ খরচকে 'বিক্রয় পরিবহণ' বলা হয়।

জানুয়ারি ৭ থেকে ৯ : 'বিক্রয়' আয়বাচক হিসাব। নগদে এবং বাকীতে পণ্য বিক্রয় করা যায়। নগদে পণ্য বিক্রি হলে কারবারের নগদ টাকার পরিমাণ বৃদ্ধি পায়, তাই 'নগদান হিসাব' ডেবিট হয় (জানুয়ারি ৭ ও ৯ এর লেনদেন)। যদি বাকীতে বিক্রী হয় তাহলে ভবিষ্যতে নগদ টাকা পাওয়া যাওয়ার সম্ভাবনা সৃষ্টি হয়, অথবা কারবারের কাছে ক্রেতাপক্ষ দায়বদ্ধ থাকে। এক্ষেত্রে ক্রেতাপক্ষের নাম মাঝে মাঝে হিসাবে বিবেচিত হয় এবং 'ডেবিট' হয় (জানুয়ারি ৮-এর লেনদেন)।

উদাহরণ : ২

মইন সাহেবের জানুয়ারি মাসের পরবর্তী দশদিনের লেনদেন নিম্নরূপ। জাবেদায় লিপিবদ্ধ ক। "ন।

- জানুয়ারি ১১ কাজের সুবিধার জন্য ১,০০০ টাকা বেতনের একজন কর্মচারী নিয়োগ করা হল।
" ১২ পণ্য ক্রয় ১,০০০ টাকা। বাট্টা পাওয়া গেল ১০%।
" ১৩ পণ্য বিক্রয় ২,০০০ টাকা। ৬০% নগদে, ৪০% বাকীতে। বাট্টা দেয়া হল ১০%।
" ১৪ জানুয়ারি ৪ তারিখের প্রদেয় টাকার ২০% চেকে প্রদান করা হল।
" ১৫ কারবারের ২,০০০ টাকা অন্য একটি কারবারে বিনিয়োগ করা হয়েছে।
" ১৬ রফিকের কাছ থেকে কেনা পণ্য ফেরত দেয়া হল, ২০০ টাকা।
" ১৭ রোজারিও ৩০০ টাকার পণ্য ফেরত দিল।
" ১৮ রোজারিওর কাছ থেকে চেক মারফত পাওয়া গেল ৮০০ টাকা।
" ১৯ জানুয়ারি ৮-এর লেনদেনের শ্রেণিতে ১০০ টাকা অনাদায়ী পাওনা লেখা হল।
" ২০ ব্যাংকে জমা দেয়া হল ৫০০০ টাকা।

উদাহরণ ২ এর সমাধান

জনাব মঈনের জাবেদা

তারিখ	বিবরণ	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৬ জানু. ১২	ক্রয় হিসাব নগদান হিসাব প্রাপ্ত বাট্টা (যেহেতু নগদে ক্রয় করা হল এবং বাট্টা পাওয়া গেল)		১,০০০	৯০০ ১০০
জানু. ১৩	নগদান হিসাব দেনাদার হিসাব প্রদত্ত বাট্টা বিক্রয় হিসাব (যেহেতু নগদে এবং বাকীতে পণ্য বিক্রি করা হল এবং বাট্টা দেয়া হল)		১,০৮০ ৭২০ ২০০	২,০০০
জানু. ১৪	রফিক হিসাব ব্যাংক হিসাব (যেহেতু রফিকের পাওনা ৩,০০০ টাকার ২০% চেকে পরিশোধ করা হল)		৬০০	৬০০
জানু. ১৫	বিনিয়োগ হিসাব নগদান হিসাব (যেহেতু অন্য কারবারে টাকা বিনিয়োগ করা হয়েছে)		২,০০০	২,০০০
জানু. ১৬	রফিক হিসাব ক্রয় ফেরত হিসাব (যেহেতু ক্রয়কৃত পণ্য রফিককে ফেরত দেয়া হল)		২০০	২০০
জানু. ১৭	বিক্রয় ফেরত হিসাব রোজারিও হিসাব (যেহেতু রোজারিও পণ্য ফেরত পাঠান)		৩০০	৩০০
জানু. ১৮	নগদান হিসাব রোজারিও হিসাব (যেহেতু রোজারিওর কাছ থেকে চেক পাওয়া গেল)		৮০০	৮০০
জানু. ১৯	অনাদায়ী পাওনা হিসাব		১০০	

	রোজারিও হিসাব (যেহেতু রোজারিওর কাছ থেকে ১০০ টাকা পাওয়া যাবে না)			১০০
জানু. ২০	ব্যাংক হিসাব নগদান হিসাব (যেহেতু ব্যাংকে টাকা জমা দেয়া হল)		৫,০০০	৫,০০০
			১২,০০০	১২,০০০

উদাহরণ ২ এর আলোচনা

- জানুয়ারি ১১ এটি কোনো লেনদেন নয়, কারণ বেতন এখনও দেয়া হয়নি বা বেতন এখনও বকেয়া হয়নি।
- জানুয়ারি ১২ ও ১৩ যদি নগদ বা বাকীতে কিছু উল্লেখ না থাকে তাহলে নগদ লেনদেন ধরে নিতে হবে। কখনও কখনও ক্রেয়ের সময় বাট্টা পাওয়া গেলে তা আয়বাচক হিসাব এবং ক্রেডিট হয়। প্রদত্ত বাট্টা তার বিপরীত।
১৩ জানুয়ারির লেনদেনে কার কাছে ধারে বিক্রয় করা হয়েছে তার উল্লেখ নেই তাই এক্ষেত্রে 'দেনাদার হিসাব' ব্যবহৃত হয়েছে। একই সাথে নগদ এবং বাকীতে বিক্রি হওয়ায় বাট্টা বাদ দেয়ার পর নগদ পরিমাণ ও বাকীর পরিমাণ নির্ধারণ করা হয়েছে। যেমন :
- $$২,০০০ - ২,০০০ \times ১০\%$$
- $$= ২,০০০ - ২০০ = ১,৮০০ \text{ টাকা}$$
- $$\text{নগদ} = ১,৮০০ \times ৬০\% = ১,০৮০ \text{ টাকা}$$
- $$\text{বাকী} = ১,৮০০ \times ৪০\% = ৭২০ \text{ টাকা}$$
- জানুয়ারি ১৪ জানুয়ারি ৪ তারিখের লেনদেনে (উদাহরণ ১ দেখুন) রফিকের নিকট প্রদেয় টাকার পরিমাণ ছিল ৩,০০০ টাকা। রফিক জনাব মইনের একজন পাওনাদার। ২০% পরিশোধ করার কারণে জনাব মইনের কাছে রফিকের পাওনার পরিমাণ হ্রাস পাবে। তাই 'রফিক হিসাব' ডেবিট হয়েছে। চেকে টাকা প্রদান করার কারণে ব্যাংক ব্যালেন্স হ্রাস পেয়েছে, তাই 'ব্যাংক হিসাব' ডেবিট হয়েছে। টাকার পরিমাণ :
- $$\text{রফিকের পাওনা } ৩,০০০ \text{ টাকা} \times ২০\% = ৬০০ \text{ টাকা}$$
- জানুয়ারি ১৫ কখনও কখনও কারবারের টাকা অন্য কোনো প্রতিষ্ঠানে বিনিয়োগ করা হয়

- বা খাটানো হয়। ফলে কারবারের নগদ (বা ব্যাংক ব্যালেন্স) টাকা কমে যায়। তাই 'নগদান হিসাব' ক্রেডিট হয়। অপরদিকে অন্য কারবারের কাছে পাওয়ার পরিমাণ বৃদ্ধি পায় বলে 'বিনিয়োগ হিসাবকে' ডেবিট হিসাব বলা হয়। তাই এক্ষেত্রে 'বিনিয়োগ হি.' ডেবিট হয়েছে।
- জানুয়ারি ১৬ রফিকের কাছে পণ্য ফেরত দেয়ার কারণে জনাব মইনের দেনার পরিমাণ কমে গেছে। কারণ ফেরত দেওয়া পণ্যের জন্য জনাব মইনকে কোনো অর্থ পরিশোধ করতে হবে না। দেনা থাকার কারণে রফিকের হিসাব ক্রেডিট করা হয়েছিল (জানুয়ারি ৪-এর জাবেদা দেখুন)। কিন্তু এখন ২০০ টাকার দেনা কমে যাওয়ার কারণে 'রফিক হি.'-কে ডেবিট করা হয়েছে। অপরদিকে ক্রয়ের বিপরীত একটা ঘটনা হওয়ার কারণে 'ক্রয় ফেরত হিসাব' ক্রেডিট হয়েছে (যেহেতু 'ক্রয় হিসাব' ডেবিট হয়ে থাকে)।
- জানুয়ারি ১৭ জানুয়ারি ১৬ লেনদেনের বিপরীত।
- জানুয়ারি ১৮ জানুয়ারি ১৪ লেনদেনের বিপরীত। তবে এক্ষেত্রে চেক পাওয়ার কারণে 'ব্যাংক হিসাব' ডেবিট হওয়ার কথা। কিন্তু চেক পাওয়ার পর যদি তা ব্যাংকে পাঠানো না হয় তাহলে ব্যাংক ব্যালেন্স বাড়ার কথা নয়। সুতরাং 'প্রাপ্ত চেক ঐদিনই ব্যাংকে পাঠানো হয়েছে'-এ ধরনের কিছু উল্লেখ না থাকলে চেক পাওয়া গেলেও তাকে 'নগদান হিসাব' বলে গ্রহণ করা হয়।
- জানুয়ারি ১৯ উদাহরণ ১-এর জানুয়ারি ৮-এর লেনদেন অনুযায়ী রোজারিওর কাছে জনাব মইনের পাওনা টাকার পরিমাণ ১,৫০০ টাকা। এক্ষেত্রে 'রোজারিও হি.' ডেবিট করা হয়েছিল। কিন্তু এই লেনদেন থেকে বোঝা যাচ্ছে রোজারিওর কাছ থেকে ১০০ টাকা পাওয়া যাবে না। এক্ষেত্রে এই ১০০ টাকার জন্য 'রোজারিও হি.'-কে ক্রেডিট করতে হবে। এই ১০০ টাকা পাওয়া না যাবার ব্যাপারটি জনাব মইনের কারবারের দৃষ্টিকোণে একটি ক্ষতি। তাই 'অনাদায়ী পাওনা হি.' ডেবিট করা হয়েছে। একে 'অনাদায়ী দেনা'ও বলা হয়।
- জানুয়ারি ২০ কারবারের নগদ টাকা ব্যাংকে জমা দেয়ার কারণে নগদ টাকা কমে গেল ('নগদান হিঃ. ক্রেডিট) এবং ব্যাংকে ব্যালেন্স বেড়ে গেল ('ব্যাংক হিঃ' ডেবিট)।

উদাহরণ ৩

জনাব মইনের কারবারের জানুয়ারি মাসের শেষ এগারো দিনের লেনদেনগুলো নিম্নরূপ। জাবেদায় লিপিবদ্ধ Ki"b।

জানুয়ারি	২১	ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ৫৫০ টাকা তোলা হল কিন্তু পথে ৫০ টাকা হারিয়ে গেল।
„	২২	মালিক নিজ ব্যবহারের জন্য কারবার থেকে পণ্য নিলেন, ২০০ টাকা।
„	২৩	মালিকের জীবন বীমার প্রিমিয়াম দেয়া হল ৩০০ টাকা।
„	২৪	মালিকের মেয়ের স্কুলের বেতন দেয়া হল ১০০ টাকা।
„	২৫	কারবারের জন্য ব্যাংক হতে তোলা হল ১,৫০০ টাকা কিন্তু পথে ২০০ টাকা হারিয়ে গেল।
„	২৬	বিনিয়োগের সুদ পাওয়া গেল ২০০ টাকা।
„	২৭	কর্মচারীর বেতন প্রদান করা হল, ১,০০০ টাকা।
„	২৮	চেকে বাড়িভাড়া প্রদান করা হল, ৩,০০০ টাকা।
„	২৯	আসবাবপত্রের অবচয় ধার্য করা হল, ১০০ টাকা।
„	৩০	জনাব মইনকে মূলধনের সুদ বাবদ ২০০ টাকা প্রদান করা হল।
„	৩১	জামালকে ঋণ দেয়া হল ৫০০ টাকা।

উদাহরণ ৩ এর সমাধান :

জনাব মইনের জাবেদা

তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
জানুয়ারি ২১	উত্তোলন হিসাব ব্যাংক হিসাব (যেহেতু ব্যাংক থেকে ব্যক্তিগত প্রয়োজনে তোলা হল)		৫৫০	৫৫০
” ২২	উত্তোলন হিসাব ক্রয় হিসাব (যেহেতু ব্যক্তিগত ব্যবহারের জন্য পণ্য উত্তোলন করা হল)		২০০	২০০

" ২৩	উত্তোলন হিসাব নগদান হিসাব (যেহেতু মালিকের জীবন বীমার প্রিমিয়াম দেয়া হল)	৩০০	৩০০
জানুয়ারি ২৪	উত্তোলন হিসাব নগদান হিসাব (যেহেতু মালিকের মেয়ের স্কুলের বেতন দেয়া হল)	১০০	১০০
" ২৫	নগদান হিসাব বিবিধ ক্ষতি হিসাব ব্যাংক হিসাব (যেহেতু ব্যাংক হতে উত্তোলন করা হল এবং পথে ২০০ টাকা হারিয়ে গেল)	১,৩০০ ২০০	১,৫০০
" ২৬	নগদান হিসাব বিনিয়োগের সুদ হিসাব (যেহেতু বিনিয়োগের সুদ পাওয়া গেল)	২০০	২০০
" ২৭	বেতন হিসাব নগদান হিসাব (যেহেতু নগদে বেতন প্রদান করা হল)	১০০০	১,০০০
" ২৮	বাড়িভাড়া হিসাব ব্যাংক হিসাব (যেহেতু চেকে বাড়ি ভাড়া প্রদান করা হল)	৩,০০০	৩,০০০
" ২৯	অবচয় হিসাব আসবাবপত্র হিসাব (যেহেতু আসবাবপত্রের অবচয় ধার্য করা হল)	১০০	১০০
" ৩০	মূলধনের সুদ হিসাব নগদান হিসাব (যেহেতু জনাব মইনকে মূলধনের সুদ প্রদান করা হল)	২০০	২০০
" ৩১	জামালের ঋণ হিসাব নগদান হিসাব (যেহেতু জামালকে ঋণ দেয়া হল)	৫০০	৫০০
		৭,৬৫০	৭,৬৫০

উদাহরণ ৩ এর আলোচনা :

- জানুয়ারি ২১ থেকে ২৪ যেহেতু মালিক ও কারবার দুটি পৃথক সত্তা তাই কারবার কর্তৃক প্রদত্ত মালিকের যে কোনো খরচকে 'উত্তোলনের হিসাব' বলে বিবেচনা করা হয়। যদি নগদ টাকা বা ব্যাংক থেকে এই খরচ মেটানো হয় তাহলে 'নগদান হিসাব' বা 'ব্যাংক হিসাব' ক্রেডিট হয়। মালিক যদি পণ্য উত্তোলন করে তাহলে কারবারের ক্রয়কৃত পণ্যের পরিমাণ হ্রাস পায়। সাধারণ নিয়মানুযায়ী 'ক্রয়' ডেবিট হয়ে থাকে। এক্ষেত্রে পণ্য হ্রাস পাওয়ার কারণে 'ক্রয় হিসাব' ক্রেডিট হয়েছে (জানুয়ারি ২২-এর লেনদেন)।
- জানুয়ারি ২৫ কারবারের জন্য ব্যাংক হতে উত্তোলন করা হলে ব্যাংক ব্যালেন্স এর পরিমাণ হ্রাস পায় ('ব্যাংক হিসাব' ক্রেডিট) এবং সমপরিমাণ নগদ টাকা বৃদ্ধি পায় ('নগদান হিসাব' ডেবিট)। এই লেনদেনে ২০০ টাকা হারিয়ে যাওয়ার কারণে সমপরিমাণ নগদ টাকা কারবারের হাতে পৌঁছে না। এক্ষেত্রে ২০০ টাকার গরমিলকে 'বিবিধ ক্ষতি' হিসাবে দেখানো হয়েছে।
- জানুয়ারি ২৬ বিনিয়োগের সুদ একটি আয়বাচক হিসাব।
- জানুয়ারি ২৭ ও ২৮ কর্মচারীর বেতন ও বাড়ীভাড়া কারবারের ব্যয়। তাই উভয়ই ডেবিট হয়েছে।
- জানুয়ারি ২৯ AePq n†"Q mশúwÉi e"envi RwbZ gj " | GiU GKiiU e"qevPK wnmve | mশúwÉi AePq avh®Kiv n†j Gi weci†Z D³ mশúwÉi nwm † Lv†bv nq | ZvB G†¶†† †Avmevec† wnmve† †µwWU n†q†Q |
- জানুয়ারি ৩০ জনাব মইন কারবারে মূলধন আনয়ন করার কারণে কারবার তাঁকে সুদপ্রদান করেছে। এটা জনাব মইনের আয় হলেও কারবারের ব্যয়। তাই 'মূলধন হিসাব' ডেবিট করা হয়েছে। অপরদিকে সুদ প্রদান করার কারণে নগদ টাকা হ্রাস পেয়েছে বলে 'নগদান হিসাব' ক্রেডিট হয়েছে।
- জানুয়ারি ৩১ ঋণ গ্রহণ করার কারণে কারবারের কাছে জামাল দায়বদ্ধ। তাই 'জামালের ঋণ হিসাব' ডেবিট হয়েছে। অপরদিকে তাঁকে ঋণ দেয়ার কারণে কারবারের নগদ টাকা হ্রাস পেয়েছে বলে 'নগদান হিসাব' ক্রেডিট হয়েছে।

পাঠ সংক্ষেপ

- gwij K Ges Kvi evi `jU c_K mE`v nl qvi Kvi tY gwij K tKvb m`uM`E Kvi evti `btq Avmtj GKBMv`_ Kvi evti i `vq l m`uM`Ei e`x NtU |
- cpt wep`tqi Rb` tKvb mKQy`uq Kiv ntj Zv `u`q mnmveo etj we`emPZ nq |
- avti `uq-we`uq Kiv ntj `bM` vb mnmveo ev `e`vsK mnmveo Gi Dci c`fve cto bv |
- th tKv`tbv LiP mnmve tW`eU ntq `v`K |
- A`_P nrmey`x bv NU`j ev c`M`Bi m`e`ebv ev `vq bv NU`j tmB NUbv`K Rvte`vf` Kiv nq bv |
- ev`ev ev` t` qvi ci gj `uq-wep`tqi cwi gvY `bY` Kiv nq |
- gwij tKi me ai`bi e`w`MZ LiP hv Kvi evti i A`_ev cY` t`_K cwi t`kva Kiv nq Zv `D`E`vj b mnmveo t` Lv`tbv nq |

পাঠোত্তর gj `vqb : 8.8



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

১. সালমা ১৫,০০০ টাকা নগদ এবং ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার 'i' করলেন।
জাবেদা হবে :
ক. সালমা হিসাব ডেবিট, ৩৫,০০০ টাকা ; মূলধন হিসাব ক্রেডিট, ৩৫,০০০ টাকা।
খ. নগদান হিসাব ডেবিট, ৩৫,০০০ টাকা ; মূলধন হিসাব ক্রেডিট, ৩৫,০০০ টাকা।
গ. আসবাবপত্র হিসাব ডেবিট, ২০,০০০ টাকা, নগদান হিসাব ডেবিট. ১৫,০০০ টাকা ;
মূলধন হি. ক্রে., ৩৫,০০০ টাকা।
ঘ. মূলধন হিসাব ডে., ৩৫,০০০ টাকা ; নগদান হি. ক্রে., ১৫,০০০ টাকা, আসবাবপত্র হি.
ক্রে. ২০,০০০ টাকা।
২. পুন. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র কেনা হল, ৫,০০০ টাকা। জাবেদা হবে :
ক. আসবাবপত্র হি. ডে. ৫,০০০ ; নগদান হি. ক্রে. ৫,০০০ টাকা।
খ. ক্রয় হি. ডে., ৫,০০০, নগদান হি. ক্রে., ৫,০০০ টাকা।
গ. আসবাবপত্র হি. ডে., ৫,০০০ ; করিম হি. ক্রে., ৫,০০০ টাকা।
ঘ. ক্রয় হি. ডে., ৫,০০০; আসবাবপত্র হি., ক্রে., ৫,০০০।

৩. ধারে বিক্রয় করা হল, ৩,০০০ টাকা। জাবেদা হবে :
- ক. রফিক হিসাব ডে., ৩,০০০ ; বিক্রয় হি. ক্রে. ৩,০০০ ।
খ. বিক্রয় হি. ডে., ৩,০০০ ; ধারে বিক্রয় হি. ক্রে. ৩,০০০ ।
গ. নগদান হি. ডে., ৩,০০০ ; বিক্রয় হি. ক্রে., ৩,০০০ ।
ঘ. দেনাদার হি. ডে., ৩,০০০ ; বিক্রয় হি. ক্রে. ৩,০০০ ।
৪. বিজ্ঞাপন খরচ প্রদান, ৫০০ টাকা। জাবেদা হবে :
- ক. বিজ্ঞাপন খরচ হি. ডে., ৫০০ ; বাকী পাওনাদার হি. ক্রে. ৫০০ ।
খ. বিজ্ঞাপন খরচ হি. ডে., ৫০০ ; নগদান হি. ক্রে. ৫০০ ।
গ. নগদান হি. ডে., ৫০০ ; বিজ্ঞাপন খরচ হি. ক্রে. ৫০০ ।
ঘ. বাকী পাওনাদার হি. ডে. ৫০০ ; বিজ্ঞাপন খরচ হি. ক্রে. ৫০০ ।
৫. মনিহারী খাতে ব্যয় হল, ৭০০ টাকা। জাবেদা হবে :
- ক. মনিহারী খরচ হি. ডে. ৭০০ টাকা ; নগদান হি. ক্রে. ৭০০ ।
খ. মনিহারী খরচ হি. ডে. ৭০০ ; বাকী হি. ক্রে. ৭০০ ।
গ. নগদান হি. ডে. ৭০০ ; মনিহারী খরচ হি. ক্রে. ৭০০ ।
ঘ. বাকী পাওনাদার হি. ডে. ৭০০ ; মনিহারী খরচ হি. ক্রে. ৭০০ ।
৬. সোহেলের নিকট থেকে চেক প্রাপ্তি ১,০০০ টাকা এবং ঐদিনই তা ব্যাংকে প্রেরণ। জাবেদা হবে :
- ক. ব্যাংক হিসাব ডে., ১,০০০ ; নগদান হি. ক্রে., ১,০০০ ।
খ. নগদান হি. ডে., ১,০০০ ; ব্যাংক হি. ক্রে. ১,০০০ ।
গ. ব্যাংক হিসাব ডে. ১,০০০ ; সোহেল হি. ক্রে. ১,০০০ ।
ঘ. নগদান হি. ডে. ১,০০০ ; সোহেল হি. ক্রে. ১,০০০ ।



উত্তরমালা

পাঠোত্তর গ্জ 'vqb : ৪.১

১. ক ; ২. ঘ ; ৩. খ ; ৪. খ ; ৫. গ ; ৬. গ ; ৭. ক

পাঠোত্তর গ্জ 'vqb : ৪.২

১. খ ; ২. গ

পাঠোত্তর গ্জ 'vqb : ৪.৩

১. খ ; ২. ঘ ; ৩. গ ; ৪. ক ; ৫. খ ; ৬. ঘ

পাঠোত্তর গ্জ 'vqb : ৪.৪

১. গ ; ২. খ ; ৩. ঘ ; ৪. খ ; ৫. ক ; ৬. গ

i Pbvvgj K Abjxj bx

১. জাবেদা কাকে বলে ?
২. হিসাব সংরক্ষণ কয়টি পর্যায়ে সংঘটিত হয় ? কি কি ?
৩. জাবেদা বইয়ের অন্যান্য নাম কি কি ?
৪. জাবেদা লেখার বিশেষ নিয়মগুলো কি কি ?
৫. জাবেদার ছকে কয়টি ঘর থাকে ? কি কি ?
৬. বিবরণের ঘরে প্রতিটি জাবেদার ব্যাখ্যা দিতে হয়, এর কারণ কি ?
৭. জাবেদার প্রতিটি পৃষ্ঠার ডেবিট ও ক্রেডিট কলামের যোগফল সমান হওয়ার কারণ কি ?
৮. জাবেদার সুবিধা কি ?

mgm'vgj K
Abjxj bx

- ৯।
- | | |
|----|---|
| ১ | Rbve brfmi 10,000 UvKv w` ṫq Kvi evi` i` Ki ṫj b |
| ২ | 2,000 UvKv w` ṫq Avmeveċı̇ μq Ki ṫj b |
| ৩ | 1,000 UvKvi cY` cYṫṁμ̇ṫq̇i Dḟi` ṫk` bM` μq Kiv nj |
| ৫ | 500 UvKvi cY` Żṫi ṫK̇i K̇v̇ṫQ̇ av̇ṫi ṁμ̇q̇ Kiv nj |
| 12 | Lv̇ṫj ṫ` i K̇v̇Q̇ ṫ ṫK̇ 2,000 UvKvi cY` ṫK̇bv nj 40% bṀṫ, evK̇ẋUK̇ż av̇ṫi cY` Av̇ḃq̇ḃ eve` Li P nj 200 UvKv |
| 17 | 2,000 UvKvi cY` ġv̇nġṫ` i K̇v̇ṫQ̇ ṁμ̇q̇ Kiv nj 60% bṀṫ, evK̇ẋUK̇ż evK̇ẋṫŻ |
| 25 | K̇ġṖvi xi teŻḃ ċl̇vḃ Kiv nj 1,500 UvKv |
| 27 | eṁȯḟv̇ov̇ ċl̇vḃ Kiv nj 2,000 UvKv |

- ১০। নিচের লেনদেনগুলো জনাব সোহেলের জাবেদায় লিপিবদ্ধ Ki`b` :

১৯৯৬

- মে ১ জনাব সোহেল ১০,০০০ টাকার ব্যাংক ব্যালেন্স, ৫,০০০ টাকার আসবাবপত্র এবং ৩,০০০ টাকার পণ্য নিয়ে কারবার আরম্ভ করলেন।
- ” ২ পুনঃবিত্ত্বের উদ্দেশ্যে ধারে পণ্য ক্রয় করা হল ২,০০০ টাকা।
- ” ৩ অফিসের কাজে ব্যাংক হতে উত্তোলন করা হল ৪,০০০ টাকা।

- ” ৪ হেলালের কাছ থেকে পণ্য ক্রয় করা হল ৫,০০০ টাকার। নগদে ২০% চেকে ৪০%, ধারে ৪০%।
- ” ৮ ধারে পণ্য বিক্রয় করা হল ২,০০০ টাকার। বিক্রয় পরিবহন খরচ দেয়া হল ১০০ টাকা।
- ” ১১ বাবুর কাছ থেকে ঋণ নেয়া হল ৩,০০০ টাকা।
- ” ১৩ ২ তারিখের লেনদেনের ৩০% অংশ পরিশোধ করা হল।
- ” ১৯ ৮ তারিখের লেনদেনের ১০০ টাকা পাওয়া যাবে না বলে বিবেচিত হল এবং বাকী টাকা চেকে পাওয়া গেল এবং ঐ দিনই চেকটি ব্যাংকে পাঠানো হল।
- ” ২৫ মালিকের ব্যক্তিগত ব্যবহারের জন্য পণ্য নিয়ে যাওয়া হল ৫০০ টাকা।
- ” ২৯ জনাব সোহেল মূলধনের সুদ পেলেন ২০০ টাকা।

১১. নিচের লেনদেনগুলো জনাব মাহবুব এর জাবেদায় লিপিবদ্ধ Ki"b :


১৯৯৬

এপ্রিল ৩ কারবারের জন্য ব্যাংক হতে তোলা হল ২,০০০ টাকা কিন্তু পথে ৫০০ টাকা হারিয়ে গেল।

- ” ৪ বিনিয়োগ করা হল ২,০০০ টাকা।
- ” ৬ যন্ত্রপাতি কেনা হল ৫,০০০ টাকা।
- ” ৯ রহমানের ঋণের টাকা ফেরত দেয়া হল ১,৫০০ টাকা।
- ” ১৩ শফিক ৫০০ টাকার পণ্য ফেরত দিল।
- ” ১৮ সজলের কাছ থেকে প্রাপ্য ২০০ টাকা পাওয়া যাবে না বলে ধার্য হল।
- ” ২১ যন্ত্রপাতির অবচয় ধার্য করা হল, ক্রয়মূল্যের ১০% হারে।
- ” ২৩ বিনিয়োগের সুদ পাওয়া গেল ১৫০ টাকা।

জাবেদার শ্রেণীবিভাগ

ইউনিট



এই ইউনিটে আছে

- ৫.১ : ক্রয় বই ও বিক্রয় বই,
- ৫.২ : ক্রয় ফেরত বই ও বিক্রয় ফেরত বই,
- ৫.৩ : নগদান বই ও সাধারণ জাবেদা।



কারবারের লেন-দেনের পরিমাণ বেড়ে গেলে একজন ব্যক্তির পক্ষে লেন-দেন জাবেদায় লিপিবদ্ধ করা কঠিন হয়ে পড়ে। এ ছাড়াও অন্যান্য কিছু জটিলতার সৃষ্টি হয়। এই সব জটিলতা দূর করার জন্য জাবেদার শ্রেণীবিভাগ করা হয়। এই ইউনিটে বিভিন্ন ধরনের জাবেদা সম্বন্ধে আলোচনা করা হয়েছে।


পাঠ-১ ক্রয় বই ও বিক্রয় বই

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ জাবেদার শ্রেণীবিভাগের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবেন।
- ◆ জাবেদার শ্রেণীবিভাগের সুবিধা বর্ণনা করতে পারবেন।
- ◆ জাবেদার শ্রেণীবিভাগ করতে পারবেন এবং এর ভিত্তি বিশ্লেষণ করতে পারবেন।
- ◆ ক্রয় বইতে লেনদেন লিপিবদ্ধ করতে পারবেন।
- ◆ বিক্রয় বইতে লেনদেন লিপিবদ্ধ করতে পারবেন।

বিষয়বস্তু



ধরায়াক, শ্রীপলা ট্রেডার্স ১৯৯০ সালে একটি ব্যবসায় শা" করেছিল। একটি জাবেদা বইতে সকল লেনদেন লিপিবদ্ধ করা হত। ব্যবসার আকার ছোট হওয়ার কারণে সারাদিনের লেনদেন খুব সহজেই সেদিনই জাবেদায় লিপিবদ্ধ করা যেত এবং খতিয়ানে স্থানান্তর করা যেত। কিন্তু সময়ের সাথে সাথে, ধরা যাক ১৯৯৬ সালে শ্রীপলা ট্রেডার্সের ব্যবসায়ের আয়তন ব্যাপক হয়ে গেল। এক্ষেত্রে শ্রীপলা ট্রেডার্স হিসাবরক্ষণ সংক্রান্ত কি কি অসুবিধার সম্মুখীন হয় তা একটু তলিয়ে দেখা যাক।

প্রথমত : একজন হিসাবরক্ষকের দ্বারা সারাদিনের সকল লেনদেন জাবেদাভুক্ত করা এবং খতিয়ানভুক্ত করা অসম্ভব হয়ে যায়। এভাবে প্রতিদিনের কাজ জমে থাকার কারণে কারবারের ফলাফল নির্ণয়ের ক্ষেত্রে অনিশ্চয়তা দেখা দেয়।

দ্বিতীয়ত : একটি মাত্র জাবেদা বইতে সকল লেনদেন লিপিবদ্ধ করার কারণে জাবেদা বিপুল আকৃতির হয়ে যায়। ফলে বই নাড়াচাড়া এবং সংরক্ষণে অসুবিধা দেখা দেয়।

তৃতীয়ত : প্রচুর পরিমাণ লেনদেন একজন ব্যক্তিকেই লিপিবদ্ধ করতে হয় বলে এতে ভুল হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়, একই সাথে জালিয়াতির সুযোগও বৃদ্ধি পায়।

চতুর্থত : প্রচুর পরিমাণ লেনদেন একটি জাবেদা বইতে লিপিবদ্ধ করা হয় বলে প্রয়োজনীয় তথ্য সহজে বের করা কঠিন হয়ে যায়।

শ্রীপলা ট্রেডার্স ছাড়াও আকারে বৃহৎ অন্যান্য ব্যবসায় প্রতিষ্ঠানও একই সমস্যার সম্মুখীন হয়। এই সমস্যার সমাধান কি হলে ভালো হয়? ধরা যাক, একজন হিসাবরক্ষকের বদলে দুজন রাখা হল। এতে কাজের চাপ কমে যাবে কিন্তু একটি জাবেদা বইয়ে লেনদেন সংরক্ষণ নিয়ে দুজনের মধ্যে টানাটানি পড়ে যাবে। তাহলে অন্য আরেকটি সমাধান হতে পারে : একাধিক হিসাবরক্ষকের প্রত্যেককে একটি করে জাবেদা বই দিয়ে দেয়া। কিন্তু জাবেদার একটি মূল বৈশিষ্ট্য হ'ল তারিখ অনুযায়ী লিপিবদ্ধ করা। প্রত্যেক হিসাবরক্ষককে একটি করে বইয়ের দায়িত্ব দেয়া হলে প্রত্যেকেই নিজ নিজ দায়িত্বপ্রাপ্ত লেনদেন তারিখ অনুযায়ী লিপিবদ্ধ করবে। ফলে পরবর্তীতে কোনো নির্দিষ্ট তারিখের লেনদেন সংক্রান্ত তথ্য জানতে হলে সবগুলো বইই খুঁজতে হবে, যা সময়সাপেক্ষ।

সুতরাং দেখাযাবে^০ শুধুমাত্র জাবেদা বইয়ের সংখ্যা বাড়ালে তেমন কোনো সুবিধা পাওয়া সম্ভব নয়। বরং যদি জাবেদা বইকে লেনদেনের প্রকৃতি অনুযায়ী ভাগ করা হয় তাহলে সুবিধা পাওয়া সম্ভব। যেমন: ক্রয় জাতীয় সব লেনদেন একটি জাবেদায় রাখা হল, নগদান জাতীয় লেনদেন অন্য একটি জাবেদায়। এভাবে অনেকগুলো জাবেদা রাখাকে জাবেদার শ্রেণীবিভক্তি বলা হয়। অর্থাৎ হিসাবরক্ষণের কাজের সুবিধার জন্য লেনদেনের প্রকৃতি অনুযায়ী একাধিক জাবেদা বই সংরক্ষণের ব্যবস্থাকে জাবেদার শ্রেণী বিভক্তি বলা হয়।

জাবেদার শ্রেণী বিভক্তির সুবিধা :

উপরোক্ত আলোচনার ভিত্তিতে জাবেদার শ্রেণীবিভক্তির নিম্নরূপ সুবিধা পাওয়া যায়:

- ১। সময় ও শ্রমের অপচয় রোধ : জাবেদার শ্রেণীবিভাগ হওয়ার ফলে দায়িত্বপ্রাপ্ত হিসাবরক্ষকগণ অত্যন্ত কম সময়ে এবং কম শ্রমে লেনদেন লিপিবদ্ধ করতে পারেন।
- ২। জাবেদার আকার হ্রাস : একটি জাবেদা বইতে সব লেনদেন লিপিবদ্ধ করা হয় না বলে জাবেদা বইয়ের আকার হ্রাস পায়। ফলে বইগুলো নাড়াচাড়া এবং সংরক্ষণে সুবিধা হয়।
- ৩। ভুল ও জালিয়াতি রোধ : বিভিন্ন কর্মীর উপর দায়িত্ব দেয়া হয় বলে ভুল ও জালিয়াতির সম্ভাবনা হ্রাস পায়।


- ৪। প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি : প্রকৃতি অনুযায়ী লেনদেন জাবেদায় লিপিবদ্ধ করার ফলে প্রয়োজনীয় তথ্য সহজে পাওয়া সম্ভব। যেমন : ধারে ক্রয়ের পরিমাণ, নগদ আদান প্রদানের পরিমাণ প্রভৃতি।
- ৫। কর্মদক্ষতা বৃদ্ধি : একই প্রকৃতির লেনদেন জাবেদাভুক্ত করার কাজে নিয়োজিত থাকার কারণে দায়িত্ব প্রাপ্ত কর্মীর দক্ষতা বৃদ্ধি পায়।

জাবেদার শ্রেণীবিভাগ :

একটি প্রতিষ্ঠানে জাবেদাকে কয়ভাগে ভাগ করা হবে তা নির্ভর করে সেই প্রতিষ্ঠানের লেনদেনের প্রকৃতির উপর। একটি প্রতিষ্ঠানের লেনদেন গুলোকে সাধারণত নিম্নলিখিত কয়েটি ভাগে ভাগ করা হয়।

- ১। নগদ প্রদান সংক্রান্ত লেনদেন। যেমন : বেতন খরচ, নগদ ক্রয় খরচ ইত্যাদি।
- ২। নগদ প্রাপ্তি সংক্রান্ত লেনদেন। যেমন : সুদ প্রাপ্তি, নগদ বিক্রয় থেকে প্রাপ্তি ইত্যাদি।
- ৩। ধারে ক্রয় সংক্রান্ত লেনদেন।
- ৪। ধারে বিক্রয় সংক্রান্ত লেনদেন।
- ৫। ক্রয় ফেরত সংক্রান্ত লেনদেন।
- ৬। বিক্রয় ফেরত সংক্রান্ত লেনদেন।
- ৭। বিশেষ ধরনের লেনদেন। যেমন : সমন্বয় লেনদেন।

লেনদেনের এই শ্রেণীবিভাগ অনুযায়ী জাবেদার শ্রেণীবিভাগ করা হয়। নিচের ছকে এবং তালিকায় তা দেখানো হল :



উপরোক্ত ছক অনুযায়ী জাবেদার শ্রেণী বিভাগ নিম্নরূপ :

- ১। নগদান বই : নগদ আদান প্রদান সংক্রান্ত লেনদেন এই বইতে লিপিবদ্ধ করা হয়। যদি কারবারের নগদ আদান প্রদানের সংখ্যা খুব বেশি হয় তাহলে নগদ প্রদান বই এবং নগদ প্রাপ্তি বই আলাদা আলাদাভাবে রাখা হয়।
- ২। ক্রয় বই : পুণঃবিক্রয়ের উদ্দেশ্যে ধারে ক্রয়কৃত লেনদেন এই বইতে লেখা হয়।
- ৩। বিক্রয় বই : ধারে বিক্রয় সংক্রান্ত লেনদেন এই বইতে লেখা হয়।
- ৪। ক্রয় ফেরত বই : বাকীতে ক্রয়কৃত মাল ফেরত দেয়া সংক্রান্ত লেনদেন এই বইতে লেখা হয়।
- ৫। বিক্রয় ফেরত বই : বাকীতে বিক্রয়কৃত পণ্য ফেরত আসা সংক্রান্ত লেনদেন এই বইতে লেখা হয়।
- ৬। প্রকৃত জাবেদা : যে সব লেনদেন অন্যকোনো প্রাথমিক বা সহকারী বইতে লেখা যায় না সে গুলো প্রকৃত জাবেদায় বা সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

উপরোক্ত জাবেদা বইগুলোকে সহকারী বই বা প্রাথমিক বই বা দৈনিক বই বলা হয়। উপরোক্ত জাবেদা বই ছাড়া আরও দু'ধরনের জাবেদা বই থাকতে পারে। যেমন :

- ৭। প্রাপ্য বিল বই : দেনাদারের নিকট থেকে বিলের স্বীকৃতি পাওয়া গেলে এই বইতে সেই লেনদেন লিপিবদ্ধ করা হয়।
- ৮। প্রদেয় বিল বই : পাওনাদারের বিলে স্বীকৃতি প্রদান সংক্রান্ত লেনদেন এতে রক্ষণ করা হয়।

ক্রয় বই :

পুণঃবিক্রয়ের উদ্দেশ্যে ধারে পণ্য ক্রয় করা হলে ক্রয় বইতে তা লিপিবদ্ধ করা হয়। নগদে পণ্য ক্রয়, ধারে বা নগদে যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় ইত্যাদি লেনদেন এই বইতে লিপিবদ্ধ করা হয় না। এই বইকে ক্রয় জাবেদা বা দৈনিক ক্রয় বইও বলা হয়।

ক্রয় বইয়ের নমুনা :

ক্রয় বইয়ের সাধারণত ছয়টি ঘর বা কলাম থাকে। যেমন : তারিখ, বিবরণ, চালান নম্বর, খতিয়ান পৃষ্ঠা, বিশদ বিবরণ ও টাকার পরিমাণ। ক্রয় বইয়ের ছক নিম্নরূপ :

ক্রয় বই

তারিখ	বিবরণ	চালান নং	খ. পূ.	বিশদ বিবরণ	টাকার পরিমাণ

ক্রয় বই লেখার নিয়ম :

ক্রয় বইতে ধারে ক্রয় সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করার নিয়ম আলোচনা করার আগে চলুন আমরা নিচের উদাহরণটি একটু লক্ষ্য করি :

উদাহরণ :

রফিক এন্ড কোং-র এপ্রিল মাসের ক্রয় সংক্রান্ত লেনদেন নিম্নরূপ। ক্রয় বইতে এবং সংশ্লিষ্ট খতিয়ানে লিপিবদ্ধ করুন :

- এপ্রিল ১ বাগেরহাটের আল্লনা স্টোর থেকে প্রতি কেজি ১৬.০০ টাকা দরে ২০০০ কেজি চাল ক্রয় করা হল। চালান নং - ৪২। কারবারী বাটা ১০%।
- ” ৮ ফেণীর সমতট ট্রেডার্স থেকে প্রতি মন গম ২৫০ টাকা হারে ৫০০ মন গম ক্রয় করা হল। কারবারী বাটা ৮%। চালান নং ৩০১। উক্ত চালানে গাড়ি ভাড়া ও প্যাকিং খরচ বাবদ ৫০০ টাকা ধরা হয়েছে।
- ” ২৩ সিলেটের রহমান এন্ড সঙ্গ থেকে প্রতি কুইন্টাল ৭৫০ টাকা দরে ৮০ কুইন্টাল ধান ক্রয় করা হল। চালান নং ৩০৭। কারবারী বাটা ৬%। প্যাকিং খরচ ২০০ টাকা ও পরিবহণ খরচ ২০০ টাকা।
- ” ২৮ রাজশাহী হক স্টোর থেকে প্রতি কেজি ১৫ টাকা দরে ১৫০০ কেজি চাল নগদে কেনা হল। কারবারী ১০%। পরিবহণ খরচ ৪০০ টাকা। চালান নং ২৪২।

সমাধান :

রফিক এন্ড কোং
ক্রয় বই

তারিখ	বিবরণ	চালান নং	খ. পূ.	বিশদ বিবরণ	টাকার পরিমাণ
১৯৯৬ এপ্রিল ১	আলপনা স্টোর, বাগেরহাট ২০০০ কেজি চাল, প্রতি কেজি ১৬.০০ টাকা হারে বাদ: কারবারী বাট্টা ১০%	৪২		৩২,০০০ ৩,২০০	২৮,৮০০
এপ্রিল ৮	সমতট ট্রেডার্স, ফেণী ৫০০ মন গম, প্রতি মণ ২৫০ টাকা হারে বাদ : কারবারী বাট্টা ৮% যোগ : প্যাকিং খরচ ও গাড়ি ভাড়া	৩০১		১,২৫,০০০ ১০,০০০ ১,১৫,০০০ ৫০০	
এপ্রিল ২৩	রহমান এন্ড সন্স, সিলেট ১০০ কুইন্টাল ধান, প্রতি কুইন্টাল ৭৫০ টাকা হারে বাদ : কারবারী বাট্টা ৬% যোগ: প্যাকিং ও পরিবহন খরচ (২০০+২০০)	৩০৭		৬০,০০০ ৩,৬০০ ৫৬,৪০০ ৪০০	৫৬,৮০০ ২,০১,১০০
এপ্রিল ৩১	জাবেদা দাখিলা : ক্রয় হিসাব বিবিধ পাওনাদার হিসাব			২,৩১,০০০	২,০১,১০০

আলোচনা :

এপ্রিল ১ : ক্রয় বই এর তারিখের ঘরে সাল এবং তারিখ লিখতে হবে। বিবরণের ঘরে প্রথমে যে প্রতিষ্ঠান থেকে পণ্য ক্রয় করা তার নাম ও ঠিকানা এবং এরপর পণ্যের পরিমাণ ও দর উল্লেখ করতে হবে। এই পণ্যের পরিমাণ এবং দরের গুণফল বিশদ বিবরণের ঘরে লিখতে হবে। যেমন : এক্ষেত্রে
(২,০০০ কেজি চাল × ১৬ টাকা) = ৩২,০০০ টাকা

পণ্য ধারে বা নগদে বিক্রয়ের সময় মূল্য তালিকায় উল্লেখিত মূল্য থেকে বিক্রেতা প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী যে পরিমাণ টাকা বাদ বা মওকুফ করে দেয়া হয় তাকে কারবারী বাট্টা বলে। কারবারী বাট্টা বাদ দেয়ার পর পণ্যের প্রকৃত মূল্য নির্ধারিত হয়। বিক্রেতার দৃষ্টিকোণে এই বাট্টা “প্রদত্ত কারবারী বাট্টা” এবং ক্রেতার দৃষ্টিকোণে ‘প্রাপ্ত কারবারী বাট্টা’। এপ্রিল ১ লেনদেনের ক্ষেত্রে কারবারী বাট্টা হবে :

$$৩২,০০০ \text{ টাকা} \times ১০\% = ৩,২০০ \text{ টাকা}$$

এই ‘কারবারী বাট্টা’ বিশদ বিবরণে পূর্বে লিখিত ৩২,০০০ টাকা থেকে বাদ দিয়ে দেখাতে হবে। অর্থাৎ প্রকৃত মূল্য হবে :

$$৩২,০০০ \text{ টাকা} - ৩,২০০ \text{ টাকা} = ২৮,৮০০ \text{ টাকা}$$

প্রকৃত মূল্য ‘টাকার পরিমাণ’ কলামে লিখতে হবে। পণ্য ক্রয়ের চালান নং ‘চালান নং’ কলামে লিখতে হবে। অতঃপর পরবর্তী লেনদেন লিপিবদ্ধ করার আগে বিবরণের ঘরে একটি রেখা টেনে দিতে হবে।

এপ্রিল ৮ ও ২৩ : এপ্রিল ১ এর মতই লেনদেনগুলো লিপিবদ্ধ করতে হবে। তবে এক্ষেত্রে নতুন আইটেম হে”Q ‘প্যাকিং ও পরিবহণ খরচ’। সাধারণত ক্রেতাকেই প্যাকিং ও পরিবহণ খরচের ভার বহণ করতে হয়। তাই পণ্যের প্রকৃত মূল্য নির্ণয়ের পর (অর্থাৎ তালিকা মূল্য থেকে কারবারী বাট্টা বাদ দেয়ার পর) প্যাকিং ও পরিবহণ খরচ যোগ করতে হয়।

এপ্রিল ২৮ : এটি একটি নগদ ক্রয়, তাই ক্রয় বইতে এই লেনদেন লিপিবদ্ধ হবে না।

সমষ্টিকরণ ও জাবেদা : লেনদেনগুলো লিপিবদ্ধ করবার পর সমষ্টি নির্ণয় করতে হবে। এবং নিয়মানুযায়ী সমাশ্টিরেখা টেনে দিতে হবে। অতঃপর পুরো মাসের ধারে ক্রয়ের জাবেদা লিখতে হবে। এক্ষেত্রে একটি জাবেদা দাখিলাই যথেষ্ট।

খতিয়ান ভুক্তকরণ : ‘ক্রয় বই’ একটি বিশেষ ধরনের জাবেদা বই। ধারে ক্রয় সংক্রান্ত লেনদেনগুলো এখানে লিপিবদ্ধ করবার পর যথানিয়মে তা খতিয়ানে লিপিবদ্ধ করতে হয়। খতিয়ান ভুক্তকরণ নিচে দেখান হল।

**রফিক এন্ড কোং এর খতিয়ান বই
ক্রয় হিসাব**

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৬ এপ্রিল ৩১	বিবিধ পাওনাদার		২,০১,১০০				

আলপনা স্টোর হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
				১৯৯৬ এপ্রিল ১	ক্রয় হিসাব		২৮,৮৮০

সমতট ট্রেডার্স হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
				১৯৯৬ এপ্রিল ৮	ক্রয় হিসাব		১১৫,৫০০

রহমান এন্ড সঙ্গ হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	তারিখ
				১৯৯৬ এপ্রিল ২৩	ক্রয় হিসাব		৫৬,৮০০

বিক্রয় বই :

ধারে বিক্রয় সংক্রান্ত লেনদেন যে বইতে লিপিবদ্ধ করা হয় তাকে বিক্রয় বই বলে। একে বিক্রয় জাবেদা বা দৈনিক বিক্রয় বইও বলা হয়। নগদ বা মাদ্রুহ বিক্রয় সংক্রান্ত লেনদেন এই বইতে লিপিবদ্ধ করা হয় না।

বিক্রয় বইয়ের নমুনা :

বিক্রয় বইয়ের নমুনা ক্রয় বইয়ের অনুরূপ।

বিক্রয় বই লেখার নিয়ম :

নিচের উদাহরণ অনুযায়ী বিক্রয় বইতে লেনদেন লিপিবদ্ধ করার নিয়ম আলোচিত হল।

উদাহরণ :

মনিদীপা ট্রেডার্স এর মার্চ মাসের বিক্রয় সংক্রান্ত লেনদেনগুলো নিম্নরূপ। বিক্রয় বইতে এবং খতিয়ানে লিপিবদ্ধ Ki"b।

১৯৯৬

মার্চ ৪ ঢাকার মেহেদী বস্ত্রবিতানের কাছে ২০০ টি শাড়ি বিক্রী করা হল প্রতিটি ২৫০ টাকা হারে। এই প্রেক্ষিতে তাদের নিকট ১০৫ নং চালান প্রেরিত হল। উক্ত চালানে ২০০ টাকা প্যাকিং খরচ এবং ১০০ টাকা বীমা খরচ ধরা হয়েছে এবং ১০% কারবারী বাট্টা মঞ্জুর করা হয়েছে।

মার্চ ১৫ হবিগঞ্জের মেসার্স নবি"b ব্রাদার্সের নিকট প্রতি গজ ৩৮ টাকা দরে ২০০ গজ চাইনিজ প্রিন্ট এবং প্রতিগজ ৫৫ টাকা দরে ৪৫০ গজ সাদা টেট্রন বিক্রয়। কারবারী বাট্টা ৮% চালান নং ১০৬।

মার্চ ২৯ চট্টগ্রামের স্বপন বস্ত্রবিতানের নিকট ১০০ টি লুঙ্গি প্রতিটি ১০০ টাকা হারে; ২০০ গজ টেট্রন প্রতিগজ ৫০ টাকা দরে বিক্রয় করা হল। কারবারী বাট্টা ১৫%। চালান নং ১০৭। উক্ত চালানে ২০০ টাকা প্যাকিং খরচ এবং ১০০ টাকা বীমা সেলামী ধরা হয়েছে।

মনিদীপা ট্রেডার্স
বিক্রয় বই

তারিখ	বিবরণ	চলান নং	খ. পু.	বিশদ বিবরণ	টাকার পরিমাণ	
১৯৯৬ মার্চ ৪	মেহেদী বস্ত্র বিতান, ঢাকা ২০০ টি শাড়ি, প্রতিটি ২৫০ টাকা বাদ : কারবারী বাট্টা (১০%)	১০৫		৫০,০০০ ৫,০০০	৪৫,৩০০	
	যোগ : প্যাকিং খরচ বীমা খরচ			২০০ ১০০		
মার্চ ১৫	মেসার্স হারুন ব্রাদার্স, হবিগঞ্জ ২০০ গজ চাইনিজ থ্রিষ্ট, ৩৮ টাকা হারে ৪৫০ গজ সাদা টেট্রন, ৫৫ টাকা হারে বাদ : কারবারী বাট্টা (৮%)	১০৬		৭,৬০০ ২৪,৭৫০ ৩২,৩৫০ ২,৫৮৮		২৯,৭৬২
মার্চ ২৯	স্বপন বস্ত্রবিতান, চট্টগ্রাম ১০০ টি লুঙ্গি, প্রতিটি ১০০ টাকা হারে ২০০ গজ টেট্রন, প্রতি গজ ৫০ টাকা হারে। বাদ : কারবারী বাট্টা (১৫%)	১০৭		১০,০০০ ১০,০০০ ২০,০০০ ৩,০০০ ১৭,০০০	১৭,৩০০	
	যোগ : প্যাকিং খরচ বীমা সেলামী			২০০ ১০০		
মার্চ ৩১	জাবেদা দাখিলা : বিবিধ দেনাদার হিসাব বিক্রয় হিসাব			৯২,৩৬২	৯২,৩৬২	

আলোচনা :

মার্চ ৪ বিক্রয় বই এর তারিখের ঘরে লেনদেনের তারিখ লিখতে হবে। বিবরণের ঘরে প্রথমে যে প্রতিষ্ঠানের কাছে বিক্রী করা হ'ল তার নাম ও ঠিকানা এবং এরপর পণ্যের পরিমাণ ও দর উল্লেখ করতে হবে। এই পণ্যের পরিমাণ এবং দরের গুণফল বিশদ বিবরণের ঘরে লিখতে হবে।

যেমন : এক্ষেত্রে

$$(২০০ \text{ টি শাড়ি} \times ২৫০ \text{ টাকা}) = ৫০,০০০ \text{ টাকা}$$

এই ৫০,০০০ টাকা তালিকা মূল্য। এই মূল্য থেকে কারবারী বাট্টা বাদ দিতে হবে।

এক্ষেত্রে কারবারী বাট্টার পরিমাণ :

$$(৫০,০০০ \times ১০\%) = ৫,০০০ \text{ টাকা}$$

কারবারী বাট্টা বাদ দেয়ার পর আনুষঙ্গিক প্যাকিং খরচ ও বীমা খরচ যোগ করে 'প্রকৃত মূল্য' বের করতে হবে এবং তা টাকার পরিমাণ কলামে লিখতে হবে।

মার্চ ১৫ এক্ষেত্রে দু'ধরনের পণ্য বিক্রী করা হয়েছে। প্রথমে মোট তালিকামূল্য বের করে তারপর কারবারী বাট্টা বাদ দিতে হবে। অর্থাৎ

	$(৭,৬০০ + ২৪,৭৫০)$	=	৩২,৩৫০
বাদ: বাট্টা	$(৩২,৩৫০ \times ৮\%)$	=	<u>২,৫৮৮</u>
প্রকৃত মূল্য			২৯,৭৬২

মার্চ ২৯ : মার্চ ৪ ও ১৫ অনুযায়ী Ki "b।

সমষ্টিকরণ ও জাবেদা : লেনদেনগুলো লিপিবদ্ধ করার পর সমষ্টি নির্ণয় করতে হবে। এবং নিয়মানুযায়ী সমাপ্তিরেখা টেনে দিতে হবে। অতঃপর পুরো মাসের ধারে বিক্রয়ের জাবেদা লিখতে হবে। এক্ষেত্রে একটি জাবেদা দাখিলাই যথেষ্ট।

খতিয়ানভুক্তকরণ : বিক্রয় বইতে লেনদেনগুলো লিপিবদ্ধ করার পর তা খতিয়ানে লিপিবদ্ধ করতে হয়। খতিয়ানভুক্তকরণ নিচে দেখানো হল।

gwb`xcv tUWvm©Gi LwZqvb eB

বিক্রয় হিসাব

ডেটর

ক্রেডিটর

তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
				১৯৯৬ মার্চ ৩১	বিবিধ দেনাদার হিঃ		৯২,৩৬২

tg+n`x e`;weZvb wnmve

ডেটর

ক্রেডিটর

তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ মার্চ ৪	বিক্রয় হিসাব		৪৫,৩০০				

tgmvm©nvi "b e` vm© wnmve

ডেটর

ক্রেডিটর

তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ মার্চ ১৫	বিক্রয় হিসাব		২৯,৭৬২				

জাবেদার শ্রেণীবিভাগ

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ মার্চ ২৯	বিক্রয় হিসাব		১৭,৩০০				

সার সংক্ষেপ

- লেনদেনের পরিমাণ বৃদ্ধি পাওয়ার কারণে জাবেদার শ্রেণীবিভাগ করা হয়।
- জাবেদার শ্রেণীবিভাগের কারণে বেশ কিছু সুবিধা পাওয়া যায় যেমন: সময় ও শ্রমের অপচয় রোধ, ভুল ও জালিয়াতি রোধ ইত্যাদি।
- বিভিন্ন ধরনের জাবেদাগুলো হে"0: নগদান বই, ক্রয় বই, বিক্রয় বই, প্রকৃত জাবেদা প্রভৃতি।
- ধারে ক্রয় সংক্রান্ত লেনদেন ক্রয় বইতে এবং ধারে বিক্রয় সংক্রান্ত লেনদেন বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়।

পাঠোত্তর গজ "vqb : ৫.১



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। জাবেদার শ্রেণীবিভক্তির অর্থ হে"0 :
- ক) খতিয়ানের শ্রেণীঅনুযায়ী জাবেদাকে খতিয়ানে স্থানান্তর করা।
 - খ) জাবেদাকে হিসাবের শ্রেণীঅনুযায়ী লিপিবদ্ধ করা।
 - গ) হিসাবরক্ষণের কাজের সুবিধার জন্য লেনদেনের প্রকৃতি অনুযায়ী একাধিক জাবেদা বই সংরক্ষণের ব্যবস্থা।
 - ঘ) উপরের কোনোটিই নয়।

- ২। জাবেদার শ্রেণীবিভাগের মাধ্যমে নিচের কোন সুবিধা পাওয়া সম্ভব নয়?
ক) জাবেদার আকার হ্রাস
খ) কর্মদক্ষতা হ্রাস
গ) ভুল ও জালিয়াতি রোধ
ঘ) সময় ও শ্রমের অপচয় রোধ
- ৩। নিচের কোনটি জাবেদার শ্রেণীবিভাগের মধ্যে পড়ে না?
ক) ক্রয় বই
খ) নগদান বই
গ) বিক্রয় হিসাব
ঘ) ক্রয় ফেরত বই
- ৪। নিচের কোন লেনদেনটি ক্রয় বইয়ের অন্তর্ভুক্ত হবে না?
ক) রহমানের কাছ থেকে ধারে ৫০০ টাকার পণ্য ক্রয় করা হল।
খ) আফসানের কাছ থেকে ২,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করা হল।
গ) ধারে পণ্য ক্রয় ২০০ টাকা।
ঘ) মামুনের কাছ থেকে নগদ ২০০ টাকার পণ্য ক্রয় করা হল।
- ৫। নিচের কোন লেনদেনটি বিক্রয় বইয়ের অন্তর্ভুক্ত হবে?
ক) শফিকের কাছে ধারে ৫,০০০ টাকার পণ্য বিক্রয়।
খ) ধারে পণ্য ক্রয় ২০০ টাকার।
গ) ইমরানের কাছে নগদে পণ্য বিক্রয় ৩০০ টাকা।
ঘ) কর্মচারীর বেতন প্রদান ২,০০০ টাকা।

পাঠ-২ ক্রয় ফেরত বই ও বিক্রয় ফেরত বই

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ ক্রয় ফেরত বই ও বিক্রয় ফেরত বইয়ের সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ ডেবিট নোট ও ক্রেডিট নোট সম্বন্ধে বলতে পারবেন।
- ◆ ক্রয় ফেরত বই ও বিক্রয় ফেরত বইতে লেনদেন লিপিবদ্ধ করতে পারবেন।

বিষয়বস্তু



ক্রয় ফেরত বই :

ধারে পণ্য ক্রয় করার পর কখনও কখনও ফেরত দেয়ার প্রয়োজন হতে পারে। বিভিন্ন কারণে পণ্য ফেরত দেয়া হয় ; যেমন : পণ্য মানসম্মত না হলে, সমৃদ্ধি আংশিক নষ্ট হলে, প্রয়োজনের চেয়ে অতিরিক্ত পণ্য চলে আসলে প্রভৃতি। যদি নিয়মিতভাবে ক্রয় ফেরত দেয়া হয় তাহলে এই ফেরত সংক্রান্ত লেনদেন 'ক্রয় বই'তে লিপিবদ্ধ করা হয়। পণ্য নগদে ক্রয় করার পর ফেরত দেয়া হলে তা এই বইতে আসবে না।

ক্রয় ফেরত বই-র নমুনা :

ক্রয় ফেরত বই-র নমুনা ক্রয় বই-র মতই। তবে ক্রয় বই-র 'চালান নং' ঘরের বদলে 'ডেবিট নোট নং' ঘর হবে।

ক্রয় ফেরত বই :

তারিখ	বিবরণ	ডেবিট নোট নং	খ. পৃ.	টাকার বিশদ বিবরণ	টাকার পরিমাণ

ডেবিট নোট (Debit note)

যখন পণ্য ধারে ক্রয় করা হয় তখন বিক্রেতার (বা পণ্য সরবরাহকারীর) হিসাবকে 'ক্রেডিট' করা হয়। পণ্য ফেরত দেয়া হলে স্বভাবতই ক্রেতার হিসাবের বইতে বিক্রেতার হিসাবকে ডেবিট করা হবে। এক্ষেত্রে যত টাকা 'ডেবিট' করা হয় তা ক্রেতা বিক্রেতার কাছে একটি নোটের মাধ্যমে জানিয়ে দেয়। এই নোটকে ডেবিট নোট বলে। এই নোট চিঠি বা ছাপানো ফরম বা উভয়ই হতে পারে।

আবার পণ্যের চালানে ভুলে অধিক মূল্য লেখা হলে সংশ্লিষ্ট ক্রেতা-বিক্রেতার কাছে ডেবিট নোট পাঠায়। এ ছাড়াও পণ্যের চালানে মূল্য কম লেখা হলে বিক্রেতা ক্রেতার কাছে ডেবিট নোট পাঠায়। অর্থাৎ ডেবিট নোট ক্রেতা বা বিক্রেতা যে কেউই অন্যের কাছে পাঠাতে পারে। ডেবিট নোট পাঠানোর মূল উদ্দেশ্য হচ্ছে অন্যপক্ষের হিসাবটি 'ডেবিট' করা হয়েছে এই তথ্যটি জানানো।

ক্রয় ফেরত বই লেখার নিয়ম :

একটি উদাহরণের মাধ্যমে আমরা ক্রয় ফেরত বই লেখার নিয়ম জানব।

উদাহরণ :

নিম্নলিখিত লেনদেনগুলো আনন্দ টেডার্স এর ফেরত বইতে লিপিবদ্ধ Ki"b এবং খতিয়ানের সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তরিত করে দেখান :

১৯৯৬

মে ৬ কুমিল্লার মেসার্স রেজা এণ্ড সন্স-কে নিম্নমানের জন্য ৪৫০ টাকা দরে ২০ মণ চাল ফেরত দেয়া হল। কারবারী বাট্টা ৮%। ডেবিট নোট নং ৯৬।

” ১৭ নমুনা মাফিক না হওয়ায় রাজশাহীর রাত্রি টেডার্স-কে ৩৮০ টাকা দরে ৪০ মণ চাল ফেরত দেয়া হল। ডেবিট নোট নং ৯৭।

” ২২ অতিরিক্ত সরবরাহ করার কারণে টাঙ্গাইলের জীবন স্টোর-কে ৪১০ টাকা দরে ৩০ মণ চাল ফেরত দেয়া হল। কারবারী বাট্টা ১০%। ডেবিট নোট নং ৯৮।

আনন্দ ট্রেডার্স

ক্রয় ফেরত বই

তারিখ	বিবরণ	ডেবিট নোট নং	খ. পূ.	টাকার বিশদ বিবরণ	টাকার পরিমাণ
১৯৯৬ মে ৬	মেসার্স রেজা এন্ড সন্স, কুমিল্লা প্রতিমণ ৪৫০ টাকা হারে ২০ মণ নিম্মানের চাল বাদ : কারবারী বাট্টা (৮%)	৯৬		৯,০০০ ৭২০	৮,২৮০
" ১৭	রাত্রি ট্রেডার্স, রাজশাহী প্রতিমণ ৩৮০ টাকা হারে ৪০ মণ নমুনা বহির্ভূত চাল	৯৭			
" ২২	জীবন স্টোর, টাঙ্গাইল প্রতিমণ ৪১০ টাকা হারে ৩০ মণ অতিরিক্ত সরবরাহকৃত চাল বাদ : কারবারী বাট্টা (১০%)	৯৮		১২,৩০০ ১,২৩০	১৫,২০০
				মোট	১১,০৭০
					৩৪,৫৫০

জাবেদা

১৯৯৬ মে ৩১	বিবিধ পাওনাদার হিসাব ক্রয় ফেরত হিসাব			৩৪,৫৫০	৩৪,৫৫০
---------------	--	--	--	--------	--------

আনন্দ ট্রেডার্স খতিয়ান
ক্রয় ফেরত হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
				১৯৯৬ মার্চ ৩১	বিবিধ দেনাদার হি.		৩৪,৫৫০

রেজা এণ্ড সন্স হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৬ মে ৬	ক্রয় ফেরত হিসাব		৮,২৮০				

রাব্রি টেডার্স হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৬ মে ১৭	ক্রয় ফেরত হিসাব		১৫,২০০				

জীবন স্টোর হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৬ মে ২২	ক্রয় ফেরত হিসাব		১১,০৭০				

সমাধানের আলোচনা :

ক্রয় ফেরত বই ক্রয় বইয়ের মতই লিখতে হয়। তবে এক্ষেত্রে বিবরণের ঘরে পণ্য ফেরত দেয়ার কারণ উল্লেখ করতে হয়।

বিক্রয় ফেরত বই :

ধারে বিক্রয়কৃত পণ্য কোনো কারণে ফেরত আসলে যে বইতে প্রাথমিকভাবে লিপিবদ্ধ করা হয় তাকে বিক্রয় ফেরত বই বলে। নগদ বিক্রয়কৃত পণ্য ফেরত আসলে তা এই বইতে লিপিবদ্ধ হবে না।

বিক্রয় ফেরত বই-র নমুনা :

বিক্রয় ফেরত বই-র নমুনা বিক্রয় বই-র মতই। তবে বিক্রয় বই-র 'চালান নং' ঘরের বদলে 'ক্রেডিট নোট নং' ঘর হবে।

ক্রেডিট নোট :

ক্রেতা বা বিক্রেতা অপরপক্ষের হিসাব 'ক্রেডিট' করা সংক্রান্ত যে নোট পাঠায় তাকে ক্রেডিট নোট বলে।

বিক্রয় ফেরত বই লেখার নিয়ম :

একটি উদাহরণের মাধ্যমে আমরা বিক্রয় ফেরত বই লেখার নিয়ম জানব।

উদাহরণ :

নিম্নলিখিত লেনদেনগুলো সমতট ট্রেডার্সের বিক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ Ki"b এবং সংশ্লিষ্ট খতিয়ান হিসাবে দেখান।

১৯৯৬

জুন ৫ নিম্নমানের জন্য বগুড়ার আহমদ ব্রাদার্স থেকে ১৫০ গজ শার্টের কাপড় ফেরত পাওয়া গেল। প্রতিগজ ৪০ টাকা। কারবারী বাট্টা ১০%। ক্রেডিট নোট নং ৫৬।

" ১৮ বাগেরহাটের বিমল বিতান থেকে ২৫টি শাড়ি রং পাকা না হওয়ার কারণে ফেরত পাওয়া গেল, প্রতিটি ২৩০ টাকা। ক্রেডিট নোট নং ৪৩।

” ২৫ ঢাকার তৌহিদ বস্ত্র বিতানের কাছ থেকে ৫০টি গেঞ্জি সাইজ না মিলবার কারণে ফেরত পাওয়া গেল। প্রতিটি ২৫ টাকা। কারবারী বাট্টা ৮%। ক্রেডিট নোট নং ৬১।

সমতট ড্রেডার্স

বিক্রয় ফেরত বই

তারিখ	বিবরণ	ক্রেডিট নোট নং	খ. পূ.	টাকার বিশদ বিবরণ	টাকার পরিমাণ
১৯৯৬ জুন ৬	আহমদ ব্রাদার্স, বগুড়া ১৫০ গজ শার্টের কাপড়, প্রতিগজ ৪০ টাকা হারে (কারণ : নিম্নমান) বাদ : কারবারী বাট্টা (১০%)	৫৬		৬,০০০ ৬০০	৫,৪০০
” ১৮	বিমল বিতান, বাগের হাট ২৫ টি শাড়ি, প্রতিটি ২৩০ টাকা (কারণ : কাঁচা রং)	৪৩			৫,৭৫০
” ২৫	তৌহিদ বস্ত্র বিতান, ঢাকা ৫০ টি গেঞ্জি, প্রতিটি ২৫ টাকা (কারণ : নমুনায় না মেলা) বাদ : কারবারী বাট্টা (৮%)	৬১		১,২৫০ ১০০	১১৫০
				মোট	১২,৩০০

জাবেদা দাখিলা

তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৬ জুন ৩০	বিক্রয় ফেরত হিসাব বিবিধ দেনাদার হিসাব		১২,৩০০	১২,৩০০

ওপেন স্কুল

সমতট-এর খতিয়ান

ডেটর				ক্রেডিটর			
বিক্রয় ফেরত হিসাব							
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ জুন ৬	বিবিধ দেনাদার হিসাব		১২,৩০০				

আহমদ ব্রাদার্স হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
				১৯৯৬ জুন ৫	বিক্রয় ফেরত হিসাব		৫,৪০০

বিমল বিতান হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
				১৯৯৬ জুন ১৮	বিক্রয় ফেরত হিসাব		৫,৭৫০

তৌহিদ বন্ধ বিতান হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
				১৯৯৬ জুন ২৫	বিক্রয় ফেরত হিসাব		১,১৫০

--	--	--	--	--	--	--	--

সার সংক্ষেপ

- ধারে ক্রয়কৃত পণ্য ফেরত দেয়া হলে তা ক্রয় ফেরত বইতে এবং ধারে বিক্রয়কৃত পণ্য ফেরত পাওয়া গেলে তা বিক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ করা হয়।
- ক্রেতা বা বিক্রেতা যে নোটের মাধ্যমে অপর পক্ষের হিসাবকে ডেবিট করে তাকে ডেবিট নোট বলে।
- ক্রেতা বা বিক্রেতা যে নোটের মাধ্যমে অপর পক্ষের হিসাবকে ক্রেডিট করে তাকে ক্রেডিট নোট বলে।

পাঠোত্তর গজ "vqb : ৫.২



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ক্রয় ফেরত বইয়ের ঘরের সংখ্যা কয়টি?
ক. ৪টি
খ. ৬টি
গ. ৫টি
ঘ. ৮টি
- ডেবিট নোট
ক. ক্রেতা বিক্রেতার কাছে পাঠায়
খ. বিক্রেতা ক্রেতার কাছে পাঠায়
গ. ক্রেতা বা বিক্রেতা যে কেউই অপরপক্ষের কাছে পাঠাতে পারে
ঘ. ক্রেতা বা বিক্রেতা কেউই পাঠায় না।
- কোন ধরনের ফেরত ক্রয় ফেরত বইতে লিপিবদ্ধ হবে না?
ক. আহসানের কাছ থেকে ধারে পণ্য ক্রয় এবং ফেরত প্রদান।
খ. অপলার কাছ থেকে নগদে পণ্য ক্রয় এবং ফেরত প্রদান।
গ. জনৈক ব্যক্তির কাছ থেকে ধারে পণ্য ক্রয় এবং ফেরত প্রদান।
ঘ. সোনালী ট্রেডার্স-এর কাছ থেকে ধারে পণ্য ক্রয় এবং ফেরত প্রদান।
- আমানপুর বিতানের কাছ থেকে নিম্নমানের কারণে ৪০ টাকা দরে ২০০ গজ কাপড় পাওয়া গেল। কারবারী বাটা ১০%। বিক্রয় ফেরতের পরিমাণ কত হবে?
ক. ৮,০০০ টাকা
খ. ৮,৮০০ টাকা
গ. ৮,৬০০ টাকা
ঘ. ৭,২০০ টাকা।

পাঠ-৩ নগদান বই ও সাধারণ জাবেদা

উদ্দেশ্য

- ◆ সাধারণ জাবেদার সংজ্ঞা বলতে পারবে।

বিষয়বস্তু



নগদান বই :

নগদ আদান এবং প্রদান সংক্রান্ত লেনদেন সরাসরি 'নগদান বই'তে লিপিবদ্ধ করা হয়। নগদান বই সংক্রান্ত বিস্তারিত আলোচনা ইউনিট ৭-এ করা হয়েছে।

সাধারণ জাবেদা :

আমরা জানি, যে ধরনের লেনদেন নিয়মিত ঘটে থাকে তার ভিত্তিতেই জাবেদার শ্রেণীবিভাগ ঘটে থাকে, এবং এক শ্রেণীর জাবেদা বইতে অন্য শ্রেণীর জাবেদা লিপিবদ্ধ করা যায় না। যেমন : ধারে ক্রয় সংক্রান্ত লেনদেন বিক্রয় বইতে লিপিবদ্ধ করা যায় না। একটি প্রতিষ্ঠানে নিয়মিত (বা একই ধরনের) লেনদেন ছাড়াও এমন ধরনের কিছু লেনদেন ঘটে থাকে যা সারা বছরে মাত্র কিছু সংখ্যক বার ঘটেতে পারে। এইসব অনিয়মিত লেনদেনগুলোর জন্য আলাদা আলাদা জাবেদা বই সংরক্ষণ না করে একটি মাত্র জাবেদা বই সংরক্ষণ করা হয়। এই জাবেদা বইকে 'প্রকৃত জাবেদা' বা 'সাধারণ জাবেদা' বলে। এই জাবেদায় বিশেষ প্রকৃতির লেনদেনগুলো তারিখের ক্রমানুসারে ব্যাখ্যাসহ লিপিবদ্ধ করা হয়।

পাঠ সংক্ষেপ

কিছু অনিয়মিত ধরনের লেনদেন যে জাবেদা বইতে লিপিবদ্ধ করা হয় তাকে প্রকৃত জাবেদা বা সাধারণ জাবেদা বলে।

পাঠোত্তর গ্জ 'vqcb : ৫.৩



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- সাধারণ জাবেদা বলতে বুঝি—
 - ক. কিছু নিয়মিত ধরণের লেন-দেন লিপিবদ্ধ করাকে
 - খ. কিছু অনিয়মিত ধরণের লেন-দেন লিপিবদ্ধ করাকে
 - গ. নিয়মিত ও অনিয়মিত উভয় ধরণের লেন-দেন লিপিবদ্ধ করাকে
 - ঘ. উপরের কোনোটিই নয়।



উত্তরমালা

পাঠোত্তর গ্জ ি'vqb : ৫.১

১. গ ; ২. খ ; ৩. গ ; ৪. ঘ ; ৫. ক।

পাঠোত্তর গ্জ ি'vqb : ৫.২

১. খ ; ২. গ ; ৩. খ ; ৪. ঘ

পাঠোত্তর গ্জ ি'vqb : ৫.৩

১. খ

i Pbvqj K Abjxj bx

1. Rvte`vi tkYwefw³ tKb Kiv nq?
2. Rvte`vi tkYwefw³ wk#mi Dci wbfPkj ?
3. Rvte`vi tkYwefw³ Ki "b |
4. μq eB tKb i vLv nq? μq eBtqi GKwU QK G#K t` Lvb | tKvb ai tbi μq 0μq eB0 tZ i vLv nq bv?
5. weμq eB tKb i vLv nq? tKvb ai tbi weμq 0weμq eB0 tZ wj wce× Kiv nq bv? weμq eBtqi GKwU QK G#K t` Lvb |
6. μq eB Rvte`v bwiK LwZqvb? Avtj vPbv Ki "b |
7. μq tdi Z eB tKb i vLv nq? tKvb ai tbi μq tdi Z GB eBtZ wj wce× nq bv? μq tdi Z eBtqi GKwU bgbv G#K t` Lvb |
8. weμq tdi Z eB tKb i vLv nq? tKvb ai tbi weμq tdi Z GB eBtZ wj wce× nq bv? weμq tdi Z eBtqi GKwU bgbv G#K t` Lvb |
9. tWweU tbiU I tμwU tbiU wk?
১০. bM`vb eB I mvavi Y Rvte`v tKb i vLv nq?

সমস্যামূলক অনুশীলনী

১১। খুকবি আঁজি এনি ১৯৯৬ নব্বইটি গুণগুণিতক অঙ্কিত ত্রিভুজের মূলদৈর্ঘ্য :
১৯৯৬

গুণগুণিতক ৯ খুকবি চক্রের মূলদৈর্ঘ্য ত্রিভুজের ক্রম ১২০ উকবি নব্বইটি ৩০ ক্রমের আয়তক আঁজি এনি
μq | কবিএক্স এর ১৫% | ক্রমের Y I চক্রের LiP ১০০ উকবি | পৃষ্ঠা ১০৯ |

০০ ১৮ P/E মূল্যের আঁজি চক্রের ত্রিভুজের ক্রম ৪০ উকবি ত্রিভুজের ৪০ ক্রমের গুণগুণিতক
মূলদৈর্ঘ্যের μq | কবিএক্স এর ২০% | ক্রমের Y I চক্রের LiP ১৫০ উকবি |
পৃষ্ঠা ১১০ |

০০ ২৩ খুকবি মূলদৈর্ঘ্যের মূলদৈর্ঘ্য ত্রিভুজের ক্রম ১৭০ উকবি ত্রিভুজের ১০০ ক্রমের উকবিএক্স চক্রের
μq | কবিএক্স এর ১৫% | পৃষ্ঠা ১৪৭ |

Dctv³ ত্রিভুজের আঁজি এনি μq এটই উক্সের কি"ব Ges মূলদৈর্ঘ্যের LwZqv²
উক্সের কি"ব |


১২। Rbve গুণগুণিতক ইংরেজি মূলদৈর্ঘ্যের ত্রিভুজের Zvi উক্সের এটই উক্সের কি"ব
Ges মূলদৈর্ঘ্যের ব্রহ্মের Z কি"ব |

১৯৯৬

Rj vB cvebri Avng` GU tkvs-i wkU উক্সের :
ক্রমের WRb ১৯৫ উকবি ক্রমের ২৫ WRb ত্রিভুজের μxg ; ক্রমের ৪৫ উকবি নব্বইটি ৩০ উকবি
ক্রমের ত্রিভুজের | কবিএক্স এর ১০% | চক্রের LiP ২০০ উকবি | পৃষ্ঠা ১১ |

০০ ১৩ tdbxi bvtmi tUWm⁹i wkU উক্সের :
ক্রমের WRb ২১০ উকবি নব্বইটি ২৫ WRb উক্সের ; ক্রমের ১২ উকবি নব্বইটি ৫ WRb
মূলদৈর্ঘ্যের | কবিএক্স এর ১৫% | চক্রের I ক্রমের Y LiP ৩০০ উকবি | পৃষ্ঠা ১৬ |

০০ ২৫ Rvgvj cfi i wi kvZ tUWm⁹i wkU উক্সের :
ক্রমের tKwR ৩৫ উকবি নব্বইটি ৪৫ tKwR ক্রমের ক্রমের মূলদৈর্ঘ্যের | কবিএক্স এর ৮% | পৃষ্ঠা
১৫১ |



এ ইউনিটে রয়েছে

- ৬.১ : সংজ্ঞা, গুরুত্ব, সুবিধা এবং নমুনা
- ৬.২ : জাবেদা এবং খতিয়ানের নমুনা ও পার্থক্য
- ৬.৩ : খতিয়ানভুক্তকরণ, ব্যালেন্সিং ও তাৎপর্য
- ৬.৪ : খতিয়ানের উদাহরণ



লেন-দেনগুলো প্রাথমিক পর্যায়ে জাবেদায় লিপিবদ্ধ করা হয়। কিন্তু জাবেদা থেকে প্রতিষ্ঠানের কিছু গুণ তুপূর্ণ তথ্য নির্ণয় করা সম্ভব হয় না। খতিয়ান থেকে বেশ কিছু অতিরিক্ত সুবিধা পাওয়া যায়। এ কারণেই চূড়ান্ত পর্যায়ে খতিয়ানে লেন-দেন লিপিবদ্ধ করা হয়।


পাঠ-১ সংজ্ঞা, গুরুত্ব, সুবিধা এবং নমুনা

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ খতিয়ানের গুণ তু ব্যাখ্যা করতে পারবেন।
- ◆ খতিয়ানের সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ খতিয়ানের সুবিধা বর্ণনা করতে পারবেন।
- ◆ খতিয়ানের ছক আঁকতে পারবেন।

বিষয়বস্তু



খতিয়ানের গুরুত্ব ও সংজ্ঞা

আমরা জানি, লেনদেন সংঘটিত হওয়ার পর তা জাবেদায় লিপিবদ্ধ করা হয়। জাবেদায় এই লিপিবদ্ধকরণকে প্রাথমিক পর্যায়ের লিপিবদ্ধকরণ বলা হয়। হিসাবরক্ষণের একটি নির্দিষ্ট উদ্দেশ্য রয়েছে। তা হল- একটি নির্দিষ্ট সময়ে কারবারের আর্থিক ফলাফল কি তা জানা। শুধুমাত্র জাবেদার মাধ্যমে তা জানা সম্ভব হয় না। এ ধরনের ফলাফল জানবার জন্য লিপিবদ্ধ করণের সময় কিছু

বিশেষ কৌশলের প্রয়োজন হয়। খতিয়ানের মাধ্যমে এই কৌশল অবলম্বন করা হয়। ধরা যাক, যদি আমরা জানতে চাই একটি ব্যবসা প্রতিষ্ঠানে মে মাসে বেতন বাবদ কত খরচ হল তাহলে জাবেদার মাধ্যমে তা জানা সম্ভব নয়, কারণ জাবেদাতে লেনদেনগুলো তারিখ অনুযায়ী এবং সব ধরনের লেনদেন একই সাথে লিপিবদ্ধ করা হয়। সুতরাং শিরোনাম অনুযায়ী (যেমন বেতন খরচ, নগদান প্রভৃতি) তথ্য অনেক সময় খুব Ri`iii হয়ে পড়ে। বিশেষ করে কারবারের লাভ নির্ণয় করতে হলে 'বিক্রয়' ও 'ক্রয়ের পরিমাণ জানা প্রয়োজন। যদি শিরোনাম অনুযায়ী তথ্য লিপিবদ্ধ করা না হয় তাহলে নির্দিষ্ট সময় শেষে জাবেদা বই থেকে 'মোট ক্রয়' ও 'মোট বিক্রয়ের' পরিমাণ বের করা খুব সময় সাপেক্ষ এবং জটিল ব্যাপার হয়ে দাঁড়ায়। এ কারণেই লেনদেন জাবেদাতে লিপিবদ্ধ করার পর শিরোনাম অনুযায়ী 'হিসাবে' লিপিবদ্ধ করা হয় (ইউনিট ৩, পাঠ ১)।

একটি ব্যবসায় প্রতিষ্ঠান তার নিজের প্রয়োজনমত হিসাবের সংখ্যা সৃষ্টি করতে পারে, যেমন : ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, নগদান হিসাব, আসবাবপত্র হিসাব, ইত্যাদি। এই সংখ্যা দশটিও হতে পারে, একহাজার বা তার বেশিও হতে পারে। হিসাবের সংখ্যা যাই হোক খুঁজে বের করার সুবিধার জন্য হিসাবগুলোকে একসাথে এবং বিশেষভাবে শ্রেণীবদ্ধ করে রাখা হয়। সুতরাং বলা যায়, বিভিন্ন ধরনের হিসাবকে যেখানে একত্রিত এবং শ্রেণীবদ্ধ করে রাখা হয় তাকে খতিয়ান বলে। (এখানে উল্লেখ্য, খতিয়ান বলতে অনেকে শুধুমাত্র বাঁধানো খাতাকে বুঝে থাকেন, কিন্তু বাস্তবে বাঁধানো খাতা ছাড়াও আলগা পাতা, কার্ড, K#uDUvi ডিস্ক প্রভৃতিকেও খতিয়ান হিসেবে ব্যবহার করা হয়)।

খতিয়ানের সুবিধা :

খতিয়ানের সুবিধাগুলো নিচে আলোচিত হল :

১. দু'তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী রক্ষণ করা হয় বলে খতিয়ান নির্ভরযোগ্য।
২. হিসাবের শিরোনাম অনুযায়ী তথ্য রাখা হয় বলে যে কোনো সময় আয়-ব্যয়, দেনা-পাওনা প্রভৃতি সম্বন্ধে জানা যায়।
৩. খতিয়ানের সাহায্যে নির্দিষ্ট সময়ে কারবারের চূড়ান্ত আর্থিক ফলাফল নির্ণয় করা যায়।
৪. খতিয়ানে তথ্য রক্ষণ করার কারণে পরবর্তীতে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়।
৫. খতিয়ান থেকে প্রাপ্ত তথ্যের সাহায্যে বিভিন্ন জা`iii সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়।

খতিয়ানের নমুনা :

খতিয়ান মূলত অনেকগুলো হিসাবের শ্রেণীবদ্ধ সমষ্টি। অর্থাৎ অনেকগুলো হিসাব মিলেই খতিয়ান। সুতরাং হিসাবের নমুনাই মূলত খতিয়ানের নমুনা। খতিয়ানে প্রতিটি হিসাবকে প্রধানত দুইভাগে ভাগ করা হয়- বাম দিকটি 'ডেটর' ও ডান দিকটি 'ক্রেডিটর'। অতঃপর প্রতিটি ভাগকে আবার চারটি ভাগে ভাগ করা হয় যেমন : তারিখ, বিবরণ, জাবেদা পৃষ্ঠা ও টাকার পরিমাণ। প্রত্যেক শ্রেণীর হিসাবের ক্ষেত্রে একই কাঠামো ব্যবহার করা হয়। নিচে খতিয়ানের নমুনা দেয়া হল :

খতিয়ান		
ডেটর	মূলধন হিসাব	ক্রেডিটর

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

ডেটর		যন্ত্রপাতি হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

ডেটর		ক্রয় হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

পাঠ সংক্ষেপ

- যেখানে কারবার প্রতিষ্ঠানের হিসাবগুলোকে একত্রিত ও শ্রেণীবদ্ধ করে রাখা হয় তাকে খতিয়ান বলে।
- খতিয়ানের সাহায্যে কারবারের বিভিন্ন ধরনের আর্থিক তথ্য জানা সম্ভব।
- খতিয়ানের সাহায্যে কারবারের চূড়ান্ত আর্থিক ফলাফল নির্ণয় করা যায়।

পাঠোত্তর গ্জ িব্ : ৬.১



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন ।

- ১। একটি ব্যবসা প্রতিষ্ঠানে হিসাবের মোট সংখ্যা
ক) একটি
খ) দশটি
গ) একশতটি
ঘ) প্রয়োজনের উপর নির্ভরশীল
- ২। খতিয়ান হে"0
ক) জাবেদার সমষ্টি
খ) নগদ লেনদেন স্থানান্তরিত করার বই
গ) হিসাব শ্রেণীবদ্ধ করে রাখার ব্যবস্থা
ঘ) ক্রয় ও বিক্রয় সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করার বই
- ৩। নিচের কোনটি খতিয়ানের সুবিধা নয়?
ক) দু'তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী রক্ষণ করা হয় বলে খতিয়ান নির্ভরযোগ্য
খ) খতিয়ানের সাহায্যে নির্দিষ্ট সময়ে কারবারের চূড়ান্ত আর্থিক ফলাফল নির্ণয় করা যায়
গ) একটি নির্দিষ্ট তারিখে মোট লেনদেনের সংখ্যা খতিয়ানের মাধ্যমে খুব সহজেই জানা যায়
ঘ) খতিয়ানের মাধ্যমে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায় ।
- ৪। খতিয়ানের কাঠামোয় কলামের সংখ্যা সর্বমোট কয়টি?
ক) ৪ টি
খ) ৬ টি
গ) ৮ টি
ঘ) ১০ টি

পাঠ-২ জাবেদা এবং খতিয়ানের নমুনা ও পার্থক্য

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ জাবেদা ও খতিয়ানের সম্পর্ক ও পার্থক্য সম্বন্ধে বলতে পারবেন।

বিষয়বস্তু



জাবেদা ও খতিয়ানের সম্পর্ক

জাবেদা ও খতিয়ান পর াঁি ঘনিষ্ঠভাবে মমূকযুক্ত। কারণ লেনদেন সংঘটিত হবার পর তা প্রথমে জাবেদায় এবং দ্বিতীয় পর্যায়ে খতিয়ানে লিপিবদ্ধ করা হয়। পরবর্তীতে খতিয়ান থেকেই কারবারের চূড়ান্ত আর্থিক ফলাফল যেমন : লাভ-ক্ষতি, দায়-দেনা নিরূপন করা হয়। অবশ্য লেনদেন জাবেদায় লিপিবদ্ধ না করে অর্থাৎ সরাসরি খতিয়ানে লিপিবদ্ধ করেও কারবারের চূড়ান্ত ফলাফল নির্ণয় করা যায় কিন্তু এক্ষেত্রে পরবর্তীতে লেনদেনের ভুল-টি সহজে উদঘাটন করা যায় না, কারণ খতিয়ানে লেনদেনকে সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করা হয়। তাই, কারবার প্রতিষ্ঠানগুলি জাবেদা ও খতিয়ান উভয় বই-ই গুাঁ তৈর সাথে সংরক্ষণ করে থাকে। দুরতরফা দাখিলা পদ্ধতিতে জাবেদা ও খতিয়ান হিসাবচক্রের দুটি পৃথক স্তর, কিন্তু কাজের প্রকৃতির জন্য এরা Ci াঁি নির্ভরশীল ও সহযোগী।

জাবেদা ও খতিয়ানের মধ্যে পার্থক্য :

জাবেদা ও খতিয়ান হিসাবরক্ষণের কাজে Ci াঁি নির্ভরশীল হলেও এদের ভিতর my াঁি পার্থক্য রয়েছে। নিচে জাবেদা ও খতিয়ানের গুাঁ ত্বপূর্ণ পার্থক্যগুলো আলোচনা করা হল :

নং	পার্থক্যের বিষয়	জাবেদা	খতিয়ান
১.	সংজ্ঞা	লেনদেন ঘটে যাবার পর তারিখ অনুযায়ী, ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করে, সংক্ষিপ্ত ব্যাখ্যাসহ লিপিবদ্ধ করাকে জাবেদা বলে।	জাবেদাভুক্ত লেনদেনগুলোকে যেখানে হিসাবখাত অনুযায়ী পৃথক পৃথক শিরোনামে লিপিবদ্ধ করা হয় তাকে খতিয়ান বলে।
২.	উৎস	লেনদেন থেকে জাবেদায় লিপিবদ্ধ করা হয়। অর্থাৎ জাবেদার উৎস লেনদেন।	খতিয়ানের উৎস জাবেদা, কারণ জাবেদা থেকেই খতিয়ানে হিসাবরক্ষণ করা হয়।
৩.	হিসাব বইয়ের প্রকৃতি	লেনদেন সর্বপ্রথমে লেখা হয় বলে জাবেদাকে প্রাথমিক হিসাবের বই বলা হয়।	খতিয়ানকে চূড়ান্ত বই বলা হয় কারণ পরবর্তীতে অন্য কোনো বইতে হিসাবরক্ষণ করা হয় না।
৪.	হিসাবরক্ষণের	এখানে মূলত তারিখের	এখানে মূলত হিসাবের শিরোনাম

	মূল পদ্ধতি	ক্রমানুযায়ী এবং ডেবিট ক্রেডিট বিশ্লেষণ করে লিপিবদ্ধ করা হয়।	অনুযায়ী এবং ডেবিট ক্রেডিট অনুযায়ী লিপিবদ্ধ করা হয়।
৫.	কাঠামোর বিভক্তি	জাবেদার কাঠামো পাঁচ ভাগে বিভক্ত।	খতিয়ানের প্রতিটি হিসাব প্রথমে ডেবিট ও ক্রেডিট দুই ভাগে ভাগ করা হয়, তারপর প্রতিটি অংশকে আবার চারভাগে ভাগ করা হয়।
৬.	জের টানা	জাবেদার জেরটানা যায় না।	খতিয়ানভুক্ত হিসাবের জের টানা বাধ্যতামূলক।
৭.	গাণিতিক বিশুদ্ধতা যাচাই	জাবেদার গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায় না।	রেওয়ামিলের সাহায্যে খতিয়ানের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়।
৮.	প্রয়োজনীয়তা	জাবেদা না হলেও চলে।	খতিয়ান বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করতে হয়।
৯.	চূড়ান্ত হিসাব	জাবেদা থেকে সরাসরি কারবারের চূড়ান্ত ফলাফল নির্ণয় করা যায় না।	খতিয়ান থেকে সহজেই কারবারের চূড়ান্ত ফলাফল নির্ণয় করা যায়।

নিচে জাবেদা ও খতিয়ানের নমুনা দেয়া হল :

জাবেদা

তারিখ	বিবরণ	খ. পূ.	ডেটর (টাকা)	ক্রেডিটর (টাকা)

খতিয়ান

ডেটর		মূলধন হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

নগদান হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

ক্রয় হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

পাঠ সংক্ষেপ

- জাবেদা ও খতিয়ান ci - úi নির্ভরশীল ও সহযোগী।
- জাবেদা ও খতিয়ানের মধ্যে কাঠামোগত এবং প্রয়োগগত পার্থক্য রয়েছে। জাবেদা প্রাথমিক পর্যায়ের বই। এতে বিস্তারিতভাবে লেনদেন তারিখ অনুযায়ী লিপিবদ্ধ করা হয়। জাবেদার জের টানা যায় না এবং এর থেকে চূড়ান্ত হিসাবও জানা যায় না। অপরদিকে খতিয়ান চূড়ান্ত পর্যায়ের বই। এতে লেনদেন সংক্ষিপ্তভাবে শিরোনাম অনুযায়ী লিপিবদ্ধ করা হয়। কারবারের চূড়ান্ত ফলাফল খতিয়ান থেকে জানা সম্ভব।

পাঠোত্তর gj "vqb : ৬.২



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। চূড়ান্ত আর্থিক ফলাফল নির্ণয় করা হয় –
- | | |
|---------------------|-------------------------------------|
| ক) জাবেদা থেকে | খ) খতিয়ান থেকে |
| গ) নগদান হিসাব থেকে | ঘ) ক্রয় হিসাব ও বিক্রয় হিসাব থেকে |

- ২। নিচের কোনটি জাবেদা ও খতিয়ানের পার্থক্যের কারণ নয়?
- ক) তারিখ অনুযায়ী লিপিবদ্ধকরণ
খ) হিসাবের শ্রেণী অনুযায়ী লিপিবদ্ধকরণ
গ) লেনদেনের ডেবিট ও ক্রেডিট বিভাজন
ঘ) জের টানা
- ৩। নিচের কোনটি জাবেদার ক্ষেত্রে সম্ভব নয়?
- ক) গাণিতিক বিশুদ্ধতা যাচাই খ) ডেবিট ক্রেডিট বিশ্লেষণ
গ) নির্দিষ্ট কাঠামোয় লিপিবদ্ধকরণ ঘ) তারিখে অনুযায়ী লিপিবদ্ধকরণ
- ৪। নিচের কোনটি খতিয়ানের ক্ষেত্রে সম্ভব নয়?
- ক) জের টানা
খ) প্রধানত হিসাবের শ্রেণী অনুযায়ী লিপিবদ্ধকরণ
গ) প্রধানত তারিখ অনুযায়ী লিপিবদ্ধকরণ
ঘ) গাণিতিক বিশুদ্ধতা যাচাই

পাঠ-৩ খতিয়ানভুক্তকরণ, ব্যালেন্সিং ও তাৎপর্য

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ জাবেদাকে খতিয়ানভুক্ত করতে পারবেন।
- ◆ হিসাবের জের টানতে পারবেন।
- ◆ বিভিন্ন ধরনের ব্যালেন্স সম্বন্ধে বলতে পারবেন।
- ◆ বিভিন্ন হিসাবের ব্যালেন্সের তাৎপর্য বিশ্লেষণ করতে পারবেন।

বিষয়বস্তু



জাবেদা থেকে লেনদেনগুলোকে খতিয়ানে স্থানান্তরিত করার কাজকে খতিয়ানভুক্তকরণ বা (posting) বলা হয়। লেনদেন যখন জাবেদায় লিপিবদ্ধ করা হয় তখন ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করে লিপিবদ্ধ করা হয় এবং প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করা হয়। ফলে জাবেদা থেকে খতিয়ানে স্থানান্তরকরণ সহজ ও সংক্ষিপ্ত হয়ে যায়।

খতিয়ানভুক্তকরণ বুঝবার সুবিধার জন্য আমরা ইউনিট ৪, পাঠ ৩-এ উল্লিখিত খান ট্রেডার্স-এর লেনদেনগুলো গ্রহণ করছি। খান ট্রেডার্স-এর লেনদেনগুলো নিম্নরূপ ছিল :

জানুয়ারি ৫, ১৯৯৫	রহমান সাহেবকে নগদে ৫,০০০ টাকা দেয়া হল।
জানুয়ারি ৭, ১৯৯৫	নগদে আসবাবপত্র কেনা হল ১০,০০০ টাকায়।
জানুয়ারি ১০, ১৯৯৫	বেতন খরচ দেয়া হল ৩,০০০ টাকা।

ওপেন স্কুল

খান ট্রেডার্স-এর জাবেদা নিম্নরূপ ছিল :

খান ট্রেডার্স-এর জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানুয়ারি ৫	রহমান হিসাব নগদান হিসাব (যেহেতু রহমানের পাওনা পরিশোধ করা হল)		৫,০০০	৫,০০০
জানু. ৭	আসবাবপত্র হিসাব নগদান হিসাব (যেহেতু নগদে আসবাবপত্র কেনা হল)		১০,০০০	১০,০০০
জানু. ১০	বেতন খরচ হিসাব নগদান হিসাব (যেহেতু বেতন প্রদান করা হল)		৩,০০০	৩,০০০

এখন আমরা পরবর্তী পদক্ষেপ অনুযায়ী জাবেদাগুলো খতিয়ানভুক্ত করব :

১। প্রথমে আমরা খান-ট্রেডার্সের প্রথম জাবেদাটি খতিয়ানে স্থানান্তরিত করব। প্রথম জাবেদায় যতগুলো হিসাব রয়েছে খতিয়ানে ঠিক ততগুলো হিসাব খুলব। যেমন :

খান ট্রেডার্স-এর খতিয়ান
রহমান হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

নগদান হিসাব

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা

২। জাবেদায় যেটি ডেবিট হিসাব খতিয়ানে সেই হিসাবের ডেবিট দিকে ক্রেডিট হিসাবটির নাম লিখে তারিখ ও টাকার অংশ বসাতে হবে। কোনো ব্যাখ্যা দেয়ার প্রয়োজন নেই। যেমন :

জাবেদা				
তারিখ	বিবরণ	খ. পূ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১৯৯৫ জানুয়ারি ৫	রহমান হিসাব নগদান হিসাব		৫,০০০	৫,০০০

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৫ জানু. ৫	নগদান হিসাব		৫,০০০				

ডেটর				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
				১৯৯৫ জানু. ৫	রহমান হিসাব		৫,০০০

* শুধুমাত্র বুঝবার সুবিধার জন্য তীর চিহ্ন দিয়ে দেখানো হয়েছে। অনুশীলন করার সময় আপনারা তীর চিহ্ন ব্যবহার করবেন না।

৩। জাবেদায় যেটি ক্রেডিট হিসাব খতিয়ানে সেই হিসাবের ক্রেডিট দিকে ডেবিট হিসাবটির নাম লিখে তারিখ ও টাকার অংক বসাতে হবে। যেমন : জানুয়ারি ৫ তারিখের জাবেদায় ক্রেডিট হিসাব হবে '০ নগদান'। সুতরাং খতিয়ানের নগদান হিসাবের ক্রেডিট দিকে 'রহমান হিসাব' (ডেবিট হি:) বাবদ ৫,০০০ টাকা লেখা হল। (পূর্বোক্ত চিত্রটি দেখুন)

৪। ডেবিটের দিকে বিবরণের ঘরে 'টু' এবং ক্রেডিটের দিকে বিবরণের ঘরে 'বাই' শব্দ লেখা হয়। যেমন :

ডেটর				রহমান হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
	টু নগদান হি.		৫,০০০								

ডেটর				নগদান হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
					বাই রহমান হি.		৫,০০০				

তবে আধুনিক নিয়মানুযায়ী 'টু' এবং 'বাই' ব্যবহার করা হয় না।

৫। জানুয়ারি ৭, ১৯৯৫-র জাবেদাতে হিসাবের সংখ্যা দুটি। কিন্তু খতিয়ানে যেহেতু আগেই 'নগদান হিসাব' খোলা হয়েছে তাই নতুন করে 'নগদান হিসাব' খুলবার প্রয়োজন নেই। পুরনো হিসাবটিতেই Posting করা যাবে। তবে যেহেতু 'আসবাবপত্র হিসাব' পূর্বে খোলা হয়নি, তাই এই হিসাবটি খুলতে হবে।

৬। একইভাবে জানুয়ারি ১০-এর জাবেদা অনুযায়ী শুধুমাত্র 'বেতন খরচ হিসাব' খুলতে হবে।

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

৭। পদক্ষেপ ২ ও ৩ এর মত Posting করতে হবে, যেমন :

ডেটর				রহমান হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৫ জানু ৫	নগদান হি.		৫,০০০								
ডেটর				নগদান হি.				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
				১৯৯৫ জানু. ৫	রহমান হি.		৫,০০০				
				জানু. ৭	আসবাবপত্র হি.		১০,০০০				
				জানু. ১০	বেতন খরচ হি.		৩,০০০				
ডেটর				আসবাবপত্র হি.				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৫ জানু ৭	নগদান হি.		১০,০০০								
ডেটর				বেতন খরচ হি.				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৫ জানু ১০	নগদান হি.		৩,০০০								

ডেবিট করা ও ক্রেডিট করা

কোনো হিসাবের ডেবিট দিকে পোস্টিং করা হলে তাকে 'ডেবিট করা' বুঝায়। যেমন : রহমান হিসাবকে ডেবিট করা হল ৫,০০০ টাকা। এখানে বুঝতে হবে রহমান হিসাবের ডেবিট দিকে ৫,০০০ টাকা লেখা হয়েছে। একইভাবে কোনো হিসাবের ক্রেডিট দিকে পোস্টিং করা হলে তাকে 'ক্রেডিট করা' বুঝায়।

ব্যালেন্সিং (সমীকরণ বা জের টানা বা উদ্ধৃতকরণ)

একটি নির্দিষ্ট সময় শেষে খতিয়ানের প্রতিটি হিসাবের অবস্থান কি রূপ তা জানা যায় ব্যালেন্সিং বা জের টানার মাধ্যমে। অর্থাৎ কারবারের কাছে রহমান সাহেবের (বা অন্য যে কোনো ব্যক্তির) পাওনা বা দেনা কত, কারবারের নগদ টাকার পরিমাণ কত, ক্রয় বা বিক্রয়ের পরিমাণই বা কত এসব তথ্য ব্যালেন্সিং এর মাধ্যমে জানা সম্ভব। আমরা এখন কয়েকটি পদক্ষেপের মাধ্যমে জের টানা সম্বন্ধে আলোচনা করব।

জের টানার পদ্ধতি

- প্রথমে খতিয়ানের প্রতিটি হিসাবের ডেবিট ও ক্রেডিট দিকের যোগফল নির্ণয় করতে হবে। যদি উভয় দিকের যোগফল সমান হয় তাহলে সেই হিসাবটিকে 'সমতাপ্রাপ্ত হিসাব' বা Balanced Account বলা হয়।
- যদি উভয়দিকের সমষ্টি সমান না হয় তাহলে সমষ্টি দুটোর পার্থক্য বের করতে হবে। এই পার্থক্যটিই 'ব্যালেন্স' বা উদ্ধৃত বা জের। রহমান হিসাবের ক্ষেত্রে :

ডেবিট দিকের যোগফল	৫,০০০
ক্রেডিট দিকের যোগফল	০
ব্যালেন্স	৫,০০০

একই ভাবে নগদান হি., আসবাবপত্র হি., ও বেতন খরচ হিসাবের ব্যালেন্স বের Ki"b।

৩। হিসাবের যেদিকে সমষ্টির পরিমাণ কম সেদিকে 'ব্যালেন্স' বা উদ্ধৃতটি লিখতে হবে। বিবরণের ঘরে ব্যালেন্স সি/ডি (C/D বা Carried down) এবং তারিখের ঘরে খতিয়ানের সর্বশেষ তারিখ (এক্ষেত্রে জানুয়ারি ১০) লিখতে হবে। যেমন : রহমান হিসাবের ক্ষেত্রে :

ডেটর		রহমান হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৫ জানু ৫	নগদান হিসাব		৫,০০০	১৯৯৫ জানু ১০	ব্যালেন্স সি/ডি		৫,০০০

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

৪। এখন দুইদিকের সমষ্টি লিখে দুটি রেখা টেনে দিতে হবে। একে (closing) বা হিসাববদ্ধ করা বলা হয়। ব্যালেন্স সি/ডি যেকোনো থাকবে ঠিক তার উল্টাদিকের যোগফলের নিচে উক্ত ব্যালেন্সটি লিখতে হবে। এই ব্যালেন্সকে বলা হয় 'ব্যালেন্স বি/ডি'।

ডেটর				রহমান হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
১৯৯৫ জানু. ৫	নগদান হি.		৫,০০০	১৯৯৫ জানু ১০	ব্যালেন্স সি/ডি		৫,০০০				
			৫,০০০				৫,০০০				
জানু ১১	ব্যালেন্স বি/ডি		৫,০০০				৫,০০০				

৫। একইভাবে অন্যান্য হিসাবের জের টানুন।

ডেটর				আসবাবপত্র হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
১৯৯৫ জানু ৭	নগদান হি.		১০,০০০	১৯৯৫ জানু ১০	ব্যালেন্স সি/ডি		১০,০০০				
			১০,০০০				১০,০০০				
জানু ১১	ব্যালেন্স বি/ডি		১০,০০০				১০,০০০				

ডেটর				নগদান হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
১৯৯৫ জানু ১০	ব্যালেন্স সি/ডি		১৮,০০০	১৯৯৫ জানু. ৫	রহমান হি.		৫,০০০				
				জানু ৭	আসবাবপত্র হি.		১০,০০০				
				জানু ১০	বেতন খরচ হি.		৩,০০০				
			১৮,০০০				১৮,০০০				
				জানু ১১	ব্যালেন্স বি/ডি		১৮,০০০				

ডেটর		বেতন খরচ হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৫ জানু ১০	নগদান হি.		৩,০০০	১৯৯৫ জানু. ১০	ব্যালেন্স সি/ডি		৩,০০০
			৩,০০০				৩,০০০

* বেতন খরচ একটি নামিক হিসাব। নামিক হিসাবে প্রারম্ভিক ব্যালেন্স (ব্যালেন্স বি/ডি) দেখানোর প্রয়োজন নেই।

বিভিন্ন ধরনের ব্যালেন্স

ব্যালেন্স	একটি হিসাবের ডেবিট ও ক্রেডিট দিকের যোগফলের পার্থক্যকে উদ্ভূত বা ব্যালেন্স বলে।
ডেবিট ব্যালেন্স	যদি ডেবিট দিকের সমষ্টি ক্রেডিট দিকের সমষ্টি থেকে বেশি হয় তাহলে সেই অতিরিক্ত অংশকে (বা ব্যালেন্সকে) ডেবিট ব্যালেন্স বলে। যেমন : রহমান হিসাবের ব্যালেন্সটি ডেবিট ব্যালেন্স।
ক্রেডিট ব্যালেন্স	অপরদিকে ক্রেডিট দিকের সমষ্টি ডেবিট দিকের সমষ্টি থেকে বেশি হলে সেই উদ্ভূতকে ক্রেডিট ব্যালেন্স।
সমাপ্তি ব্যালেন্স	কোনো একটি নির্দিষ্ট সময় শেষে হিসাবের ডেবিট ও ক্রেডিট সমষ্টি সমান করার জন্য যে ব্যালেন্স নির্ণয় করা হয় তাকে সমাপ্তি ব্যালেন্স বলে। সমাপ্তি ব্যালেন্স লেখার সময় সি/ডি (C/D বা Carried down বা সি/এফ C/F বা Carried forward প্রভৃতি লেখা হয়।
প্রারম্ভিক ব্যালেন্স	পূর্ববর্তী সময়ের বা বছরের সমাপ্তি ব্যালেন্স নিয়ে বর্তমান সময়ে পুনরায় হিসাব ঞ্জি করা হলে সেই ব্যালেন্সকে প্রারম্ভিক ব্যালেন্স বলে। প্রারম্ভিক ব্যালেন্স লেখার সময় বি/ডি বা বি/এফ প্রভৃতি লেখা হয়। উল্লেখ, নামিক হিসাবে (বা আয়-ব্যয় হিসাবে) কখনও প্রারম্ভিক ব্যালেন্স থাকে না।

পাঠ সংক্ষেপ

- জাবেদা থেকে লেনদেনগুলো খতিয়ানে স্থানান্তরিত করার কাজকে খতিয়ানভুক্তকরণ বা (posting) বলে।
- একটি নির্দিষ্ট সময় শেষে প্রতিটি হিসাবের ব্যালেন্সিং করা প্রয়োজন। ব্যালেন্সকে ডেবিট ব্যালেন্স ও ক্রেডিট ব্যালেন্স এবং প্রারম্ভিক ব্যালেন্স ও সমাপ্তি ব্যালেন্স প্রভৃতি ভাগে ভাগ করা হয়।
- নামিক হিসাবের কোনো প্রারম্ভিক ব্যালেন্স দেখানো হয় না।
- বিভিন্ন শ্রেণীর হিসাবের স্বাভাবিক কিছু ব্যালেন্স রয়েছে, যেমন : মমূীঐPK হিসাবের ডেবিট ব্যালেন্স হয় ইত্যাদি।

পাঠোত্তর গ্জ িব্ : ৬.৩



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। 'নগদে পণ্য ক্রয় করা হল ৫০০ টাকার' এই জাবেদার খতিয়ানভুক্তকরণ কিরূপ হবে?
ক) নগদান হিসাবকে ডেবিট করতে হবে এবং ক্রয় হিসাবকে ক্রেডিট করতে ৫০০ টাকা দিয়ে।
খ) নগদান ও ক্রয় হিসাবকে ৫০০ টাকা দিয়ে ডেবিট করতে হবে।
গ) নগদান ও ক্রয় হিসাবকে ৫০০ টাকা দিয়ে ক্রেডিট করতে হবে।
ঘ) ৫০০ টাকা দিয়ে ক্রয় হিসাবকে ডেবিট এবং নগদান হিসাবকে ক্রেডিট করতে হবে।
- ২। সাধারণত কোন ধরনের হিসাবের ক্রেডিট ব্যালেন্স হয় না?
ক) দায় হিসাব
খ) আয়-ব্যয় হিসাব
গ) মমূীঐPK হিসাব
ঘ) ব্যক্তিবাচক হিসাব
- ৩। রাজীব ব্রাদার্সের খতিয়ানে একটি হিসাবের নাম 'সজীব হিসাব'। সজীব হিসাবের ব্যালেন্স যদি ডেবিট ব্যালেন্স হয় তাহলে
ক) সজীব রাজীবের পাওনাদার
খ) সজীব রাজীবের নিকট দেনাদার
গ) সজীব হিসাব একটি নামিক হিসাব
ঘ) কোনটিই নয়
- ৪। সাধারণত কোন ধরনের হিসাবে ডেবিট ব্যালেন্স হয় না?
ক) দায় হিসাব
খ) আয়-ব্যয় বাচক হিসাব
গ) সমূীঐPK হিসাব
ঘ) ব্যক্তিবাচক হিসাব
- ৫। ব্যক্তিবাচক হিসাবের ক্ষেত্রে ক্রেডিট ব্যালেন্স হলে নিচের কোনটি বুঝাবে?
ক) উক্ত ব্যক্তির কাছে কারবারের পাওনা রয়েছে
খ) কারবারের খরচ হয়েছে
গ) উক্ত ব্যক্তির কাছে কারবারের দেনা রয়েছে
ঘ) কোনটিই নয়

পাঠ-৪ খতিয়ানের উদাহরণ

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ লেন-দেন জাবেদা থেকে খতিয়ানভুক্ত করতে পারবেন।

উদাহরণ :

নিচের লেন-দেনগুলো জনাব তৌহিদের জাবেদা ও খতিয়ানে লিপিবদ্ধ Ki"b।

১৯৯৬

- জুন ১ জনাব তৌহিদ ১৫,০০০ টাকা নগদে এবং ১০,০০০ টাকা ব্যাংক ব্যালেন্স নিয়ে ব্যবসা 'i' করলেন।
- " ২ কারবারের জন্য একটি বাড়ি ভাড়া নেয়া হল এবং তিনমাসের ভাড়া ৩,০০০ টাকা অগ্রীম দেয়া হল।
- " ৪ নগদে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
- " ৬ পণ্য বিক্রয় ৩,০০০ টাকা নগদে ২,০০০ টাকা বাকীতে চপলের কাছে।
- " ৯ আফজালের নিকট থেকে ধারে পণ্য ক্রয় ১,৫০০ টাকা।
- " ১১ যন্ত্রপাতি ক্রয় করা হল ৫,০০০ টাকা।
- " ১৪ ব্যবসায়ের কাজে ব্যাংক থেকে তোলা হল ২,০০০ টাকা।
- " ১৬ আফজালকে চেক মারফত পরিশোধ করা হল ১,০০০ টাকা।
- " ১৮ চপলের কাছ থেকে ১,৫০০ টাকা পাওয়া গেল।
- " ২২ কর্মচারীর বেতন দেয়া হল ১,০০০ টাকা।
- " ২৫ ব্যাংকে জমা দেয়া হল ৫০০ টাকা।
- " ২৬ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে তোলা হল ২০০ টাকা।

সমাধান :

জনাব তৌহিদের জাবেদা

তারিখ	বিবরণ	খ. পৃ.	ডেটর (টাকা)	ক্রেডিটর (টাকা)
১৯৯৬				
জুন ১	নগদান হিসাব		১৫,০০০	
	ব্যাংক হিসাব		১০,০০০	
	মূলধন হিসাব			২৫,০০০
	(যেহেতু নগদ ও ব্যাংক ব্যালেন্স নিয়ে কারবার শুরু করা হল)			

" ২	অগ্রীম বাড়ি ভাড়া নগদান হিসাব (যেহেতু তিনমাসের অগ্রীম বাড়ি ভাড়া দেয়া হল)	৩,০০০	৩,০০০
" ৪	ক্রয় হিসাব নগদান হিসাব (যেহেতু নগদে পণ্য ক্রয় করা হল)	৪,০০০	৪,০০০
" ৬	নগদান হিসাব চপল হিসাব বিক্রয় হিসাব (যেহেতু নগদে এবং ধারে পণ্য বিক্রী করা হল)	৩,০০০ ২,০০০	৫,০০০
" ৯	ক্রয় হিসাব আফজাল হিসাব (যেহেতু ধারে পণ্য ক্রয় করা হল)	১,৫০০	১,৫০০
" ১১	যন্ত্রপাতি হিসাব নগদান হিসাব (যেহেতু যন্ত্রপাতি ক্রয় করা হল)	৫,০০০	৫,০০০
" ১৪	নগদান হিসাব ব্যাংক হিসাব (যেহেতু ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে তোলা হল)	২,০০০	২,০০০
" ১৬	আফজাল হিসাব ব্যাংক হিসাব (যেহেতু আফজালকে পাওনা বাবদ পরিশোধ করা হল)	১,০০০	১,০০০
" ১৮	নগদান হিসাব চপল হিসাব (যেহেতু চপলের কাছ থেকে পাওয়া গেল)	১,৫০০	১,৫০০
" ২২	বেতন হিসাব নগদান হিসাব (যেহেতু কর্মচারীর বেতন দেয়া হল)	১,০০০	১,০০০
" ২৫	ব্যাংক হিসাব নগদান হিসাব (যেহেতু ব্যাংকে জমা দেয়া হল)	৫০০	৫০০
" ২৬	উত্তোলন হিসাব ব্যাংক হিসাব (যেহেতু ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করা হল)	২০০	২০০

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

জনাব তৌহিদের খতিয়ান

ডেটর				ক্রেডিটর			
মূলধন হিসাব							
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ জুন ৩০	ব্যালেন্স সি/ডি		২৫,০০০	১৯৯৬ জুন ১	ব্যাংক হিসাব		১০,০০০
				" ১	নগদান হিসাব		১৫,০০০
			২৫,০০০				২৫,০০০
				জুলাই ১	ব্যালেন্স বি/ডি		২৫,০০০

ডেটর				ক্রেডিটর			
নগদান হিসাব							
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ জুন ১	মূলধন হিসাব		১৫,০০০	১৯৯৬ জুন ২	অগ্রীম বাড়ি ভাড়া		৩,০০০
" ৬	বিক্রয় হিসাব		৩,০০০	" ৪	ক্রয় হিসাব		৪,০০০
" ১৪	ব্যাংক হিসাব		২,০০০	" ১১	যন্ত্রপাতি হিসাব		৫,০০০
" ১৮	চপল হিসাব		১,৫০০	" ২২	বেতন হিসাব		১,০০০
				" ২৫	ব্যাংক হিসাব		৫০০
				" ৩০	ব্যালেন্স সি/ডি		৮,০০০
			২১,৫০০				২১,৫০০
জুলাই ১	ব্যালেন্স বি/ডি		৮,০০০				

ওপেন স্কুল

ডেটর		ব্যাংক হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ জুন ১ " ২৫	মূলধন হিসাব নগদান হিসাব		১০,০০০ ৫০০	১৯৯৬ জুন ১৪ " ১৬ " ২৬ " ৩০	নগদান হিসাব আফজাল হিসাব উত্তোলন হিসাব ব্যালেন্স সি/ডি		২,০০০ ১,০০০ ২০০০ ৭,৩০০
			১০,৫০০				১০,৫০০
জুলাই ১	ব্যালেন্স বি/ডি		৭,৩০০				

ডেটর		অগ্রীম বাড়ি ভাড়া হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ জুন ২	নগদান হিসাব		৩,০০০	১৯৯৬ জুন ৩০	ব্যালেন্স সি/ডি		৩,০০০
			৩,০০০				৩,০০০
জুলাই ১	ব্যালেন্স বি/ডি		৩,০০০				

ডেটর		ক্রয় হিসাব				ক্রেডিটর	
তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা
১৯৯৬ জুন ৪ " ৯	নগদান হিসাব আফজাল হি.		৪,০০০ ১,৫০০	১৯৯৬ জুন ৩০	ব্যালেন্স সি/ডি		৫,৫০০
			৫,৫০০				৫,৫০০

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

ডেটর				বিক্রয় হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
১৯৯৬ জুন ৩০	ব্যালেন্স সি/ডি		৫,০০০	১৯৯৬ জুন ৬ " ৬	নগদান হিসাব চপল হিসাব		৩,০০০ ২,০০০ ৫,০০০				
			৫,০০০								

ডেটর				চপল হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
১৯৯৬ জুন ৬	বিক্রয় হিসাব		২,০০০	১৯৯৬ জুন ৬ " ৩০	নগদান হিসাব ব্যালেন্স সি/ডি		১,৫০০ ৫০০ ২,০০০				
			২,০০০								
জুলাই ১	ব্যালেন্স বি/ডি		৫০০								

ডেটর				আফজাল হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
১৯৯৬ জুন ১৬ জুন ৩০	ব্যাংক হিসাব ব্যালেন্স সি/ডি		১,০০০ ৫০০ ১,৫০০	১৯৯৬ জুন ৯ জুলাই ১	ক্রয় হিসাব ব্যালেন্স বি/ডি		১,৫০০ ১,৫০০ ৫০০				

ডেটর				যন্ত্রপাতি হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা				
জুন ১১	নগদান হিসাব		৫,০০০	জুন ৩০	ব্যালেন্স সি/ডি		৫,০০০				
			৫,০০০				৫,০০০				
জুলাই ১	ব্যালেন্স বি/ডি		৫,০০০								

ডেটর				বেতন হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৬ জুন ২২	নগদান হিসাব		১,০০০	১৯৯৬ জুন ৩০	ব্যালেন্স সি/ডি		১,০০০				
			১,০০০				১,০০০				
ডেটর				উত্তোলন হিসাব				ক্রেডিটর			
তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পূ.	টাকা
১৯৯৬ জুন ২৬	ব্যাংক হিসাব		২০০	১৯৯৬ জুন ৩০	ব্যালেন্স সি/ডি		২০০				
			২০০				২০০				

ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব, উত্তোলন হিসাব প্রভৃতি আয়-ব্যয় বাচক হিসাব। এ ধরনের হিসাবে ব্যালেন্স বি/ডি লেখার প্রয়োজন নেই।

পাঠোত্তর গ্জ 'vqb : ৬.৪



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- বিক্রয় হিসাবের
 - ডেবিট ব্যালেন্স হয়
 - কোনো ব্যালেন্স হয় না
 - ডেবিট ব্যালেন্স হয়
 - ক্রেডিট ব্যালেন্স হয়
 - ডেবিট ও ক্রেডিট উভয় ব্যালেন্সই হতে পারে
- নামিক হিসাবের
 - ডেবিট ব্যালেন্স হয়
 - কোনো ব্যালেন্স হয় না
 - ডেবিট ব্যালেন্স হয়
 - ক্রেডিট ব্যালেন্স হয়
 - ডেবিট ও ক্রেডিট উভয় ব্যালেন্সই হতে পারে
- আসবাবপত্র হিসাবের
 - ডেবিট ব্যালেন্স হয়
 - কোনো ব্যালেন্স হয় না
 - ডেবিট ব্যালেন্স হয়
 - ক্রেডিট ব্যালেন্স হয়
 - ডেবিট ও ক্রেডিট উভয় ব্যালেন্সই হতে পারে।
- নিচের কোন হিসাবে 'ব্যালেন্স বি/ডি' লিখতে হয় না?
 - ক্রয় পরিবহণ খরচ হিসাব
 - ঋণ হিসাব
 - দালান হিসাব
 - যন্ত্রপাতি হিসাব



উত্তরমালা

পাঠোত্তর গ্জ ি'vqb : ৬.১

১। ঘ; ২। গ; ৩। গ; ৪। গ

পাঠোত্তর গ্জ ি'vqb : ৬.২

১। খ; ২। গ; ৩। ক; ৪। গ

পাঠোত্তর গ্জ ি'vqb : ৬.৩

১। ঘ; ২। গ; ৩। খ; ৪। ক; ৫। গ

পাঠোত্তর গ্জ ি'vqb : ৬.৪

১। খ; ২। ঘ; ৩। ক; ৪। ক

i Pbv gj K Abj kj bx

1. LwZqvb Kvtk etj? LwZqvb tKb ,i "ZcY?"
2. LwZqvtbi mjeav ,tj v wk wk?
3. GKwU LwZqvtb KqU wnmve _vtK? LwZqvtbi cZ'KwU wnmvtei Kwrtgv (bgbv) wk GKB ai tbi nq?
4. GKwU wnmvtei bgbv AwKb|
5. tKvb tKvb t' t' Rvte`v I LwZqvtbi gta` wj i tqtQ?
6. Rvte`v I LwZqvtbi KtqKwU cv`R" eYbv Ki`b|
7. Posting Kvtk etj? D`vni Ymn eYbv Ki`b|
8. tWueU I tpuWU Kivej tZ wk eSvq?
9. KLB e`vtj wYs Ki tZ nq? Gi mjeav wk?
10. wnmvee` ev closing ej tZ wk eSvq? D`vni Ymn eYbv Ki`b|
11. tKvb ai tYi wnmvtei cbi wk e`vtj Y _vtK bv? G ai tYi cuPuU wnmvtei bvg ej b|
12. tWueU e`vtj Y I tpuWU e`vtj Y ej tZ wk eSvq? D`vni Ymn eYbv Ki`b|
১৩. e`w`evPK wnmvtei tWueU e`vtj Y ntj wk eSvq? tpuWU e`vtj Y ntj wk eSvq?

সমস্যামূলক প্রশ্ন

১৪। নিম্নলিখিত লেনদেনগুলো জনাব মিনহাজের জাবেদায় লিখুন এবং খতিয়ানে স্থানান্তর Ki“b :

১৯৯৬

১	নগদ ১০,০০০ টাকা; ৫,০০০ টাকার আসবাবপত্র এবং ৩,০০০ টাকার পণ্য নিয়ে কারবার আরম্ভ করা হল।
৩	পণ্য বিক্রি করা হল, ২,০০০ টাকা।
৭	ধারে পণ্য ক্রয় করা হল, ৫,০০০ টাকা।
১১	ব্যাংকে জমা দেয়া হল, ২,০০০ টাকা।
১৭	আজিজের নিকট ধারে বিক্রি করা হল, ৩,০০০ টাকা।
২০	ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন করা হল, ১,০০০ টাকা।
২৫	কর্মচারীর বেতন দেয়া হল, ৫০০ টাকা।
২৭	বাড়িভাড়া দেয়া হল, ১,০০০ টাকা।


১৫। নিম্নলিখিত লেনদেনগুলো মিথিলার জাবেদায় লিখুন এবং খতিয়ানে স্থানান্তর Ki“b :

১৯৯৬

১	নগদান হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ১০,০০০ টাকা; এবং ব্যাংক হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৫,০০০ টাকা।
৪	অধিম বাড়ি ভাড়া প্রদান ৪,০০০ টাকা।
৫	পণ্য ক্রয় ৬,০০০ টাকা। ৬০% নগদে, বাকীটুকু চেকে।
৯	সুবীরের কাছে ৭,০০০ টাকা। ৫০% চেকে, বাকীটুকু বাকীতে।
১৩	আনিসের কাছ থেকে ধারে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
১৮	সুবীরের কাছ থেকে ৩,০০০ টাকা পেয়ে এবং ঐদিনই তা ব্যাংকে জমা দেয়া হল।
২২	আনিসের পাওনা পরিশোধ করা হল ৪০% চেকে, ৬০% নগদে।
২৫	ব্যাংক থেকে সুদ পাওয়া গেল, ১০০ টাকা।
২৮	ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন করা হল, ৫০০ টাকা।

নগদান বই

ইউনিট



এ ইউনিটে আছে

- ৭.১ : সংজ্ঞা, প্রকৃতি, সুবিধা, নিয়ম ও প্রকারভেদ,
- ৭.২ : একঘরা ও দুইঘরা নগদান বই,
- ৭.৩ : তিনঘরা নগদান বই,
- ৭.৪ : খুচরা নগদান বই।



একটি কারবার প্রতিষ্ঠানে নগদ লেনদেনের পরিমাণ প্রচুর হয়ে থাকে। হিসাব কাজের সুবিধার জন্য নগদ লেন-দেনগুলো সরাসরি একটি বিশেষ বইতে লিপিবদ্ধ করা হয়। যে বইকে নগদান বই বলা হয়। এ বইতে লিপিবদ্ধ করার ফলে জাবেদায় তোলা এবং খতিয়ানে স্থানান্তর করার অতিরিক্ত বামেলা কমানো সম্ভব হয়। এ ইউনিটে বিভিন্ন ধরনের নগদান সম্বন্ধে আলোচনা করা হয়েছে।


পাঠ-১ সংজ্ঞা, প্রকৃতি, সুবিধা, নিয়ম ও প্রকারভেদ

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ নগদান বইয়ের সংজ্ঞা ও প্রকৃতি সম্বন্ধে বলতে পারবেন।
- ◆ নগদান বইয়ের সুবিধা ও প্রকারভেদ বলতে পারবেন।
- ◆ নগদান বইতে লেনদেন লিপিবদ্ধ করার নিয়ম সম্বন্ধে বলতে পারবেন।

বিষয়বস্তু



ব্যবসায়ী বা অব্যবসায়ী, যে কোনো প্রতিষ্ঠানেই নগদ লেনদেনের পরিমাণ সবচেয়ে বেশি। হিসাববিজ্ঞানের নিয়ম অনুযায়ী অন্যসব লেনদেনের মত নগদসংক্রান্ত লেনদেনও প্রথমে জাবেদায় লিপিবদ্ধ করে তারপর খতিয়ানে স্থানান্তর করার কথা। কিন্তু নগদ লেনদেনের পরিমাণ বেশি হয়ে গেলে একটি বিশেষ পদ্ধতি গ্রহণ করা হয়। এক্ষেত্রে নগদ সংক্রান্ত লেনদেন এমন একটি বইতে সংরক্ষণ করা হয় যা জাবেদা এবং খতিয়ান, উভয়েরই সুবিধা প্রদান করে। এই বইকে বলা হয় 'নগদান বই'। অর্থাৎ যে হিসাবের বইতে প্রতিষ্ঠানের যাবতীয় নগদ সংক্রান্ত লেনদেন অর্থাৎ প্রাপ্তি ও পরিশোধসমূহ তারিখের ক্রমানুসারে বিশেষ নিয়মে লিপিবদ্ধ করা হয় তাকে নগদান বই বলে। নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ের সুবিধাই প্রদান করে। তাই নগদান বইকে জাবেদা ও খতিয়ান উভয়ই বলা হয়। নগদান বই একটি জাবেদা, কারণ –

- ক) জাবেদার মতই নগদ সংক্রান্ত সব লেনদেন প্রাথমিক পর্যায়ে এই বইতেই লিপিবদ্ধ করা হয়।
- খ) জাবেদার মত লেনদেনগুলো তারিখের ক্রমানুযায়ী এবং প্রয়োজনে ব্যাখ্যাসহ লিপিবদ্ধ করা হয়।
- গ) নগদান বই থেকে খতিয়ানে হিসাব তোলা হয়।
- ঘ) জাবেদায় যেমন খতিয়ানের পৃষ্ঠা নম্বর থাকে নগদান বইতেও খতিয়ানের পৃষ্ঠা নম্বর থাকে।

নগদান বইকে খতিয়ানও বলা হয়, কারণ –

- ক) খতিয়ানের হিসাবের মত নগদান বইয়েরও ডেবিট ও ক্রেডিট, দুটি দিক আছে।
- খ) এটিকে খতিয়ানের 'নগদান হিসাব' হিসাবে গণ্য করা হয়।
- গ) খতিয়ানের মতই নগদান বইয়ের উদ্বৃত্ত নির্ণয় করা হয় এবং সেই উদ্বৃত্ত রেওয়ামিলে স্থানান্তর করা হয়।

নগদান বইয়ের সুবিধা

বিশেষ কিছু সুবিধার কারণে নগদান বই সংরক্ষণ করা হয়। এই সুবিধাগুলো নিম্নরূপ :

১. নগদান বইয়ের মাধ্যমে যে কোনো সময় প্রতিষ্ঠানের নগদ প্রাপ্তি ও পরিশোধের পরিমাণ জানা যায়।
২. প্রয়োজনে যে কোনো সময় কারবারের নগদ উদ্বৃত্তের পরিমাণ জানা যায়।
৩. নগদান বইতে লেনদেন লিপিবদ্ধ করার কারণে নগদ সংক্রান্ত লেনদেন জাবেদা ও খতিয়ানে দুইবার লিপিবদ্ধ করার প্রয়োজন পড়ে না। কারণ নগদান বইয়ের মাধ্যমে জাবেদা ও খতিয়ান উভয়েরই সুবিধা পাওয়া যায়।
৪. নগদান বই সংরক্ষণের ফলে অর্থ সংক্রান্ত লেনদেনে জালিয়াতি রোধের ব্যবস্থা গ্রহণ করা যায়।

নগদান বই লেখার নিয়ম

খতিয়ানে যেভাবে লেনদেন লিপিবদ্ধ করা হয় নগদান বইতেও একইভাবে নগদ লেনদেন লিপিবদ্ধ করা হয়। নগদান বইয়ের নমুনা নিম্নরূপ :

ডেবিট					নগদান হিসাব					ক্রেডিট				
তারিখ	বিবরণ	রশিদ নং	খ. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	ভাউচার নং	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	ভাউচার নং	জা. পৃ.	টাকা

খতিয়ানের যে কোনো হিসাবের মতই নগদান বইয়ের দুটি ভাগ রয়েছে : ডেবিট দিক ও ক্রেডিট দিক। প্রতি ভাগে ৫টি করে কলাম রয়েছে। নিম্নোক্ত উদাহরণের মাধ্যমে আমরা নগদান বই লেখার নিয়ম জানব।

উদাহরণ :

১৯৯৬

- জানুয়ারি ১ নাজির আহমদ নগদ ১০,০০০ টাকা কারবারে আনলেন। রশিদ - ১।
 " ২ কারবারের জন্য আসবাবপত্র কেনা হল ২,০০০ টাকার। ক্যাশ মেমো নং ৬২৭
 " ১৬ নগদে পণ্য ক্রয়, ৩,০০০ টাকা। ক্যাশ মেমো নং ১৫৩২।
 " ২০ আজিজের থেকে ধারে পণ্য ক্রয়, ২০০০ টাকার। ক্যাশ মেমো নং ৮৪৮।
 " ২৭ নগদে পণ্য বিক্রয়, ৬০০০ টাকা। রশিদ নং ২।

নগদান বইয়ের ডেবিট দিক 'নগদ প্রাপ্তি' এবং ক্রেডিট দিক 'নগদ পরিশোধ' বুঝায়। সেই অনুযায়ী লেনদেনগুলো নগদান বইতে লিপিবদ্ধ করতে হবে।

জানুয়ারি ১ : জনাব নাজির আহমদ মূলধন আনার কারণে কারবারের নগদ প্রাপ্তি ঘটেছে। সুতরাং এটি ডেবিট দিকে যাবে। ১০,০০০ টাকা প্রাপ্তি বাবদ নাজির আহমদকে কারবারের পক্ষ থেকে একটি রশিদ প্রদান করা হয়েছে। এই রশিদের নম্বর ডেবিট দিকের 'রশিদ নং' কলামে লিখতে হবে।

জানুয়ারি ২ ও ৩ : এই দুইটি লেনদেনে নগদ প্রদান ঘটেছে ; প্রথমটি আসবাবপত্র ক্রয় বাবদ এবং দ্বিতীয়টি পণ্য ক্রয় বাবদ। সুতরাং এ দুটো লেনদেন ক্রেডিট দিকে যাবে। ক্রয় করার কারণে যে ক্যাশমেমো পাওয়া গেছে তার নম্বর ক্রেডিট দিকে 'ভাউচার নং' কলামে লিখতে হবে।

জানুয়ারি ২০ : এই লেনদেনটি নগদ লেনদেন নয়। তাই নগদান বইতে এটি আসবে না।

জানুয়ারি ২৭ : নগদে বিক্রয় করার কারণে এক্ষেত্রে প্রাপ্তি ঘটেছে। তাই এটি ডেবিট দিকে আসবে।

ব্যাখ্যা : অনেকের মতে নগদান বইতে লেনদেনের ব্যাখ্যা প্রদান করা প্রয়োজন। কারণ নগদান বই নগদ সংক্রান্ত লেনদেনের প্রাথমিক বই এবং খতিয়ানে 'নগদান হিসাব' নামক আলাদা কোনো হিসাব রাখা হয় না। আবার অনেকের মতে নগদান বইতে 'ব্যাখ্যা' প্রদান অপরিহার্য নয়। কারণ সংশ্লিষ্ট রশিদ বা ভাউচারেই প্রয়োজনীয় ব্যাখ্যা লেখা থাকে। প্রশ্নে 'ব্যাখ্যা' প্রদান অপরিহার্য নয়। কারণ সংশ্লিষ্ট রশিদ বা ভাউচারেই প্রয়োজনীয় ব্যাখ্যা লেখা থাকে। প্রশ্নে 'ব্যাখ্যা' দেয়ার কথা বলা থাকলে তখন ব্যাখ্যা দিতে হবে।

ব্যালেন্সিং (উদ্ধৃতকরণ) : খতিয়ানের মত নগদান বই-র ও উদ্ধৃতকরণ করতে হয়।


উদাহরণ এর সমাধান :

জনাব নাজির আহমদ-এর

ডেবিট					ক্রেডিট				
নগদান হিসাব									
তারিখ	বিবরণ	রশিদ নং	খ. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	ভাউচার নং	জা. পৃ.	টাকা
১৯৯৬					১৯৯৬				
জানু ১	মূলধন হিসাব	১		১০,০০০	জানু ২	আসবাবপত্র হি.	৬২৭		২,০০০
" ২৭	বিক্রয় হিসাব	২		৬,০০০	" ১৬	ক্রয় হি.	১,৫৩২		৩,০০০
					" ৩১	ব্যালেন্স সি/ডি			১১,০০০
				১৬,০০০					১৬,০০০
ফেব্রু ১	ব্যালেন্স বি/ডি			১১,০০০					

নগদান বইয়ের প্রকারভেদ :

প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ধরনের নগদান বই ব্যবহার করা হয়। নিম্নোক্ত ছকের মাধ্যমে আমরা একটি ধারণা পেতে পারি।



নগদান বইকে প্রাথমিকভাবে দুইভাগে ভাগ করা যায়, যেমন :

- ১। সাধারণ নগদান বই ও
- ২। খুচরা নগদান বই।

সাধারণ নগদান বইকে আবার তিনভাগে ভাগ করা যায়, যেমন :

- ১। একঘরা নগদান বই
- ২। দুইঘরা নগদান বই ও
- ৩। তিনঘরা নগদান বই।

পাঠ সংক্ষেপ

- প্রতিষ্ঠানের নগদ লেনদেনের পরিমাণ বেশি হয়ে গেলে শুধুমাত্র নগদ লেনদেনের জন্য নগদান বই রক্ষণ করা হয়।
- নগদান বই থেকে জাবেদা ও খতিয়ান উভয়ের সুবিধা পাওয়া যায়।
- খতিয়ানের যে কোনো হিসাবের মতই নগদান বই লিখতে হয় এবং উদ্ধৃতকরণ করতে হয়।
- প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী নগদান বইকে বিভিন্ন ভাগে ভাগ করা হয়।

পাঠোত্তর গ্জ 'vqb : ৭.১



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

১। 'নগদান বই'-

- | | |
|---------------------------|-------------------------|
| ক) একটি জাবেদা | খ) খতিয়ান |
| গ) জাবেদা ও খতিয়ান উভয়ই | ঘ) খতিয়ানের একটি হিসাব |

২। নগদান বই-র

- | |
|--|
| ক) জাবেদার মত 'ডেবিট' ও 'ক্রেডিট' দুটি দিক আছে |
| খ) খতিয়ানের হিসাবের মত 'ডেবিট' ও 'ক্রেডিট' দুটি দিক আছে |
| গ) উদ্ধৃত নির্ণয়ের প্রয়োজন নেই |
| ঘ) প্রয়োজনীয়তা খুব একটা বেশি নেই |

৩। 'সেলিমের নিকট ধারে পণ্য বিক্রয়, ১,০০০ টাকা' এটি নগদান বইতে কিভাবে লিপিবদ্ধ হবে?

- | | |
|-----------------------------------|----------------------|
| ক) ডেবিট দিকে আসবে | খ) ক্রেডিট দিকে আসবে |
| গ) ডেবিট ও ক্রেডিট উভয় দিকে আসবে | ঘ) কোনো দিকে আসবে না |

৪। নগদান বইতে ঘরের সংখ্যা কয়টি?

- | | |
|--------|--------|
| ক) ৬টি | খ) ৮টি |
|--------|--------|

গ) ১০টি

ঘ) ১২টি

পাঠ-২ একঘরা ও দুইঘরা নগদান বই

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ একঘরা ও দুইঘরা নগদান বইয়ের পার্থক্য বলতে পারবেন।
- ◆ দুইঘরা নগদান বই ব্যবহার করার কারণ বর্ণনা করতে পারবেন।
- ◆ একঘরা ও দুইঘরা নগদান বইতে লেনদেন লিপিবদ্ধ করতে পারবেন।

বিষয়বস্তু



একঘরা নগদান বই :

যে নগদান বইতে ডেবিট ও ক্রেডিট দিকে একটি করে টাকার পরিমাণ লেখার ঘর থাকে তাকে একঘরা নগদান বই বলে। যে সমস্ত প্রতিষ্ঠানে শুধুমাত্র নগদে অথবা শুধুমাত্র ব্যাংকের মাধ্যমে লেনদেন সংঘটিত হয় সেক্ষেত্রে একঘরা নগদান বই রক্ষণ করা হয়।

একঘরা নগদান বই লেখার নিয়ম ইতিমধ্যেই পাঠ ১-এ আলোচিত হয়েছে। এ পাঠে একঘরা নগদান বই-র আরেকটি উদাহরণ আলোচনা করা হল।

উদাহরণ : জনাব নাজির আহমদের দেবিমাসের লেনদেনগুলো নিম্নরূপ :

১৯৯৬

দেবিমাস	১	প্রারম্ভিক তহবিল	১১,০০০ টাকা।
"	৪	নগদে পণ্য ক্রয়,	৩,০০০ টাকা।
"	৫	পরিবহণ খরচ প্রদান,	২০০ টাকা।
"	৮	আরমানের কাছে পণ্য বিক্রয়,	২,৫০০ টাকা নগদে।
"	১১	আফরিনের কাছ থেকে	৮,০০০ টাকার পণ্য ক্রয়; ৬০% নগদে।
"	১৩	কমিশন পাওয়া গেল,	৫০ টাকা।
"	১৪	ব্যাংকে জমা দেয়া হল,	২,০০০ টাকা।
"	১৬	ইজাজের কাছে পণ্য বিক্রয়	৬,০০০ টাকার ; ৮০% নগদে।
"	১৭	প্রাপ্য বিলের টাকা নগদে	পাওয়া গেল, ২০০ টাকা।
"	২৩	ইজাজের নিকট থেকে	চেক পেয়ে আফরিনকে প্রদান, ১,০০০ টাকা।
"	২৪	বুলবুলের নিকট পণ্য	বিক্রি করে চেক পাওয়া গেল, ২,০০০ টাকা।
"	২৫	ব্যক্তিগত প্রয়োজনে	ব্যাংক থেকে তোলা হল, ৫০০ টাকা।
"	২৬	বেতন প্রদান করা হল,	১,৫০০ টাকা।
"	২৭	সুদ পাওয়া গেল,	৩০০ টাকা।

উদাহরণ-এর আলোচনা :

- tde^oqwi 1 : c0i wK Znwej ej tZ ce@Zx^omg^tqi Aewkó Znwej eSvq| bM`
 tj bt` tbi t^oq^t bM` c0iSi tP^tq bM` c0 vb tewk ntZ cv^ti bv| ZvB
 ce@Zx^omg^tqi Aewkó Znwej Pj wZ mg^tqi 0c0iB evPK0 eSvq Ges
 0tWweU0 w` tK e^tm| GB tj bt` tbi t^oq^t weei tYi N^ti 0e`v^tj Y we/WV0
 wj LtZ nte|
- tde^oqwi 4 I 5 : GB `wU tj bt` tbi t^oq^t bM` c0 vb N^tU^tQ| c0 gwU μq eve` Ges
 w0ZxqU cwi enY LiP eve` | Df^tq tj bt` bB Zwi L Abhvqx tμwU w` tK
 em^te|
- tde^oqwi 8 : tWweU w` tK em^te| Ges weei tYi N^ti 0weμq wnmve0 wj LtZ nte|
- tde^oqwi 11 : G^tq^t 8,000 UvKvi cY` μq Kiv n^tj I bM` c0 vb n^tQ (8,000
 ×60%) = 4,800 UvKvi, evKxUKz (3,200 UvKv) av^ti | bM` vb eB^tZ
 i agv^t bM` c0 vb AskUKz tμwU w` tK Av^tte, av^ti μq AskUKz Av^tte
 bv|
- tde^oqwi 13 : tWweU w` tK em^te|
- tde^oqwi 14 : e`vstK Rgv t` qvi Kvi tY bM` UvKvi cwi gvY n^tm cvq, ZvB GuU tμwU
 w` tK Av^tte|
- tde^oqwi 16 : bM` c0iB wnmv^te i agv^t (8,000 ×60%) = 4,800 UvKv tWweU w` tK
 Av^tte|
- tde^oqwi 23 : G^tq^t tPK cvl qvi Kvi tY Zv c0 t^g c0iB (ev tWweU) w` tK t` Lv^tZ nte
 Ges 0BRvR wnt0 wj LtZ nte| tPKwU Av^tchi b^tK c0 vb Kivi Kvi tY Zv
 c0 vb (ev tμwU) w` tK t` Lv^tZ nte Ges Av^tchi b^tK c0 vb Kivi Kvi tY
 weei tYi N^ti 0Av^tchi b wnt0 wj LtZ nte|
- tde^oqwi 24 : tPK t^tq e`vstK Rgv t` qvi K_v ej v nqwb, ZvB G^tK bM` c0iB wnmv^te
 ai^tZ nte|
- tde^oqwi 25 : G^tq^t e`w³MZ c0qvR^tb e`vsK t^tK UvKv tZvj v nj A_ e`vstKi
 UvKv K^tg tMj | th^tnZi GKNi v bM` vb eB^tZ GKwUgv^t UvKvi Ni _v^tK
 (Avgv^t i GB D`vni tYi i agv^t bM` UvKvi Rb` GKwU Ni i^tq^tQ) ZvB
 KLbl KLbl e`vsK msμvš-wKQy tj bt` bl GB eB^tZ c0iB nq|
 G^tq^t e`vstKi UvKv K^tg hvl qv^tK bM` UvKv K^tg hvl qv wnmv^te a^ti
 wb^tZ nte| ZvB GuU tμwU w` tK t` Lv^tZ nte।

**জনাব নাজির আহমদ-এর
নগদান হিসাব**

ডেবিট				ক্রেডিট					
তারিখ	বিবরণ	রশিদ নং	খ. পূ.	টাকা	তারিখ	বিবরণ	ভাউচার নং	জা. পূ.	টাকা
১৯৯৬					১৯৯৬				
ফেব্রু ১	ব্যালেন্স বি/ডি			১১,০০০	ফেব্রু ৪	ক্রয় হি.			৩,০০০
" ৮	বিক্রয় হিসাব			২,৫০০	" ৫	পরিবহন খ. হি.			২০০
" ১৩	কমিশন হিসাব			৫০	" ১১	ক্রয় হি.			৪,৮০০
" ১৬	বিক্রয় হিসাব			৪,৮০০	" ১৪	ব্যাংক হি.			২,০০০
" ১৭	প্রাপ্য বিল হি.			২০০	" ২৩	আফরিন হি.			১,০০০
" ২৩	ইজাজ হিসাব			১,০০০	" ২৫	উত্তোলন হি.			৫০০
" ২৪	বিক্রয় হিসাব			২,০০০	" ২৬	বেতন হি.			১,৫০০
" ২৭	সুদ হিসাব			৩০০	" ২৯	ব্যালেন্স সি/ডি			৮,৮৫০
				২১,৮৫০					২১,৮৫০
মার্চ ১	ব্যালেন্স বি/ডি			৮,৮৫০					

দুই ঘরা নগদান বই

th bM`vb eBfZ bM` I e`vsK mspuvS-tj bft`b wj wceX Kivi Rb` tWneU I tpmWU DfQ
w`fK`BwU Kti UvKvi Ni _vfk Zvfk`B Niv bM`vb eB eTj | bM` I e`vsK, DfQ
mspuvS-tj bft`b i cwi gvY tewk ntq tMtj`B Niv bM`vb eB e`envi Kti mjeav cvl qv
hvq | GB eB e`envi i dtj wbw`B mgq tkfI Avj v`v Avj v`vfite bM` I e`vsK ZnneTj i
cwi gvY Rbv hvq | e`vsfKi Rb` Avj v`v UvKvi Ni _vKvi Kvi fY LwZqvB c`K the`vsK
wnmveU tLvj vi cQqvRb nq bv, dtj mgq tetP hvq | bM` UvKv I e`vsK Znnej cQq GKB
ai tbi mpuvE eTj`Niv bM`vb ewni gva`tg GK bRti Gi cwi gvY mpuvK`avi Yv j vf
Kiv hvq |

দুই ঘরা নগদান বই লেখার নিয়ম

নিম্নোক্ত উদাহরণের মাধ্যমে আমরা দুই ঘরা নগদান বই সম্বন্ধে ধারণা লাভ করব।

উদাহরণ :

১৯৯৬

- এপ্রিল ১ জনাব আনিস খান ২০,০০০ টাকা নগদ ও ১০,০০০ টাকা ব্যাংক ব্যালেন্স নিয়ে কারবার আরম্ভ করলেন।
- ” ২ ৮,০০০ টাকার পণ্য ক্রয় করা হল, ৪০% নগদে এবং বাকীটুকু চেকে।
- ” ৪ নাইমের কাছ থেকে পণ্য ক্রয় করা হল ৪,০০০ টাকা, ২০% নগদে, ৫০% চেকে এবং ৩০% বাকীতে।
- ” ৫ পণ্য বিক্রয় করা হল ১০,০০০ টাকার ৬০% নগদে এবং ৪০% চেকে। চেকটি সরাসরি ব্যাংকে পাঠানো হল।
- ” ৮ ২,০০০ টাকা ব্যাংকে জমা দেয়া হল।
- ” ১০ হাসানের কাছে ৫,০০০ টাকার পণ্য বিক্রয় করা হল ৩,০০০ টাকা নগদে এবং ২,০০০ টাকা বাকীতে।
- ” ১২ প্রদেয় বিল নগদে পরিশোধ করা হল ১,০০০ টাকা।
- ” ১৩ হাসানের কাছ থেকে প্রাপ্ত ১,০০০ টাকার একটি চেক ব্যাংকে পাঠানো হল।
- ” ১৪ ব্যক্তিগত প্রয়োজনে চেক কাটা হল ৫০০ টাকা।
- ” ১৫ হাসানের কাছ থেকে প্রাপ্ত ১,০০০ টাকার একটি চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখাত হয়ে ফেরত আসল।
- ” ১৯ ব্যাংক থেকে উত্তোলন ১,৫০০ টাকা।
- ” ২০ হাসান থেকে চেক পেয়ে তা নাইমকে দেয়া হল, ৫০০ টাকা।
- ” ২১ প্রাপ্য বিল ব্যাংক কর্তৃক আদায় হল, ২,০০০ টাকা।
- ” ২৩ হাসানের নিকট থেকে চেক পাওয়া গেল ৫০০ টাকা।
- ” ২৫ নাইমকে নগদ প্রদান করা হল ৫০০ টাকা।
- ” ২৭ চেকে বেতন দেয়া হল ২,০০০ টাকা।
- ” ২৮ ব্যাংক সুদ মঞ্জুর করল ১০০ টাকা।
- ” ৩০ ব্যাংক চার্জ ৫০ টাকা।

উদাহরণ এর আলোচনা

এক ঘরা নগদান বইয়ের মতই নগদ লেনদেনগুলো দুই ঘরা নগদান বইতে লিপিবদ্ধ করতে হয়। শুধুমাত্র ব্যাংক সংক্রান্ত লেনদেনগুলো আলাদাভাবে ব্যাংক ‘ব্যাংক টাকার ঘরে’ দেখাতে হয় যা এক ঘরা নগদান বইতে আলাদাভাবে দেখানো হত না। নিচে উল্লেখযোগ্য লেনদেনগুলো আলোচনা করা হল।

এপ্রিল ১ : মূলধন আনয়ন করলে জাবেদা হয় :

নগদান হিসাব	ডেটর	২০,০০০ টাকা
ব্যাংক হিসাব	ডেটর	১০,০০০ টাকা
মূলধন হিসাব	ক্রেডিটর	৩০,০০০ টাকা

অর্থাৎ এক্ষেত্রে প্রতিষ্ঠানের নগদ ও ব্যাংক টাকার পরিমাণ বৃদ্ধি CASH এবং বৃদ্ধি হওয়ার কারণ — মূলধন আনয়ন। তাই এই লেনদেনটি ডেবিট দিকে লিখতে হবে। বিবরণের ঘরে হবে ‘মূলধন হিসাব’।

এপ্রিল ২ : এটি ক্রেডিট করতে হবে। ক্রয় করার কারণে নগদ (৮,০০০×৪০%) = ৩,২০০ টাকা এবং ব্যাংক তহবিল (৮,০০০×৬০%) = ৪,৮০০ টাকা কমে যাবে।

এপ্রিল ৪ : এক্ষেত্রে নগদ ক্রেডিট হবে (৪,০০০×২০%) = ৮০০ টাকা ; ব্যাংক তহবিল ক্রেডিট হবে (৪,০০০×৫০%) = ২,০০০ টাকা। তবে বাকীতে ক্রয় নগদান বইতে আসবে না।

এপ্রিল ৫ : পণ্য বিক্রয় করার কারণে নগদ ডেবিট হবে (১০,০০০ টাকা×৬০%) = ৬,০০০ টাকা এবং ব্যাংক ডেবিট হবে ৪,০০০ টাকা।

এপ্রিল ৮ : এই লেনদেনটির জাবেদা নিম্নরূপ :

ব্যাংক হিসাব	ডেটর	২,০০০ টাকা
নগদান হিসাব	ক্রেডিটর	২,০০০ টাকা

GB tj bt` buUz GKB mv_` yU wmwve RwoZ, bM` I e`vsK | 0e`vsK wmwve0
ewx cvt`Q Ges 0bM` vb wmwve0 nwm cvt`Q | A_` GKB tj bt` b bM` vb eBtZ
GKevi tWweU nt`Q Ges GKevi tμWU nt`Q | G ai tbi `wLj v ev GwU`K
0K>U` GwU0 e t j | A_` th mg` -tj bt` b GKB bM` vb eBtqi tWweU w` tK
GKevi Ges tμWU w` tK Avevi wj wce x Ki tZ nq ZvtK K>U` GwU` ev weci xZ
`wLj v e t j | K>U` GwU`K আলাদাভাবে চিহ্নিত করার জন্য খতিয়ান পৃষ্ঠার ঘরে
'C' বা 'সি' লিখতে হয়।

এই লেনদেনে ব্যাংক তহবিল নগদ টাকার মাধ্যমে বৃদ্ধি cvt`Q। তাই ডেবিট দিকে বিবরণের ঘরে লিখতে হবে 'নগদান হিসাব' এবং 'ব্যাংক টাকা'র ঘরে লিখতে হবে ২,০০০ টাকা। আবার ব্যাংক তহবিলে জমা দেয়ার কারণে নগদ টাকা হ্রাস পেল, তাই ক্রেডিট দিকে নগদ টাকার ঘরে ২,০০০ লিখতে হবে এবং বিবরণের ঘরে হবে 'ব্যাংক হিসাব'। ডেবিট এবং ক্রেডিট দিকের এই উভয় দাখিলাকে 'সি' দ্বারা চিহ্নিত করতে হবে।

এপ্রিল ১২ : বিল পরিশোধ করার কারণে নগদ টাকা হ্রাস পেয়েছে তাই এই লেনদেন ক্রেডিট হবে।

এপ্রিল ১৫ : এপ্রিল ১৩ তারিখের লেনদেন অনুযায়ী হাসান থেকে প্রাপ্ত চেকটি ডেবিট দিকে ব্যাংক টাকার ঘরে লেখা হয়েছিল। কিন্তু এপ্রিল ১৫ তারিখে তা ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হল অর্থাৎ জানা গেল হাসানের ব্যাংক এ্যাকাউন্টে কোনো টাকা নেই তাই আনিস খানের ব্যাংক হাসানের ব্যাংক এ্যাকাউন্ট থেকে কোনো টাকা সংগ্রহ করতে পারেনি। যেহেতু ১৩ তারিখে ব্যাংক হিসাবকে ডেবিট (বৃদ্ধি) করা হয়েছিল এবং যেহেতু সত্যিকার অর্থে ব্যাংক হিসাব বৃদ্ধি পায়নি তাই পুনরায় ব্যাংক হিসাবকে ক্রেডিট (হ্রাস) করতে হবে।

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

এপ্রিল ১৯ : যদি কারবারের প্রয়োজনে (অর্থাৎ যদি ব্যক্তিগত প্রয়োজনে না হয়) টাকা উত্তোলন করা হয় তবে সেটিও একটি কন্ট্রা এন্ট্রি। টাকা ব্যাংকে জমা দিলে যে ধরনের দাখিলা, উত্তোলন করলে তার বিপরীত ধরনের দাখিলা হবে।

এপ্রিল ২৩ : চেক পেয়ে যদি ব্যাংকে জমা দেয়া না হয় তবে তা নগদ হিসাবে ধরা হয়।

এপ্রিল ২৮ ও ৩০ : ব্যাংকে টাকা রাখার কারণে যে সুদ পাওয়া যায় তা ব্যাংক হিসাবেই জমা হয়ে যায়, তাই এক্ষেত্রে ব্যাংক টাকার ঘর বৃদ্ধি পেয়েছে। অপরদিকে কারবারকে বিভিন্ন ধরনের সেবা প্রদানের কারণে ব্যাংক কিছু খরচ বা সার্ভিস চার্জ কেটে রাখে এটি কারবারের ব্যাংক হিসাব থেকে হ্রাস পায়, তাই ক্রেডিট হয়েছে।

উদাহরণ এর সমাধান :

জনাব আনিস খান-এর দু'ঘরা নগদান হিসাব

ডেবিট

ক্রেডিট

তারিখ	বিবরণ	রশিদ নং	খ. পূ.	নগদ টাকা	ব্যাংক টাকা	তারিখ	বিবরণ	ভাউ. নং	জা. পূ.	নগদ টাকা	ব্যাংক টাকা
১৯৯৬						১৯৯৬					
এপ্রিল ১	মূলধন হি.			২০,০০০	১০,০০০	এপ্রিল ২	ক্রয় হি.			৩,২০০	৪,৮০০
" ৫	বিক্রয় হি.			৬,০০০	৪,০০০	" ৪	ক্রয় হি.			৮০০	২,০০০
" ৮	নগদান হি.		সি	-	২,০০০	" ৮	ব্যাংক হি.	সি		২,০০০	-
" ১০	বিক্রয় হি.			৩,০০০	-	" ১২	প্রদেয় বিল হি.			১,০০০	-
" ১৩	হাসান হি.			-	১,০০০	" ১৪	উত্তোলন হি.			-	৫০০
" ১৯	ব্যাংক হি.		সি	১,৫০০	-	" ১৫	হাসান হি.			-	১,০০০
" ২০	হাসান হি.			৫০০	-	" ১৯	নগদান হি.	সি			১,৫০০
" ২১	প্রাপ্য বিল			-	২,০০০	" ২০	নাইম হি.			৫০০	-
" ২৩	হাসান হি.			৫০০	-	" ২৫	নাইম হি.			৫০০	-
" ২৮	সুদ হি.			-	১০০	" ২৭	বেতন হি.			-	২,০০০
						" ৩০	ব্যাংক চার্জ হি.			-	৫০
						" ৩০	ব্যালেন্স সি/ডি			২৩,৫০০	৭,২৫০
				৩১,৫০০	১৯,১০০					৩১,৫০০	১৯,১০০
মার্চ ১	ব্যালেন্স বি/ডি			২৩,৫০০	৭,২৫০						

পাঠ সংক্ষেপ

- নগদান বইয়ের উভয়দিকে একটি করে টাকার ঘর থাকলে তাকে এক ঘরা নগদান বই বলে।
- নগদান বইয়ের উভয় দিকে দুটি করে টাকার ঘর থাকলে তাকে দুই ঘরা নগদান বই বলে। নগদ ও ব্যাংক সংক্রান্ত লেনদেন দুই ঘরা নগদান বইতে লিপিবদ্ধ করা হয়।
- যদি একই লেনদেন নগদান বইয়ের ডেবিট দিকে একবার ও ক্রেডিট দিকে আরেকবার লিপিবদ্ধ করা হয় তাহলে তাকে কন্ট্রা এন্ট্রি বলে।
- কোনো প্রকার ধারে লেনদেন নগদান বইতে লিপিবদ্ধ হয় না।

পাঠোত্তর গ্জ 'vqb : ৭.২



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। দুই ঘরা নগদান বইতে ঘরের সংখ্যা কয়টি?
ক) ২টি
খ) ৪টি
গ) ৬টি
ঘ) ১২টি
- ২। ২,০০০ টাকা ব্যাংকে জমা দেয়া হল। এটি নগদান বইতে কিভাবে লিপিবদ্ধ করতে হবে?
ক) ডেবিট দিকে ব্যাংক কলামে ২,০০০ টাকা কমবে।
খ) ক্রেডিট দিকে ব্যাংক কলামে ২,০০০ টাকা কমবে।
গ) ডেবিট দিকে ব্যাংক কলামে ২,০০০ টাকা বসবে এবং ক্রেডিট দিকে নগদ কলামে ২,০০০ টাকা বসবে।
ঘ) ডেবিট দিকে নগদ কলামে ২,০০০ টাকা বসবে এবং ক্রেডিট দিকে ব্যাংক কলামে ২,০০০ টাকা বসবে।
- ৩। i "মার কাছে ২,৫০০ টাকার পণ্য বাকীতে বিক্রি করা হল ; এটি
ক) ডেবিট দিকের নগদ ঘরে বসবে
খ) ডেবিট দিকের ব্যাংক ঘরে বসবে
গ) ক্রেডিট দিকের নগদ ঘরে বসবে
ঘ) নগদান বইতে আসবে না

পাঠ-৩ তিন ঘরা নগদান বই

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ তিন ঘরা নগদান বইয়ের সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ বিভিন্ন ধরনের বাটার সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ তিন ঘরা নগদান বইতে লেনদেন লিপিবদ্ধ করতে পারবেন।

বিষয়বস্তু



যে নগদান বইয়ের ডেবিট ও ক্রেডিট উভয় দিকে টাকার পরিমাণ লেখার জন্য 'বাটা', 'নগদ' ও 'ব্যাংক' শিরোনামে তিনটি করে ঘর থাকে তাকে তিন ঘরা নগদান বই বলে। সত্যিকার অর্থে দুঘরা নগদান বইয়ের সাথে ডেবিট দিকে প্রদত্ত বাটার জন্য একটি ঘর এবং ক্রেডিট দিকে প্রাপ্ত বাটার জন্য একটি ঘর যোগ করলেই তা তিন ঘরা নগদান বইতে পরিণত হয়।

অনেক সময় নগদ বা ব্যাংক লেনদেনের সাথে বাটার ব্যাপারটি সরাসরি যুক্ত থাকে। এক্ষেত্রে নগদান বইতে বাটার ঘর থাকার কারণে লেনদেন লিপিবদ্ধকরণ আরও সহজ হয়ে যায়। ফলে খতিয়ানে পৃথক 'প্রাপ্ত বাটা হি.' ও 'প্রদত্ত বাটা হি.' খুলতে হয় না।

বাটা এবং এর প্রকারভেদ

বিক্রয় করার উদ্দেশ্যে প্রত্যেকটি পণ্যেরই মূল্য নির্ধারণ করা হয়। পণ্যের এই মূল্যকে তালিকা মূল্য বলে। পণ্য বিক্রী করার সময় কখনোও কখনোও এই তালিকা মূল্য থেকে কিছু ছাড় দেয়া হয়। এই ছাড় দেয়ার পর যে মূল্যে পণ্য বিক্রী করা হয় তাকে প্রকৃত বিক্রয় মূল্য বলে এবং যে পরিমাণ ছাড় দেয়া হয় তাকে বাটা বলে। আবার দেনা-পাওনা **১২০ টাকা** ক্ষেত্রে যে ছাড় পাওয়া যায় তাকেও বাটা বলে। যেমন : কোনো একটি পণ্যের তালিকামূল্য ১২০ টাকা এবং বিক্রী করবার সময় ছাড় দেয়া হল ১০ টাকা তাহলে –

তালিকামূল্য	১২০ টাকা
বাদ : কারবারী বাটা	<u>১০ টাকা</u>
প্রকৃত বিক্রয় মূল্য	<u>১১০ টাকা</u>

বাটা দুই প্রকার, যেমন : (১) কারবারী বাটা এবং (২) নগদ বাটা। বিক্রয় করার সময় তালিকা মূল্য থেকে যে ছাড় দেয়া হয় তাকে কারবারী বাটা বলে। অন্যদিকে বাকিতে বিক্রীত পণ্যের মূল্য $\frac{1}{2}$ আদায়ের জন্য বিক্রেতা তার পাওনা টাকা থেকে যদি কোন ছাড় দিয়ে থাকে তবে সেই ছাড়কে নগদ বাটা বলে।

তিন ঘরা নগদান বই লেখার নিয়ম

নিম্নোক্ত উদাহরণের মাধ্যমে আমরা তিন ঘরা বই সম্বন্ধে ধারণা লাভ করব।

উদাহরণ : জনাব আলমগীর খালেদের নিম্নলিখিত লেনদেনগুলো তিন ঘরা নগদান বইতে লিপিবদ্ধ Ki "b এবং নগদান বইটির উদ্ধৃত দেখান :

১৯৯৬

- জুন ১ নগদ তহবিল, ১৫,০০০ টাকা।
মালিবাগ চৌধুরীপাড়া
ঢাকা- ১২০০।

বিষয় : ম্যানেজার পদের জন্য সাক্ষাৎকার

জনাব
উপরে উল্লিখিত পদের জন্য আপনার ১৫ই ডিসেম্বর ১৯৯৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ই জানুয়ারি ১৯৯৬ইং তারিখে রোজ শনিবার সকাল ১০টার সময় আমাদের ৭৫, দিলকুশা ঢাকায় অবস্থিত প্রধান অফিসে মূল সনদপত্রসহ আপনাকে উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
উল্লেখ থাকে যে, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা বা খরচ দেয়া হবে না।

ধন্যবাদসহ
আপনার বিশ্বস্ত

(জিল্লুর রহমান)
ব্যবস্থাপক

পাঠ-৪ নিয়োগপত্র

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ নিয়োগপত্রে কি কি বিষয়ের উল্লেখ থাকে তা বলতে পারবেন।
- ◆ নমুনা নিয়োগপত্র লিখতে পারবেন।

বিষয়বস্তু



আবেদনকারীর আবেদনপত্র যাচাইয়ের পর চাকুরিদাতা আবেদনকারীদের যোগ্যতা যাচাইয়ের জন্য একটি সাক্ষাৎকারের আহ্বান করে। এই ক্ষেত্রে যে পত্রটি চাকুরিদাতা চাকুরিপ্রার্থীকে দেন তাকে বলা হয় “সাক্ষাৎকারপত্র”। সাক্ষাৎকারের ভিত্তিতে যদি আবেদনকারী যোগ্য বলে বিবেচিত হন তাহলে তাকে নিয়োগপত্র দেয়া হয় অথবা অযোগ্য প্রার্থীদের প্রত্যাখ্যানপত্র দেয়া হয়। নির্বাচিত প্রার্থী চাকুরীতে যোগদান করারক্ষেত্রে একটি যোগদানপত্র দান করেন। এইভাবে কোনো শূন্য পদ পূরণের জন্য বিভিন্ন পত্র ব্যবহৃত হয় এবং এই সকল পত্র লেখার ক্ষেত্রে একটি নির্দিষ্ট কাঠামো অনুসরণ করতে হয়।

নিয়োগপত্র

আবেদনকারীর আবেদন এবং যে সাক্ষাৎকারটি হলো তাতে আবেদনকারীকে চাকুরিতে যোগদানের জন্য প্রার্থীর নিকট যে পত্র প্রেরণ করা হয় তাকে নিয়োগপত্র বলে। নিয়োগপত্র মূলত চাকুরিপ্রার্থী ও চাকুরিদাতার মধ্যে একটি চুক্তিবিশেষ।

নিয়োগপত্রের বিষয়বস্তুসমূহ

নিয়োগপত্রে সাধারণত নিচের বিষয়গুলির উল্লেখ থাকে।

- ১। নিয়োগকৃত ব্যক্তির নাম
- ২। পদের নাম
- ৩। চাকুরির শর্তাবলি
- ৪। বেতন, ভাতা ইত্যাদি
- ৫। যোগদানের তারিখ ও স্থান
- ৬। চাকুরির প্রকৃত অর্থাৎ স্থায়ী অথবা অস্থায়ী

নমুনা নিয়োগপত্র

মেসার্স ক এন্ড ক
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ফোন নং

সূত্র

৩০শে জানুয়ারি, ১৯৯৬

জনাব ফারজানা বেগম
১৪, ডি, আই, টি রোড
মালিবাগ চৌধুরীপাড়া
ঢাকা-১২০০

বিষয় : নিয়োগপত্র

জনাব

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, আপনার মৌখিক পরীক্ষা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনা করে আমাদের প্রতিষ্ঠানে ম্যানেজার পদে নিযুক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আপনি উক্ত পদে প্রতিষ্ঠানের নির্ধারিত বেতন স্কেল অনুযায়ী সুযোগসুবিধা ভোগ করবেন। পদটিতে যোগদানের পরিশ্রমিতে আপনার অবগতি ও সিদ্ধান্তের জন্য প্রতিষ্ঠানের চাকুরির শর্তমালা সংযুক্ত করা হলো।

এ পত্র বিলির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে কাজে যোগদান আপনার নিয়োগকে নিশ্চিত করবে। উল্লেখ থাকে যে কাজে যোগদানের জন্য কোনোরূপ ভাতা দেয়া হবে না।

ধন্যবাদসহ

আপনার বিশ্বস্ত

(জিল্লুর রহমান)

ব্যবস্থাপক

সংযুক্তি

১. চাকুরির শর্তাবলি ও প্রতিষ্ঠানের নীতিমালা।

যোগদানপত্র

নিয়োগপত্রের পরিপ্রেক্ষিতে চাকুরিতে যোগদানের জন্য সম্মতিসূচক পত্রকে যোগদানপত্র বলে।

নমুনা যোগদানপত্র

১৪ই ফেব্রুয়ারি, ১৯৯৬

ব্যবস্থাপক
মেসার্স ক এন্ড ক
৭৫, দিলকুশা
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

বিষয় : ম্যানেজার পদে যোগদানপত্র।

জনাব

আমি আপনাদের পত্র নং তারিখ ১৪ই ফেব্রুয়ারি, ১৯৯৬ আজ সকাল ১০টা
আপনাদের কার্যালয়ে ম্যানেজার পদে যোগদান করলাম।
উল্লেখ তাকে যে, নিয়োগপত্রে উল্লিখিত চাকুরির শর্তমালা এবং নীতিমালার ক্ষেত্রে আমার কোনো
আপত্তি নাই।

আমার যোগদানপত্র গ্রহণ করলে বাধিত হবো।

ধন্যবাদসহকারে
আপনার বিশ্বস্ত

(ফারজানা বেগম)

পাঠোত্তর গ্ৰন্থ : ৯.৪



সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন।

- ১। চাকুরিদাতা আবেদনকারীকে যোগ্য বিবেচনা করে পত্রের মাধ্যমে জানালে সেই পত্রটিকে বলা হয়-
ক) যোগদানপত্র খ) নিয়োগপত্র
গ) আবেদনপত্র ঘ) সাক্ষাৎকারপত্র
- ২। নিয়োগপত্রের পরিপ্রেক্ষিতে চাকুরিতে যোগদানের জন্য সম্মতিসূচক পত্রকে বলা হয় -
ক) যোগদানপত্র খ) নিয়োগপত্র
গ) আবেদনপত্র ঘ) সাক্ষাৎকারপত্র



উত্তরমালা

পাঠোত্তর গ্ৰন্থ : ৯.১

১. খ ; ২. খ ; ৩. গ

পাঠোত্তর গ্ৰন্থ : ৯.২

১. খ ; ২. ঘ

পাঠোত্তর গ্ৰন্থ : ৯.৪


১. খ ; ২. ক

i Pbvgrj K Abkxj bx

১. আবেদনপত্র বলতে কি বুঝায়? আবেদন পত্র কি কি পদ্ধতিতে লেখা যেতে পারে? একটি আদর্শ আবেদনপত্রে কি কি বিষয় বিবেচনা করতে হয়?
২. কোনো একটি কারবার প্রতিষ্ঠানে কোনো পদ শূন্য থাকলে পদটি পূরণের জন্য প্রার্থীর কি কি অভিজ্ঞতা লাগে বর্ণনা Ki"b। প্রত্যেকটি পত্রের জন্য একটি করে নমুনা দেখান।

Z_vbymÜvb cĀ

ইউনিট



এ ইউনিটে রয়েছে

১০.১ : তথ্যানুসন্ধান পত্রের সংজ্ঞা,
শ্রেণীবিভাগ, প্রয়োজনীয়তা,

১০.২ : ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্রের সংজ্ঞা,
: ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র রচনার বিবেচ্য বিষয়,
নমুনা,

১০.৩ : ব্যবসায়িক তথ্যানুসন্ধান পত্রের সংজ্ঞা, ব্যবসায়িক
বিবেচ্য বিষয়, নমুনা।



ভূমিকা

মানুষ সমাজবদ্ধ জীব হিসেবে পরস্পর পরস্পরের সাথে যোগসূত্র তৈরি করে। বিষয়টি ব্যক্তিগত জীবন থেকে গুণ করে প্রাতিষ্ঠানিক পর্যায়ে পর্যন্ত বিস্তৃত। তবে সম্পর্ক স্থাপন বা সম্পর্ক তৈরীর ক্ষেত্রে একে অপরের সম্পর্কে খোঁজ-খবর করে এবং সঠিক ও গ্রহণযোগ্য তথ্যের ভিত্তিতে একে অপরের সততা, বিশ্বস্ততা, ঐকান্তিকতা, আর্থিক স্বাণ্ড্য ইত্যাদি সম্পর্কে নিশ্চিত হয়। এর পরই একজন ব্যক্তি অপর ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক গড়ে তোলে। অর্থাৎ নিজেদের প্রয়োজন অনুযায়ী পণ্য বা সেবা লেন-দেন করে। কেননা কোনো মানুষই স্বয়ংসম্মুখ নয় বলে একে অপরের উপর নির্ভর করতে হয়। একে অন্যের সাথে বিনিময় কার্য সম্পন্ন করার জন্য খোঁজ-খবরের জন্য তথ্যানুসন্ধান পত্র রচনা করে থাকে। এর দ্বারা একজন নিয়োগকর্তা বা একজন বিক্রেতা চাকুরি প্রার্থী বা ধারে ক্রেতা সম্পর্কে প্রয়োজনীয় তথ্য জেনে নেয়। এতে লেন-দেন সহজ হয়।

পাঠ-১ তথ্যানুসন্ধান পত্রের সংজ্ঞা, শ্রেণী বিভাগ ও প্রয়োজনীয়তা

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ তথ্যানুসন্ধান পত্র কি তা বলতে পারবেন।
- ◆ তথ্যানুসন্ধান পত্রের প্রকারভেদ সম্পর্কে বলতে পারবেন।
- ◆ এ ধরনের পত্রের গুণিত্ব বা প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবেন।

বিষয়বস্তু



বিনিময় কার্যক্রমই সমাজ জীবনের মূল চালিকা শক্তি। সভ্যতার উন্মালগ্ন থেকেই মানুষ প্রয়োজনে একে অপরের উপর নির্ভরশীল। এক্ষেত্রে পণ্য ও সেবার আদান-প্রদান তথ্য আদান-প্রদানের উপর নির্ভরশীল, যেমন একজন নিয়োগকর্তা চাকুরিপ্রার্থী সম্পর্কে খোঁজ-খবর করতে পারে, একজন বিক্রেতা বাকীতে পণ্য বিক্রি করতে পাও, ক্রেতার আর্থিক স্বচ্ছতা, সততা, সুনাম ইত্যাদি সম্পর্কে জানতে পারে, এ ধরনের তথ্য জানার জন্য যে চিঠি লেখা হয়, সেটিই তথ্যানুসন্ধান পত্র হিসেবে পরিচিত।

মোট কথা যে পত্রের সাহায্যে একজন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠানের খবর তৃতীয় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে জানা যায় তাকে তথ্যানুসন্ধান পত্র বলে।

তথ্যের সন্ধান করাই তথ্যানুসন্ধান পত্রের মূল কাজ। এ ধরনের পত্র একজন প্রেরককে প্রয়োজনীয় খোঁজ-খবর নিতে সাহায্য করে।

তথ্যানুসন্ধান পত্রের শ্রেণীবিভাগ

তথ্যানুসন্ধান পত্রকে তথ্যের প্রয়োজন অনুযায়ী সাধারণত দু'ভাগে ভাগ করা যায়। যথা—

১. ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র।
২. ব্যবসায়িক তথ্যানুসন্ধান পত্র।

প্রয়োজনীয়তা

সাধারণত দু'ধরনের উদ্দেশ্যকে সামনে রেখে তথ্যানুসন্ধান পত্র তৈরি করা হয়। প্রথমত একজন সম্ভাব্য চাকুরি প্রার্থী সম্পর্কে নিশ্চিত হওয়া, দ্বিতীয়ত বাকীতে লেন-দেনের সুযোগকে সুবিবেচনা করা। এজন্য একটি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য তথ্যানুসন্ধান পত্র অত্যন্ত গুণিত্ব বা ত্বপূর্ণ।

নিম্নে তথ্যানুসন্ধান পত্রের গুণিত্ব বা প্রয়োজনীয়তাকে তুলে ধরা হলো—

১. **সঠিক তথ্য** : চাকুরি ও বাকীতে লেন-দেন করার জন্য একজন চাকুরিপ্রার্থী ও ক্রেতা যে তথ্য দেয় এ সকল তথ্য সঠিক ও সত্য কিনা তা তথ্যানুসন্ধান পত্রের মাধ্যমে যাচাই করা যায়।

২. **দক্ষতা যাচাই** : তথ্যানুসন্ধান পত্রের মাধ্যমে একজন চাকুরি প্রার্থীর যোগ্যতা ও দক্ষতা সম্পর্কে জানা যায়। আবেদনপত্রের উল্লেখিত পরিচয় সূত্রের কাছে চিঠি লেখে একজন প্রার্থীর দক্ষতা যাচাই করা যায়।
৩. **সততা যাচাই** : যোগ্যতা অনুসন্ধান পত্রের দ্বারা অনুসন্ধানকারী প্রার্থীর সততা, নিষ্ঠা ও অন্যান্য চারিত্রিক গুণাবলির খবর জানতে পারে। ফলে উপযুক্ত কর্মী নিয়োগ করা সহজ হয়।
৪. **আর্থিক স্বচ্ছলতা ও সুনাম** : ব্যবসায়ী তথ্যানুসন্ধান পত্রের মাধ্যমে বিক্রেতা ফরমায়েশ প্রদানকারী প্রতিষ্ঠানের আর্থিক সামর্থ্য, সততা ও সুনাম সম্পর্কে খোঁজ-খবর নিতে পারে। এতে ধারে লেন-দেন সহজ হয়।
৫. **কর্মসংস্থান** : তথ্যানুসন্ধান পত্রের মাধ্যমে একজন প্রার্থী সম্পর্কে নিশ্চিত হওয়া যায় বলে একজন নিয়োগকর্তা তাকে চাকুরিতে নিয়োগ করতে পারে। এতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়।
৬. **অনাদায়ী হ্রাস** : এ পত্র অনাদায়ী দেনার পরিমাণ কমাতে সাহায্য করে। কেননা ক্রেতার আর্থিক স্বচ্ছলতার কথা জেনেই বিক্রেতা পণ্য বাকীতে বিক্রয় করে।
৭. **গোপনীয়তা রক্ষা** : চিঠির মাধ্যমে খোঁজ-খবর নেয়া হয় বলে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক তথ্যের গোপনীয়তা বজায় থাকে। ফলে ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিপক্ষে কোনো তথ্য তাদের সুনাম ক্ষুণ্ণ করে না।
৮. **বিক্রয় বৃদ্ধি** : তথ্যানুসন্ধান পত্র ধারে লেন-দেন করতে সহায়তা করে বলে বিক্রয়ের পরিমাণ বাড়ে। ফলে বিক্রেতা লাভবান হয়, পাশাপাশি দেশও আর্থিক ভাবে উন্নত হয়।

উপরের আলোচনায় এ কথাই প্রমাণিত হয় যে, কর্মী নির্বাচন ও কারবারী লেন-দেন পরিচালনা ও প্রসারণের ক্ষেত্রে তথ্যানুসন্ধানপত্র অত্যন্ত গুণী "ত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পাঠ সংক্ষেপ

কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সম্পর্কে জানার জন্য যে পত্র লেখা হয় তাকে তথ্যানুসন্ধান পত্র বলে। তথ্যানুসন্ধান পত্র দু'ধরনের হয়ে থাকে। সৎকর্মী নিয়োগ ও ধারে বিক্রয়ের ক্ষেত্রে তথ্যানুসন্ধান পত্র অত্যন্ত গুণী "ত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পাঠোত্তর গ্ৰন্থ : ১০.১



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। তথ্যানুসন্ধান পত্রের মাধ্যমে কি করা হয় ?
 - ক) শুধু ব্যক্তির খোঁজ-খবর নেওয়া
 - খ) শুধু প্রতিষ্ঠানের খোঁজ-খবর নেওয়া
 - গ) ব্যক্তি ও প্রতিষ্ঠান উভয়ের তথ্য সংগ্রহ করা
 - ঘ) যে কোনো ধরনের তথ্য সংগ্রহ করা
- ২। তথ্যানুসন্ধান পত্র সাধারণত
 - ক) তিন প্রকার
 - খ) চার প্রকার
 - গ) দু'প্রকার
 - ঘ) পাঁচ প্রকার
- ৩। তথ্যানুসন্ধান পত্র কেন অত্যন্ত গুণী "তুপূর্ণ ?
 - ক) সঠিক তথ্য জানা যায়
 - খ) কর্মীর দক্ষতা যাচাই করা যায়
 - গ) প্রতিষ্ঠানের সুনাম ও স্ব "লিতা জানা যায়
 - ঘ) উপরের সব বিষয় সম্পর্কে জানা যায়
- ৪। তথ্যানুসন্ধান পত্র কি?
 - ক) বিক্রয় বৃদ্ধি করে
 - খ) সুনাম বৃদ্ধি করে
 - গ) ব্যয় বৃদ্ধি করে
 - ঘ) যোগাযোগ বৃদ্ধি করে।


পাঠ-২ ব্যক্তিগত তথ্যানুসন্ধানপত্র

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্রের সংজ্ঞা দিতে পারবেন।
- ◆ এ পত্র রচনার বিবেচ্য বিষয় সম্পর্কে বলতে পারবেন।
- ◆ ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র লিখতে পারবেন।

বিষয়বস্তু



একজন ব্যক্তি সম্পর্কে জানা একজন নিয়োগকর্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। চাকুরি ক্ষেত্রে একজন কাজ করতে পারবে তা আগেই জেনে নেয়া ভালো। এজন্য একজন চাকুরিদাতা চাকুরীর আবেদনকারী সম্পর্কে তার আগের নিয়োগকর্তা বা আবেদনকারীর পরিচিত কোনো লোকের কাছ থেকে জেনে নেয়। এক্ষেত্রে নিয়োগকর্তা যে পত্র তৈরি করে, সেটিই ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র। সহজ কথায় যে পত্রের মাধ্যমে একজন চাকুরিদাতা তৃতীয় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে আবেদনকারীর ব্যক্তিগত যোগ্যতা, অভিজ্ঞতা, সততা, ও দক্ষতা সম্পর্কে জানতে পাবেন তাকে ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র বলে।

সাধারণত অনেক প্রার্থীর মধ্য থেকে যোগ্যতম প্রার্থী বাছাইয়ের জন্য তথ্যানুসন্ধান পত্র রচিত হয়ে থাকে। এরদ্বারা দক্ষ, সৎ ও নিষ্ঠাবান কর্মী নির্বাচন সহজ হয়।

ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্রের বিবেচ্য বিষয় :

চাকুরিতে নিয়োগ বা অন্য কোনো প্রয়োজনে একজন ব্যক্তি সম্পর্কে জানবার জন্য তৃতীয় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে লিখতে হয়। এজন্য অত্যন্ত সতর্কতার সাথে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হয়।

১. পত্রে প্রাপক ও তথ্যানুসন্ধানকারীর পূর্ণ নাম ও ঠিকানা থাকতে হবে,
২. যার সম্পর্কে তথ্য চাওয়া হয়েছে তার পূর্ণ নাম ও ঠিকানা থাকতে হবে,
৩. পত্রে অনুসন্ধানকারী ব্যক্তি সম্পর্কে অনুসন্ধানের কারণ ব্যাখ্যা করতে হবে,
৪. ব্যক্তির কোনো বিষয়ে তথ্য জানা প্রয়োজন, পত্রে উক্ত বিষয়ের উল্লেখ করতে হবে,
৫. তথ্য সরবরাহকারীকে নিরপেক্ষভাবে তথ্য সরবরাহের অনুরোধ করতে হবে,
৬. তথ্য সরবরাহকারীরে সরবরাহকৃত তথ্য গোপন রাখার চুক্তি দিতে হবে,
৭. ভবিষ্যত প্রয়োজনে সরবরাহকারীকে অনুরূপ সহায়তার আশ্বাস দিতে হবে,
৮. ফিরতি খাম ও ডাক টিকেটসহ পত্র পাঠাতে হবে।

আলোচিত বিষয়গুলো সঠিকভাবে পালিত হলে, একটি তথ্যানুসন্ধান পত্র কার্যকর ভূমিকা পালন করতে পারবে।

ওপেন স্কুল

ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্রের নমুনা :

একজন চাকুরি প্রার্থী সম্পর্কে জানার জন্য তার আগের চাকুরীদাতার কাছে একটি চিঠি লিখুন।

(ব্যক্তিগত ও গোপনীয়)

ছোয়া বুক হাউস

১৭, বাংলা বাজার, ঢাকা,

ফোন- ৪২৫৫০৮

২৫ আগস্ট, ১৯৯৬ ইং।

বরাবর

ব্যবস্থাপক

সান্টফ এন্টার প্রাইজ

২০ স্টেশন রোড, ময়মনসিংহ।

বিষয় : কর্ম প্রার্থীর যোগ্যতা অনুসন্ধান।

জনাব,

আমাদের প্রতিষ্ঠানে হিসাব রক্ষকের শূন্য পদে আপনাদের প্রতিষ্ঠানের হিসাবরক্ষক জনাব মীর্জা ফিরোজ একজন চাকুরিপ্রার্থী। পরিচয়সূত্রে সে আপনার প্রতিষ্ঠানের নাম উল্লেখ করেছে। তাই আপনার কাছে পত্র লিখছি। দয়া করে নিম্নলিখিত তথ্যগুলো জানালে বাধিত হব।

১. জনাব ফিরোজের সাথে আপনাদের পরিচয় কত দিনের ?
২. একজন হিসাবরক্ষক হিসাবে সে কতটুকু দক্ষ ?
৩. আপনার প্রতিষ্ঠানে সে কত বেতন পেতেন ?
৪. আপনার প্রতিষ্ঠান ছাড়ার কারণ কি ?

জনাব মীর্জা ফিরোজ সম্পর্কে আপনার দেয়া তথ্য অবশ্যই গোপন রাখা হবে। ভবিষ্যতে আমরাও আপনাদেরকে অনুরূপ সাহায্য করার আশা রাখি।

আপনার বিশ্বস্ত —

সালাহ্ উদ্দিন আহমেদ

পরিচালক।

পাঠ সংক্ষেপ

কোনো চাকুরীপ্রার্থী সম্পর্কে জানার জন্য যে পত্র লেখা হয় তাকে ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র বলে। এ ধরনের পত্র লেখার সময় তথ্য সরবরাহকারী ও অন্যান্য বিষয় সম্পর্কে বিবেচনা করতে হয়। জনাব মীর্জা ফিরোজ সম্পর্কে কিছু তথ্য জানতে চেয়ে একটি পত্র লেখা হলো।

পাঠোত্তর গ্জ 'vq b : ১০.২



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্রের মাধ্যমে কি করা যায়?
 - ক) ব্যক্তি সম্পর্কে জানা
 - খ) কর্মীর দক্ষতা সম্পর্কে জানা
 - গ) পাত্র সম্পর্কে জানা
 - ঘ) দেনাদার সম্পর্কে জানা
- ২। ব্যক্তিগত তথ্যানুসন্ধান পত্র রচনার সময় কি করতে হয়?
 - ক) অনুসন্ধানের কারণ ব্যাখ্যা
 - খ) অনুসন্ধানের নির্দিষ্ট বিষয় উল্লেখ
 - গ) নিরপেক্ষ তথ্য সরবরাহের অনুরোধ
 - ঘ) উপরের সবগুলো বিষয় বিবেচনা।

ব্যবসা তথ্যানুসন্ধান পত্রের নমুনা

আপনার সাথে ধারে লেন-দেন করতে চায় এরূপ একজন ক্রেতার আর্থিক স্বাভাবিকতা সম্পর্কে জানতে চেয়ে পরিচয় সূত্রে উল্লেখিত প্রতিষ্ঠানের কাছে একটি চিঠি লিখুন।

(ব্যক্তিগত ও গোপনীয়)

মুক্তা বন্দ্র সম্ভার

১০, নিউ এলিফেন্ট রোড, ঢাকা - ১২০৫।

২৯ অক্টোবর ১৯৯৬ ইং।

বরাবর

ব্যবস্থাপক

মনি বস্ত্রালয়

৪২, আন্দরকিল্লা, চট্টগ্রাম।

জনাব,

আপনার এলাকার ১৫, আন্দরকিল্লার 'সোমা বস্ত্রালয়' আমাদের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করতে চায়। তারা পরিচয় সূত্রে আপনার প্রতিষ্ঠানের নাম উল্লেখ করেছে। বহুদিন যাবৎ ব্যবসা পরিচালনা করতে গিয়ে আমরা একে অপরের মঙ্গলাকাজী। সে কারণে আমরা আপনার কাছ থেকে কিছু তথ্য জানতে চাই।

১. সোমা বস্ত্রালয়ের সাথে আপনাদের ব্যবসায়িক সম্পর্ক আছে কিনা ?
২. উক্ত প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা কেমন ?
৩. বাজারে উক্ত প্রতিষ্ঠানের সুনাম কেমন ?
৪. লেন-দেনের ব্যাপারে তারা সৎ কিনা ?

আপনার পাঠানো তথ্য গোপন রাখা হবে এবং ভবিষ্যতে আপনাদের এ ধরনের কোনো তথ্যের প্রয়োজন হলে জানাবেন।

ধন্যবাদান্তে –

আপনার বিশ্বস্ত –

Kvgi "b নেছা মুক্তা

মালিক।

পাঠ সংক্ষেপ

ধারে লেন-দেনের জন্য ক্রেতার আর্থিক স্বাচ্ছন্দতা জানতে চেয়ে যে পত্র লেখা হয় তাকেই ব্যবসা তথ্যানুসন্ধান পত্র বলে। এ পত্র রচনার সময় অনেকগুলো বিষয়কে বিবেচনা করতে হয়। বিক্রয় কার্য সম্পাদনের জন্য একটি ব্যবসা তথ্যানুসন্ধান পত্র লেখা হয়।

পাঠোত্তর গ্জ '৭qb : ১০.৩



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। ব্যবসা তথ্যানুসন্ধান পত্রে কি করা হয়?
 - ক) প্রতিষ্ঠানের আয়তন জানতে চাওয়া হয়
 - খ) প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জানতে চাওয়া হয়
 - গ) ব্যবসায়ের পুঁজির পরিমাণ জানতে চাওয়া হয়
 - ঘ) ক্রেতাকে শুভেচ্ছা জানানো হয়
- ২। ব্যবসা তথ্যানুসন্ধানের জন্য কার কাছে লেখা হয়?
 - ক) সম্ভাব্য ক্রেতার কাছে
 - খ) দেনাদারের কাছে
 - গ) বাকীতে ক্রেতার কাছে
 - ঘ) ক্রেতার পরিচিত তৃতীয় পক্ষের কাছে
- ৩। ব্যবসা অনুসন্ধান পত্র রচনার সময় কি করা হয় ?
 - ক) সন্ধানী প্রতিষ্ঠানের পরিচয় প্রদান
 - খ) উদ্দেশ্য ব্যাখ্যা করণ
 - গ) গোপনীয়তার আশ্বাস
 - ঘ) উপরের সবগুলো বিষয়ই বিবেচনা
- ৪। ব্যবসা অনুসন্ধান পত্র কি করে ?
 - ক) লেন-দেনের পথ প্রশস্ত করে
 - খ) ব্যবসায়ের সুনাম বাড়ায়
 - গ) ব্যবসায়ীক সম্পর্কে খোঁজ-খবর করে
 - ঘ) ব্যবসায়ের বিজ্ঞাপনের কাজ করে



উত্তরমালা

পাঠোত্তর গ্জ '৭qb : ১০.১

১. গ ; ২. গ ; ৩. খ ; ৪. ক

পাঠোত্তর গ্জ '৭qb : ১০.২


১. ক ; ২. ঘ

পাঠোত্তর গ্জ '৭qb: ১০.৩

১. খ ; ২. ঘ ; ৩. ঘ ; ৪. ক

i Pbvqj K cKqvj v

1. Z_vbqmÜvb cÎ KvK etj ? Z_vbqmÜvb cÎ i tkYweFvM Avtj vPbv Ki "b|
2. Z_vbqmÜvb cÎ i msÁv w` b| Gi cØqvRbxqZv Avtj vPbv Ki "b|
3. e^{w³}MZ Z_vbqmÜvb cÎ wK ? e^{w³}MZ Z_vbqmÜvb cÎ i Pbvq wK wK wclq wetePbv KiZ nq ?
4. GKRB Pvkwi cØ_x[©]m^ú†K[©]Rvbi Rb" Zvi Av†Mi w†qMKvixi KvQ GKwU Z_vbqmÜvb cÎ i Pbv Ki "b|
5. Kvi evix Z_vbqmÜvb cÎ wK ? G cÎ i Pbv weteP" wclq_s tj v D†j L Ki "b|
6. Avcbvi cØZôvb n†Z GKRB tµZv av†i gj µq KiZ Pq| D^³ cØZôv†bi Aw_ℳ[^]Qj Zv m^ú†K[©]Rv†Z ††q cwi Pq m†† D†j wLZ Aci GK cØZôv†bi KvQ GKwU wPw wj Lp|



এ ইউনিটে আছে

- ১১.১ : ফরমায়েশ পত্রের সংজ্ঞা, বিবেচ্য বিষয়/বিষয়বস্তু, নমুনা,
- ১১.২ : ফরমায়েশ স্বীকার পত্রের সংজ্ঞা, নমুনা, ফরমায়েশ সম্পাদন পত্রের সংজ্ঞা, নমুনা,
- ১১.৩ : ফরমায়েশ প্রত্যাহান সংজ্ঞা, নমুনা,
: ফরমায়েশ বাতিল পত্রের সংজ্ঞা, নমুনা,
- ১১.৪ : অভিযোগ পত্রের সংজ্ঞা, রচনার বিবেচ্য বিষয়, নমুনা।



সভ্য জগতে কোনো ব্যক্তি এককভাবে স্বয়ংসম্পূর্ণ নয়। তাকে চাহিদা পূরণের জন্য অপর ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর নির্ভর করতে হয়। একথা সত্য যে, প্রায়শই উৎপাদক বা বিক্রেতা-ক্রেতা থেকে অনেক দূরে অবস্থান করে। এমনকি ক্ষেত্র বিশেষে বিদেশেও অবস্থান করতে পারে। সেক্ষেত্রে একজন ক্রেতা পণ্যের দাম জেনে নিয়ে বিক্রেতা বা উৎপাদকের কাছে তার চাহিদা মাফিক পণ্য সরবরাহের আদেশ দিতে পারে। সাধারণত বিক্রেতার কাছ থেকে মূল্য জ্ঞাপন পত্র পাবার পরই ক্রেতা পণ্যের দাম ও অন্যান্য শর্ত মেনে নিলে পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিতে পারে। একজন ক্রেতা যখন তার ক্রয় B"Q" পত্রের মাধ্যমে পণ্যের বিক্রেতাকে জানায় তখন ঐ পত্রকে ফরমায়েশ পত্র হিসাবে ধরা হয়। এ পণ্যের পরিমাণ ও অন্যান্য আনুষঙ্গিক বিবরণ থাকে। অবশ্য ক্ষেত্র বিশেষে ক্রেতা ফরমায়েশ পত্রে কিছু শর্তও জুড়ে দিতে পারে।

পাঠ-১ ফরমায়েশ পত্রের সংজ্ঞা, বিষয়বস্তু, নমুনা

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ ফরমায়েশ পত্রের সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ ফরমায়েশ পত্র রচনার বিবেচ্য বিষয় বা বিষয়বস্তু সম্পর্কে বলতে পারবেন।
- ◆ পণ্য ক্রয়ের উদ্দেশ্যে একটি ফরমায়েশ পত্র লিখতে পারবেন।

বিষয়বস্তু



ফরমায়েশ শব্দটির অর্থ হলো কোনো কিছু সরবরাহের নির্দেশ। যখন একজন ভোক্তা কোনো পণ্য ভোগের প্রয়োজন মনে করেন, তখন চাহিদা মাফিক পণ্যটি সম্ভাব্য বা নির্দিষ্ট বিক্রেতা বা উৎপাদকের কাছে চেয়ে পাঠাতে পারেন। অবশ্য বর্তমানে টেলি যোগাযোগের উন্নতির কারণে টেলিফোনেও পণ্য সরবরাহের নির্দেশ দেয়া যেতে পারে। তবে এটি দলিল পত্রের দিক থেকে গ্রহণযোগ্য নয়। তাই যখন ক্রেতা চিঠির মাধ্যমে পণ্য সরবরাহের নির্দেশ প্রদান করে তখন তাকে ফরমায়েশ পত্র বলে।

সহজ কথায় কোনো ব্যক্তি বা কারবারী প্রতিষ্ঠান তার প্রয়োজনীয় পণ্য ক্রয়ের জন্য বিক্রেতা বা উৎপাদকের কাছে যে লিখিত অনুরোধ জানায় তাকে ফরমায়েশ পত্র বলে।

বিক্রয় প্রস্তাব প্রাপ্তির পর বা বিক্রয় প্রস্তাব ছাড়াই একজন ক্রেতা ফরমায়েশ পত্র তৈরি করতে পারে। ফরমায়েশ পত্রে ক্রেতা কিছু শর্ত, যেমন, দাম পরিশোধ পদ্ধতি, বহনের ধরণ, প্যাকিং ইত্যাদি জুড়ে দিতে পারে। আবার কোনো শর্ত ছাড়া শুধু পণ্যের পরিমাণ জানিয়েও ফরমায়েশপত্র লিখতে পারে। যার ফলে ফরমায়েশ দু'ধরনের হয়ে থাকে। যথা- | "দ্ধ ফরমায়েশ ও মুক্ত ফরমায়েশ। শর্ত যুক্ত | "দ্ধ এবং শর্তহীন ফরমায়েশ মুক্ত ফরমায়েশ হিসেবে বিবেচিত।

ফরমায়েশ পত্রে উল্লেখিত বিষয়/বিবেচ্য বিষয়

সঠিক ফরমায়েশের উপরই নির্ভর করে পছন্দ মাফিক পণ্যের সরবরাহ। তাই ফরমায়েশ পত্র রচনার সময় নিম্নলিখিত বিষয়গুলোর উল্লেখ করতে হয়—

১. পণ্যের বিবরণ : যে পণ্যের জন্য ফরমায়েশ প্রদান করা হবে তার পূর্ণাঙ্গ বিবরণ, যেমন - নাম, মান, রং, ওজন ইত্যাদি ফরমায়েশ পত্রে উল্লেখ থাকতে হবে।
২. সরবরাহের সময় : ক্রেতা ফরমায়েশকৃত মাল কখন, কোথায়, কিভাবে সরবরাহ পেতে চায় তা উল্লেখ করতে হবে।

৩. **পণ্যের দাম :** ক্রেতা যে দামে পণ্য ক্রয় করতে চায় তা পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে। কোনো কোনো সময় বিক্রেতাকে নির্দিষ্ট মূল্যের পণ্য প্রেরণের অনুরোধও পত্রে থাকতে পারে।
৪. **মূল্য পরিশোধ পদ্ধতি :** পণ্য মূল্য পরিশোধ সম্পর্কে কোনো পূর্ব চুক্তি না থাকলে, ফরমায়েশ পত্রে মূল্য পরিশোধের বিস্তারিত বিবরণ দিতে হবে।
৫. **পরিবহণ সংক্রান্ত নির্দেশ :** বিক্রেতা কিভাবে ক্রেতার কাছে মাল পৌঁছাবে ফরমায়েশ পত্রে তা উল্লেখ থাকা প্রয়োজন। পণ্য সড়ক, নৌ, বিমান ইত্যাদি যে কোনো পথে পরিবাহিত হতে পারে।
৬. **ফরমায়েশ নম্বর :** ফরমায়েশ পত্রে অবশ্যই ফরমায়েশের তারিখ ও নম্বরের উল্লেখ থাকতে হবে।
৭. **পণ্য গ্রহণের স্থান :** ফরমায়েশ দাতা কোনো ঠিকানায় পণ্য গ্রহণ করতে B"OK তা উল্লেখ করতে হবে। প্রয়োজনে এজেন্টের নামও উল্লেখ করতে হবে।
৮. **অন্যান্য নির্দেশ :** উল্লেখিত বিষয়গুলো ছাড়াও ফরমায়েশ পত্রে কিছু বিশেষ নির্দেশ থাকতে পারে। যেমন— মালের প্যাকিং, বীমা, সরকারী গুন্ড ইত্যাদি।

নমুনা

১. কাপড় ক্রয়ের জন্য ফরমায়েশ পত্র।

ফারজানা ইমপেরিয়াম

১০, গভ. নিউমার্কেট, ঢাকা

সূত্র নং ২৫-৯৬(৫)

মে ২৮, ১৯৯৬ ইং।

পাপু শাড়ি কুটির
২৭ সদর রোড, টাঙ্গাইল,

জনাব,

২০ মে ১৯৯৬ তারিখে আপনাদের প্রেরিত মূল্য তালিকার জন্য ধন্যবাদ। চিঠি পাবার ৭ দিনের মধ্যে সড়ক পথে নিম্নলিখিত তালিকা অনুযায়ী মাল প্রেরণের অনুরোধ জানাচ্ছি।

মালের বিবরণ -

- | | |
|-----------------------------------|--------------------------|
| ১. ১০০ খানা- বালুচরি শাড়ি | - প্রতিখানা ২৫০.০০ টাকা। |
| ২. ২০০ খানা- কোটা শাড়ি | - প্রতিখানা ৫৫০.০০ টাকা। |
| ৩. ২০০ খানা- হাফ সিল্ক শাড়ি | - প্রতিখানা ৩৭৫.০০ টাকা। |
| ৪. ৩০০ খানা- টাঙ্গাইল বুটিক শাড়ি | - প্রতিখানা ৩২৫.০০ টাকা। |

বৃষ্টির দিন বলে শাড়িগুলো পলিথিন দিয়ে প্যাক করে দেবেন। মাল পাওয়ার সাথে সাথেই ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে মালের দাম পরিশোধ করে দেয়া হবে।

আপনার বিশ্বস্ত -

স্বাঃ

ফারজানা ইয়াসমীন

মহাব্যবস্থাপক।

ওপেন স্কুল

২. বই ক্রয়ের জন্য ফরমায়েশ পত্র ।

মীম বুক হাউস

৩, স্টেশন রোড, ময়মনসিংহ ।

সূত্র নং ৮১/২/৯৬

৩০ মে, ১৯৯৬ইং

ব্যবস্থাপক

জিনিয়াস পাবলিকেশন

৮/৩ বাংলা বাজার

ঢাকা - ১১০০ ।

জনাব,

আপনাদের ২৫-০৫-৯৬ তারিখের পত্র ও সর্বশেষ মূল্য তালিকা পেয়ে আমরা আনন্দিত । আমরা আপনাদের বিক্রয় শর্তাদি গ্রহণ করে নিম্নবর্ণিত বইগুলো ক্রয় করার জন্য ফরমায়েশ দিচ্ছি—

ক্রম.	বইয়ের নাম	লেখকের নাম	মূল্য	সংখ্যা
১.	কারবার পদ্ধতি ও বাণিজ্যলিপি	লতিফুর রহমান	১৫০/-	২০ কপি
২.	D"PZi অর্থনীতি	আবেদীন, বাকী, আখতার	৬৪/-	৫০ ,,
৩.	আধুনিক ব্যবস্থাপনা	রশীদুজ্জামান	২০০/-	২৫ ,,
৪.	ব্যবসায়িক যোগাযোগ	ড. শ্যামসুন্দর কর্মকার	৯৫/-	২০ ,,
৫.	বীমার রূপরেখা	মুহম্মদ আবু তাহের ভূঁইয়া	১৫০/-	২০ ,,

মূল্য তালিকার শর্ত অনুযায়ী ২০% হারে বাট্টা বাদ দিয়ে বিল পাঠাবেন । মাল প্রাপ্তির তিন দিনের মধ্যে মালের দাম ড্রাফট করে ডাকযোগে পাঠিয়ে দেব । সময়মত বই পাবার অপেক্ষায় রইলাম ।

আপনার বিশ্বস্ত -

সালাহ উদ্দিন পাণ্ডু

ব্যবস্থাপক ।

পাঠ সংক্ষেপ

ক্রেতা পছন্দ মারফিক পণ্য সরবরাহের আদেশ দিয়ে বিক্রেতাকে যে পত্র লেখে তাকে ফরমায়েশ পত্র বলে। ফরমায়েশ পত্র রচনার সময় সর্তকতার সাথে কিছু বিষয় বিবেচনা করতে হয় যাতে বিক্রেতা সঠিক পণ্যটি সরবরাহ করতে পারে। বস্ত্র ও বই ক্রয়ের ফরমায়েশ পত্রের দুটি নমুনা দিয়ে বস্ত্র ও বই ক্রয়ের ফরমায়েশ প্রদান করা যাবে।

পাঠোত্তর গ্জ িব্গ : ১১.১



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। ফরমায়েশ পত্র বলতে কি বোঝায় ?
 - ক) কাপড় পাঠানোর আদেশ
 - খ) খাবার পাঠানোর নির্দেশ
 - গ) পণ্য সরবরাহের নির্দেশ
 - ঘ) কর্মচারী পাঠানোর নির্দেশ।
- ২। ফরমায়েশ পত্রে কি থাকে ?
 - ক) পণ্যের বিবরণ
 - খ) প্রতিষ্ঠানের বিবরণ
 - গ) বিক্রেতার আকারের বর্ণনা
 - ঘ) ব্যবসায়িক অবস্থার বর্ণনা।
- ৩। ফরমায়েশ কয় ধরনের হয়ে থাকে?
 - ক) চার
 - খ) পাঁচ
 - গ) এক
 - ঘ) দুই।
- ৪। ফরমায়েশ পত্রে পণ্য তালিকা –
 - ক) দিতে হয়
 - খ) না দিলেও চলে
 - গ) দেয়া বাধ্যতামূলক
 - ঘ) একেবারেই দিতে হয় না।

পাঠ-২ ফরমায়েশ স্বীকার পত্র, সম্পাদন পত্র

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ ফরমায়েশ স্বীকার ও সম্পাদন পত্র কি তা বলতে পারবেন।
- ◆ এ ধরনের পত্র রচনায় কি কি বিষয় বিবেচিত হয়, তা বলতে পারবেন।
- ◆ ফরমায়েশ স্বীকার ও সম্পাদন পত্র লিখতে পারবেন।

বিষয়বস্তু



ফরমায়েশ পত্র পাবার পর একজন বিক্রেতা ফরমায়েশ গ্রহণ করতে পারে বা প্রত্যাখানও করতে পারে। যখনই ক্রেতার পাঠানো শর্ত গ্রহণযোগ্য হয় ও ফরমায়েশ মত মাল পাঠানোর যথাযথ ব্যবস্থা থাকে, তখন বিক্রেতা ফরমায়েশকারীকে ফরমায়েশ গ্রহণের কথা বা ফরমায়েশ প্রাপ্তির কথা স্বীকার করে ক্রেতাকে পত্র পাঠায় এ ধরনের পত্রই ফরমায়েশ স্বীকার পত্র হিসেবে পরিচিত।

ক্রেতার ফরমায়েশ পাবার পর বিক্রেতা পণ্য সরবরাহের ই"টা জানিয়ে ফরমায়েশ দাতাকে যে পত্র পাঠায় তাকে ফরমায়েশ স্বীকার পত্র বলে। মূলত বিক্রেতা ফরমায়েশ পত্রের প্রাপ্তি স্বীকার করে যে পত্র রচনা করে, সেটিই ফরমায়েশ স্বীকার পত্র।

ফরমায়েশ স্বীকার পত্রে উল্লেখ্য বিষয়

সাধারণত ফরমায়েশ স্বীকার পত্রে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করা হয়—

১. ফরমায়েশ পত্রের তারিখ ও ক্রমিক নম্বর,
২. ফরমায়েশ পাঠানোর জন্য ধন্যবাদ,
৩. পণ্য পাঠাবার নির্দিষ্ট সময়,
৪. পণ্যের বিবরণ, দাম পরিশোধ নিয়ম,
৫. ফরমায়েশ পত্র সংশোধনের অনুরোধ,
৬. পরিবহণ, প্যাকিং ও বীমার বিবরণ,
৭. যে কোনো বিষয়ে বিশেষ বক্তব্য,

এ পত্রে ফরমায়েশ পত্রের প্রাপ্তিস্বীকার ও ফরমায়েশ গ্রহণের বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকে।

ফরমায়েশ স্বীকার পত্রের নমুনা ।

জয় পাবলিকেশন

২৩, বাংলা বাজার, ঢাকা-১১০০ ।

৩০ মে, ১৯৯৬ ইং ।

মম বুক হাউজ
১২৫, দক্ষিণ বাড়ি,
গুলশান, ঢাকা ।

বিষয় : ৮৫/২/৯৬ নং ফরমায়েশের স্বীকৃতি ।

জনাব,

২৫/৫/৯৬ তারিখে পাঠানো ফরমায়েশ পত্রের জন্য অনেক ধন্যবাদ । আপনাদের ফরমায়েশকৃত সমুদয় বই আমাদের মজুদে আছে । আগামী দু'একদিনের মধ্যে ভালোভাবে প্যাকিং করে আমাদের নিজস্ব ভ্যানযোগে আপনার দোকানে পাঠিয়ে দেব ।

বিল পাওয়ার তিন দিনের মধ্যে আপনাদের প্রতিনিধি দিয়ে বইয়ের দাম পরিশোধ করে দেবেন । আশাকরি আমাদের ভবিষ্যত ব্যবসায়িক লেন-দেন উত্তরোত্তর বাড়তে থাকবে ।

আপনার বিশ্বস্ত —

মেহেদী হাসান
মালিক ।

ফরমায়েশ সম্পাদন পত্র

ফরমায়েশ গ্রহণ করে পত্র পাঠানোর পর বিক্রেতার পরবর্তী দায়িত্ব ফরমায়েশ পণ্য পাঠানোর ব্যবস্থা করা । বিক্রেতা ক্রেতার নির্দেশ অনুযায়ী পণ্য সংগ্রহ বা উৎপাদন করে পরিবহণযোগে পণ্য পাঠানোর ব্যবস্থা করার পরই তা ক্রেতাকে পত্র যোগে জানিয়ে দেয় । বিক্রেতার এ ধরনের পত্রকে ফরমায়েশ সম্পাদনপত্র হিসেবে অভিহিত করা হয় ।

ওপেন স্কুল

ক্রেতার ফরমায়েশ অনুযায়ী মাল-পত্র পাঠানোর পর বিক্রেতা দলিলপত্রসহ পণ্য পাঠানোর সংবাদ দিয়ে যে পত্র লেখে তাকেই ফরমায়েশ সম্পাদন পত্র বলে।

ফরমায়েশ সম্পাদন পত্র পাবার পরই ফরমায়েশ দাতা মাল ছাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। এমনকি মালের মূল্যও পরিশোধ করে দেয়।

ফরমায়েশ সম্পাদন পত্রে উল্লিখিত বিষয়

ফরমায়েশ সম্পাদন পত্রে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হয়—

১. ফরমায়েশ পত্রের তারিখ ও সূত্র নম্বর,
২. সরবরাহকৃত পণ্যের পুরো বিবরণ,
৩. পণ্য সরবরাহের তারিখ,
৪. পণ্য বহনকারী পরিবহণের উল্লেখ,
৫. পণ্য মূল্য পরিশোধের নিয়ম,

ফরমায়েশের জন্য ধন্যবাদ এবং ভবিষ্যতে ফরমায়েশ পাবার প্রত্যাশা ব্যক্ত করতে হয়।

ফরমায়েশ সম্পাদন পত্রের নমুনা।

মেহের ইলেকট্রনিকস

(প্রখ্যাত যন্ত্রপাতি আমদানিকারক)

৪৫, নবাবপুর রোড, ঢাকা-১০০০।

৩০ মে, ১৯৯৬ ইং।

ব্যবস্থাপক
আমির এন্ড কোম্পানি
২০, সদর রোড
দিনাজপুর।

জনাব,

আপনাদের ২৫ মে তারিখের ফরমায়েশ পত্রের জন্য ধন্যবাদ। আপনাদের নির্দেশ অনুযায়ী টিভি, ভিসিপি ও খুচরা যন্ত্রাংশগুলো কাঠের বাক্সে প্যাকিং করে রেলযোগে পাঠালাম। মালের চালান ও রেল রসিদ এই পত্রের সাথে পাঠালাম। আশাকরি দীর্ঘস্থায়ী পণ্যগুলোই আপনারা পাবেন।

মালামাল গ্রহণের সংবাদ জানিয়ে আমাদেরকে আশ্বস্ত করবেন। আশাকরি ভবিষ্যতে আপনাদের কাছ থেকে আরও বেশি মালের ফরমায়েশ পাব।

আপনার বিশ্বস্ত –

ফারহানা আমির
পরিচালক।

পাঠ সংক্ষেপ

একজন বিক্রেতা ফরমায়েশ পাবার পর ফরমায়েশ গ্রহণ করে যে পত্র দেয় তাকে ফরমায়েশ স্বীকার পত্র ও মাল প্রেরণের পর ক্রেতাকে যে পত্র লেখে তাকে ফরমায়েশ সম্পাদন পত্র বলে। উভয়বিধ পত্র রচনায় বেশ কিছু বিষয় বিবেচনা করতে হয়। মূলত ফরমায়েশ পত্রের শর্ত অনুযায়ী ফরমায়েশ স্বীকার ও সম্পাদন পত্র রচিত হয়।

পাঠোত্তর গ্জ 'vqb : ১১.২



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। ফরমায়েশ স্বীকার পত্র বলতে কি বোঝায় ?
 - ক) ফরমায়েশ গ্রহণ করে যে পত্র দেয়া হয়
 - খ) ফরমায়েশ পত্র গ্রহণ
 - গ) সরবরাহের ব্যবস্থা করা
 - ঘ) ক্রেতা হিসেবে স্বীকৃতি দিয়ে যে পত্র লেখা হয়
- ২। ফরমায়েশ স্বীকার পত্র রচনার সময় কি করা হয় ?
 - ক) ফরমায়েশ এর জন্য ধন্যবাদ
 - খ) পত্র লিখার জন্য নিন্দা
 - গ) ফরমায়েশ সংশোধন
 - ঘ) কোনো বিশেষ বক্তব্য দেওয়া
- ৩। ফরমায়েশ সম্পাদন পত্র বলতে কি বোঝায় ?
 - ক) ফরমায়েশ পত্রের উত্তর পত্র
 - খ) ফরমায়েশ প্রত্যাখান করা
 - গ) ফরমায়েশ পালন করা
 - ঘ) ফরমায়েশ পালনের আশ্বাস
- ৪। ফরমায়েশ সম্পাদন পত্রে কি উল্লেখ থাকে ?
 - ক) সরবরাহকৃত পণ্যের বিবরণ
 - খ) পণ্য সরবরাহের তারিখ
 - গ) পণ্য বহনকারী প্রতিষ্ঠানের নাম
 - ঘ) উপরের সবগুলো বিষয়

পাঠ-৩ ফরমায়েশ প্রত্যাখান, বাতিলপত্র

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ ফরমায়েশ প্রত্যাখান ও বাতিল পত্রের সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ এ ধরনের পত্র রচনার বিবেচ্য বিষয় সম্পর্কে বলতে পারবেন।
- ◆ ফরমায়েশ প্রত্যাখান ও বাতিল পত্র মুসাবিদা করতে পারবেন।

বিষয়বস্তু



পণ্যের ফরমায়েশ পাবার পর বিক্রেতার কাছে ফরমায়েশ গ্রহণযোগ্য হলে বিক্রেতা ফরমায়েশ অনুযায়ী ক্রেতাকে পণ্য পাঠাবে, কিন্তু ফরমায়েশের শর্ত মনঃপুত না হলে বা কোনো কারণে পণ্য সরবরাহ করা সম্ভব না হলে বিক্রেতা ফরমায়েশ প্রত্যাখান করতে পারে। ফরমায়েশ প্রত্যাখানের যুক্তিসঙ্গত কারণ দেখিয়ে ক্রেতাকে যে পত্র লেখা হয় সে পত্রই ফরমায়েশ প্রত্যাখান পত্র হিসাবে পরিচিত।

বিক্রেতা ফরমায়েশ পাবার পর কোনো অনিবার্য কারণবশত ক্রেতাকে পণ্য সরবরাহ করতে না পারলে যে পত্র দ্বারা এ সংবাদ ক্রেতাকে জানিয়ে থাকে, তাকে ফরমায়েশ প্রত্যাখান পত্র বলে।

ফরমায়েশ প্রত্যাখান পত্র ফরমায়েশ সম্পাদনের অস্বীকৃতি বহন করে। ফরমায়েশ প্রত্যাখান একটি ব্যবসায়িক রীতি বা "দ্ব কাঙ্গ। অনেক সময় "টিপূর্ণ নির্দেশ, আইনগত কারণ বা মূল্য প্রাপ্তি সম্পর্কে সন্দেহ দেখা দিলে ফরমায়েশ প্রত্যাখাত হতে পারে।

ফরমায়েশ প্রত্যাখানের কারণ

সাধারণত নিম্ন বর্ণিত কারণে ফরমায়েশ প্রত্যাখাত হতে পারে :

১. **আইনগত কারণ** : আইনগত সমস্যা যেমন কোনো নির্দিষ্ট এলাকায় সরবরাহকারী একচেটিয়া বিক্রয় প্রতিনিধি নিয়োগ করে থাকলে ঐ এলাকায় সে সরাসরি কোনো পণ্য সরবরাহ করতে পারে না।
২. **ব্যক্তিগত সমস্যা** : কখনো কখনো ব্যক্তিগত সমস্যার কারণেও ফরমায়েশ প্রত্যাখাত হতে পারে, যেমন।
 - ক) ক্রেতার আর্থিক সঙ্গতির ব্যাপারে সন্দেহ দেখা দিলে,
 - খ) পণ্যের পর্যাপ্ত মজুত না থাকলে,
 - গ) পূর্বে আলোচনা হয়নি, এমন বিষয় পত্রে উল্লেখ করলে,

সাধারণত প্রত্যাখানের কারণ গোপন রেখে অত্যন্ত কৌশলে প্রত্যাখান পত্র রচনা করা হয়। যে কারণেই প্রত্যাখান হউক না কেন পত্রের ভাষা অত্যন্ত মার্জিত হতে হবে।

ফরমায়েশ প্রত্যাখান পত্রের নমুনা

১. আইনগত কারণে প্রত্যাখান।

দিহান এন্টারপ্রাইজ
(রাসায়নিক পণ্য আমদানিকারক)
২৫, হাটখোলা রোড, ঢাকা-১২০৩।

০১-০৬-৯৬ ইং।

ব্যবস্থাপক
বারি কর্পোরেশন
বয়রা, খুলনা।

জনাব,

আপনাদের ২৫/০৫/৯৬ তারিখের ফরমায়েশের জন্য ধন্যবাদ। আপনারা যে ফরমায়েশ পাঠিয়েছেন তা নিঃসন্দেহে আমাদের মধ্যে ভালো ব্যবসায়িক সম্পর্ককে তুলে ধরে। এজন্যে আমরা কৃতজ্ঞ।

কিন্তু অত্যন্ত দুঃখের সাথে জানা^০ যে, খুলনা বিভাগে আমাদের প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্য সামগ্রী বিক্রয়ের একচেটিয়া অধিকার আমরা শিরোমনিস্থ 'নাজমুল ট্রেডার্স'কে দিয়ে দিয়েছি। তাই আমরা খুলনা বিভাগের কোনো ফরমায়েশ সরাসরি সম্পাদন করি না। আমরা আপনাদের ফরমায়েশ 'নাজমুল ট্রেডার্স'কে পাঠিয়ে দিয়েছি, আপনারা সেখানে যোগাযোগ Ki "b।

সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত, আমাদের সহমর্মীতা রইল।

আপনার বিশ্বস্ত-

ইফফাতুল আরেফিন দিহান
মালিক।

২। মজুদ মাল না থাকার কারণে প্রত্যাখান।

দিহান এন্টারপ্রাইজ
(কেমিক্যাল আমদানিকারক)
২৯, হাটখোলা রোড, ঢাকা-১২০৩।

০১-০৬-৯৬ ইং।

ব্যবস্থাপক
বারি কর্পোরেশন
বয়রা, খুলনা।

জনাব,

২৫/০৫/৯৬ ইং তারিখে আপনাদের পাঠানো ফরমায়েশের জন্য ধন্যবাদ। যথাসময়ে আপনাদের ফরমায়েশ পেলেও আমাদের গুদামে পর্যাপ্ত মজুদ না থাকার কারণে, আমরা পণ্য পাঠাতে পারছি না। এজন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

অসহযোগের কারণে বন্দর বন্ধ থাকায় যথাসময়ে আমরা পণ্য পাইনি। আশাকরি আগামী সপ্তাহের মধ্যে পণ্য পেয়ে যাব। তবে দু'সপ্তাহের মধ্যে আপনাদের কোনো ফরমায়েশ পেলে তা সম্পাদন করতে পারব।

আপনাদের সাময়িক অসুবিধার জন্য আমরা দুঃখিত।

আপনার বিশ্বস্ত—

ইফ্ফাতুল আরেফিন দিহান
মালিক।

ফরমায়েশ বাতিল পত্র

সাধারণত একজন ক্রেতা প্রয়োজন অনুযায়ী বিক্রেতাকে ফরমায়েশ প্রদান করে। কিন্তু কখনো কখনো এমন কিছু কারণ দেখা দিতে পারে যাতে ক্রেতা ফরমায়েশ অনুযায়ী পণ্যের চাহিদা অনুভব করছে না। সেক্ষেত্রে ক্রেতা তার ফরমায়েশ বাতিল করে পত্র লিখতে পারে। এ ধরনের পত্রই ফরমায়েশ বাতিল পত্র হিসেবে গণ্য।

ক্রেতা ফরমায়েশ প্রদানের পর তা কার্যকর করা থেকে বিরত থাকার জন্য বিক্রেতার কাছে যে পত্র প্রদান করে তাকে ফরমায়েশ বাতিল পত্র বলে।

ফরমায়েশ বাতিলের কারণ—

বিভিন্ন কারণে ফরমায়েশ বাতিল হতে পারে। নিম্নে ফরমায়েশ বাতিল পত্র রচনার কারণগুলো উল্লেখ করা হলো—

১. সরবরাহকারী যথাসময়ে মাল সরবরাহে ব্যর্থ হলে,
২. ফরমায়েশকৃত মালের দাম কমে গেলে,
৩. কোনো কারণে ফরমায়েশকৃত মালের চাহিদা হ্রাস পেলে।

ফরমায়েশ বাতিল পত্র রচনার সময় নিম্নলিখিত বিষয়গুলো লক্ষ্য রাখতে হবে—

১. ফরমায়েশ বাতিলের কারণ ব্যাখ্যা,
২. ফরমায়েশ বাতিলের জন্য বিক্রেতা ক্ষতিগ্রস্ত হলে ভবিষ্যতে উক্ত ক্ষতি পুষিয়ে দেয়ার আশ্বাস,
৩. বাতিলের খবর অবশ্য মাল পাঠানোর আগেই বিক্রেতাকে জানাতে হবে।

ফরমায়েশ বাতিল পত্রের নমুনা

১. মাল সরবরাহে বিলম্বের কারণে ফরমায়েশ বাতিল পত্র।

বেবী আইডিয়াল ফুড

১৫, সদর রোড, চাপাই নবাবগঞ্জ।

০২/০৫/৯৬ ইং।

ব্যবস্থাপক
সালেহা সুইটস
বাসস্ট্যান্ড, টাঙ্গাইল।

জনাব,

আমরা গত ১৫/০৫/৯৬ তারিখে টাঙ্গাইলের 'পোড়াবাড়ীর চমচম' পাঠানোর ফরমায়েশ দিয়েছিলাম, মিষ্টিগুলো ৩০-০৫-৯৬ ইং তারিখের মধ্যে সরবরাহের জন্য অনুরোধ করেছিলাম। কিন্তু উক্ত সময়ের মধ্যে মাল না পাঠানোর কারণে আমরা উক্ত ফরমায়েশ বাতিল ঘোষণা করছি।

ফরমায়েশ বাতিলের জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত। আশাকরি ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটবে না।

আপনার বিশ্বস্ত –

ফারজানা ইয়াসমীন
ব্যবস্থাপক।

পাঠ সংক্ষেপ

একজন বিক্রেতা কোনো অনিবার্য কারণে ফরমায়েশ পালন না করে ক্রেতাকে যে পত্র লেখে তাকে ফরমায়েশ প্রত্যাখান পত্র এবং ক্রেতা যে পত্রে ফরমায়েশ বাতিলের কথা উল্লেখ করে তাকে ফরমায়েশ বাতিল পত্র বলে। উভয় পত্র রচনার পেছনে অবশ্যই কিছু যুক্তিসঙ্গত কারণ থাকতে হবে এবং অপ্রীতিকর পরিস্থিতি এড়ানোর জন্য কিছু বিষয়ও বিবেচনা করতে হবে।

পাঠোত্তর গ্জ "vqb : ১১.৩



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। ফরমায়েশ প্রত্যাখান পত্র বলতে বোঝায় ?
 - ক) ফরমায়েশ পত্র গ্রহণে অস্বীকৃতি
 - খ) ফরমায়েশ গ্রহণে অস্বীকৃতি
 - গ) ব্যবসায়িক সম্পর্ক শেষ করা
 - ঘ) যে কোনো প্রস্তাব গ্রহণের অসম্মতি।
- ২। ফরমায়েশ প্রত্যাখান পত্র সম্পাদানের সময় কি করতে হয় ?
 - ক) প্রত্যাখানের কারণ ব্যাখ্যা
 - খ) প্রত্যাখানের জন্য দুঃখ প্রকাশ করা
 - গ) এ ধরনের পত্রের বিষয় গোপন করা
 - ঘ) ভবিষ্যতে ফরমায়েশ না পাঠাবার অনুরোধ করা।
- ৩। ফরমায়েশ বাতিল পত্র বলতে কি বোঝায় ?
 - ক) ফরমায়েশ পালন না করে বিক্রেতার লেখা পত্র
 - খ) পাওনাদারের লেখা পত্র
 - গ) ফরমায়েশ বাতিল করে ক্রেতার লেখা পত্র
 - ঘ) লেন-দেন বাতিলের জন্য ক্রেতার লেখা পত্র।
- ৪। ফরমায়েশ বাতিল পত্র রচনার সময়-
 - ক) ফরমায়েশ বাতিলের কারণ ব্যাখ্যা করতে হয়
 - খ) ক্ষতিপূরণের আশ্বাস দিতে হয়
 - গ) মাল পাঠানোর আগেই জানাতে হয়
 - ঘ) উপরের সবগুলো বিষয়ই বিবেচনা করতে হয়।

পাঠ-৪ অভিযোগ পত্র

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- ◆ অভিযোগ পত্রের সংজ্ঞা বলতে পারবেন।
- ◆ কি কারণে অভিযোগ পত্র লিখা হয়, তা বলতে পারবেন।
- ◆ অভিযোগ পত্র রচনার বিবেচ্য বিষয় উল্লেখ করতে পারবেন।
- ◆ প্রয়োজনে অভিযোগ পত্র রচনা করতে পারবেন।

বিষয়বস্তু



একজন বিক্রেতা ফরমায়েশকারীর সব শর্ত মেনে নিয়েই ফরমায়েশ সম্পাদন করে থাকে। এক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণেরও কোনো ‘টি ঘটে না। তা সত্ত্বেও কখনও কখনো অনিবার্য কারণবশত: কিছু ভুল হয়ে যায়। এতে ক্রেতা ক্ষতিগ্রস্ত হয়। তখন ক্রেতা ক্ষতির সমুদয় বিবরণ দিয়ে বিক্রেতাকে পত্র লেখে এবং যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করতে বলে। এ ধরনের পত্রই অভিযোগ পত্র হিসাবে পরিচিত।

ক্রেতা-বিক্রেতা কর্তৃক সরবরাহকৃত পণ্য সম্পর্কে অভিযোগ জানিয়ে বিক্রেতাকে যে পত্র লিখে তাকে অভিযোগ পত্র বলে।

বিভিন্ন কারণে অভিযোগ উত্থাপিত হতে পারে। তবে অভিযোগ পত্র রচনায় বিশেষ সতর্কতা অবলম্বন করা উচিত যাতে পরস্পরের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক নষ্ট না হয়।

অভিযোগ পত্র রচনার কারণ—

একজন ক্রেতা বিভিন্ন কারণে অভিযোগ উত্থাপন করতে পারে। অভিযোগগুলো নিম্নরূপ—

১. নির্ধারিত পণ্যের বদলে অন্য পণ্য সরবরাহ,
২. নিচু বা উঁচু মানের পণ্য সরবরাহ,
৩. দেরিতে মাল পাঠানো,
৪. খারাপ বা নষ্ট মাল প্রেরণ,
৫. সরবরাহকৃত মালের ওজনে কম বেশি হলে,
৬. দাম কম-বেশি হলে,
৭. বাট্টা বা কমিশন কম দেওয়া হলে,
৮. প্যাকিং ‘টিপূর্ণ হলে,
৯. পরিবহণ কালে মাল নষ্ট বা চুরি হলে,
১০. ফরমায়েশ পত্রের কোনো শর্ত স্কুণ্ন হলে।

অভিযোগপত্র রচনার বিবেচ্য বিষয় –

অভিযোগ পত্র রচনার সময় নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা উচিত–

১. **অভিযোগ উত্থাপন পদ্ধতি** : কোনো অবস্থাতেই সরাসরি অভিযোগ উত্থাপন করা যাবে না। পরোক্ষভাবে অভিযোগ তুলতে হবে, যাতে বিক্রেতা বুঝতে পারে যে ক্রেতা অনিচ্ছা সত্ত্বেও চিঠি লিখতে বাধ্য হয়েছে।
২. **পত্রের ভাষা** : অভিযোগ পত্রে ক্রেতার অভিযোগের ভাষা হবে অত্যন্ত মার্জিত ও সংযত। পত্রের ভাষা যতদূর সম্ভব বিনয়পূর্ণ হতে হবে।
৩. **ক্ষতির বিবরণ** : পত্রে ১টি বিদ্যুতির বর্ণনা থাকা উচিত। কোনো অবস্থাতেই লেখকের মতামত বা সিদ্ধান্ত থাকা উচিত নয়।
৪. **প্রতিকার** : অভিযোগ করার পাশাপাশি অভিযোগকারীকে অবশ্যই প্রতিকার সম্পর্কে ইঙ্গিত দিতে হবে। যাতে বিক্রেতা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।
৫. **সম্পূর্ণতা** : পত্রে অবশ্যই পূর্ণাঙ্গ অভিযোগ তুলে ধরতে হবে। কেননা অসম্পূর্ণ অভিযোগ সমস্যা সমাধানে কোনো কার্যকর ভূমিকা রাখতে পারে না।
৬. **সৌজন্যতা** : সৌজন্যতা বাণিজ্যিক পত্রের অন্যতম গুণ। বিষয়টি অভিযোগ হলেও পত্র লেখককে সৌজন্যতা বজায় রাখতে হবে। যাতে ব্যবসায়িক সম্পর্ক নষ্ট না হয়।
৭. **প্রমাণ** : শুধু অভিযোগ করলেই চলবে না, অভিযোগের কারণটি প্রমাণ করতে হবে। অযৌক্তিক কোনো বিষয়ে অভিযোগ উত্থাপন করা যাবে না।
৮. **ভবিষ্যত মন্তব্য** : চিঠির শেষ ভাগে ভবিষ্যত সম্পর্কে মন্তব্য করতে হবে। যাতে ভবিষ্যতে এ ধরনের কোনো ভুল-ত্রুটি যেন না হয় এবং সে বিষয়ে বিক্রেতাকে সতর্ক থাকার অনুরোধ জানাতে হবে।

উল্লেখিত বিষয়গুলো বিবেচনা করে অভিযোগ পত্র তৈরি করলে একটি কার্যকর অভিযোগ উত্থাপন করা সম্ভব। এমনকি ব্যবসায়িক সম্পর্কও অটুট রাখা সম্ভব।

অভিযোগ পত্রের নমুনা

১. ১টিপূর্ণ মাল পাঠানোর জন্য বিক্রেতার কাছে অভিযোগ পত্র।

সার্জিফ এন্টারপ্রাইজ

নওয়াবগঞ্জ বাজার
রংপুর।

০৩/০৬/৯৬ ইং

ব্যবস্থাপক
মীম এন্ড কোম্পানি
২০, চকবাজার
ঢাকা-১১০০।

জনাব,
আমাদের ১২/০৫/৯৬ ইং তারিখের ফরমায়েশ অনুযায়ী আপনারা যে ২০০ কার্টুন বিস্কুট পাঠিয়েছেন তা আমাদের হাতে পৌঁছেছে। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, ২৫ কার্টুন বিস্কুট ভাঙ্গা এবং ৩০ কার্টুন বিস্কুটের টিনে পলিথিন না থাকার কারণে বিস্কুট নষ্ট হয়ে গেছে।

এ পরিস্থিতিতে আমরা ৫৫টিন বিস্কুট বিক্রয়ের জন্য গ্রহণ করতে পারছি না। এ বিস্কুটগুলো পরিবর্তন করে বা ফেরত নিয়ে আপনাদের ব্যবসায়িক সুনাম রক্ষা করবেন। আশা করি ভবিষ্যতে এ ধরনের কোনো ভুল-টি ঘটবে না।

ধন্যবাদান্তে -

আপনার বিশ্বস্ত
মীর্জা সার্জিফ
মালিক।

ওপেন স্কুল

২। মাল পাঠাতে দেরি হবার কারণে অভিযোগ পত্র।

মেসার্স পাপেল ট্রেডার্স
নবাবগঞ্জ, রংপুর।

০৪/০৬/৯৬ইং।

ব্যবস্থাপক
আমির খান এন্ড কোং
২১, নবাবপুর রোড
ঢাকা।

জনাব,

আমরা গত ১০মে তারিখে ২০টি পেডরোলো ওয়াটার পাম্প পাঠানোর জন্য ফরমায়েশ দিয়েছিলাম। ২৫শে মে এর মধ্যে মাল পাঠানোর কথা থাকলেও আজ পর্যন্ত আমরা মাল পাইনি, এমনকি কোনো খবরও পাইনি। এদিকে বর্ষাকাল এসে যাচ্ছে। আমরা আপনাদের পুরানো ক্রেতা, আগে ফরমায়েশ গ্রহণের ১০দিনের মধ্যে মাল পাঠাতেন। এবার দেরি হওয়ায় আমরা সন্দেহান হয়ে পড়েছি এবং মালগুলো পাঠানোর অনুরোধ করছি।

আশা করি মালগুলো ঠিক পাঠানোর ব্যবস্থা করবেন এবং ভবিষ্যতের দিকে দৃষ্টি রাখবেন।

ধন্যবাদান্তে—
আপনার বিশ্বস্ত

সফিউদ্দিন আহমেদ
ব্যবস্থাপক।

পাঠ সংক্ষেপ

অনিবার্য কারণবশত একজন ক্রেতা অভিযোগ করে বিক্রেতাকে যে পত্র লেখে তাকে অভিযোগ পত্র বলে। অভিযোগের অনেক কারণ থাকতে পারে। তবে অভিযোগ পত্র রচনায় বেশ কিছু বিষয়কে বিবেচনা করা উচিত। "টিপ্পূর্ণ পণ্য ও বিলম্বে সরবরাহের কারণে দুটি অভিযোগ পত্রের নমুনা দেয়া হয়েছে।

পাঠোত্তর গ্জ "vqb : ১১.৪



সঠিক উত্তরের পাশে টিক (Ö) চিহ্ন দিন।

- ১। ক্রেতা কোনো "টির কথা জানিয়ে বিক্রেতাকে যে পত্র লেখে তাকে কি বলে ?
ক) ক্ষতিপূরণ পত্র
খ) অভিযোগ পত্র
গ) অনুযোগ পত্র
ঘ) ফরমায়েশ বাতিল পত্র।
- ২। অভিযোগ পত্র লেখার কারণ কি ?
ক) সরবরাহ কৃত পণ্যের "টি
খ) খারাপ আচরণ
গ) মূল্য কম না রাখা
ঘ) অতিরিক্তি মালামাল সরবরাহ করা।
- ৩। অভিযোগ পত্র রচনার সময় কি করতে হয় ?
ক) সরাসরি অভিযোগ উত্থাপন করতে হয়
খ) পরোক্ষভাবে উত্থাপন করতে হয়
গ) পণ্য ভালো এ কথা উল্লেখ করতে হয়
ঘ) সরাসরি ক্ষতিপূরণ চাইতে হয়।



উত্তরমালা

পাঠোত্তর গ্জ "vqb : ১১.১

১. গ ; ২. ক ; ৩. ঘ ; ৪. গ

পাঠোত্তর গ্জ "vqb : ১১.২

১. ক ; ২. ক ; ৩. গ ; ৪. ক

পাঠোত্তর গ্জ "vqb : ১১.৩

১. খ ; ২. খ ; ৩. গ ; ৪. ক

পাঠোত্তর গ্জ "vqb : ১১.৪

১. খ ; ২. ক ; ৩. খ

i Pbv gj K Abkxj bx

1. digvtqk cĀ ej tZ wK eSvq ? digvtqk cĀ i Pbv i weteP" wela q,tj v wK wK ?
2. digvtqk cĀ KvK etj ? digvtqk cĀ i wela qe" D t j L Ki "b |
3. Kwgj vi wnv g e" vm, XvKvi ŌAvj g e" yj qŌ t_ tK wK Qy kwmo μq Ki te etj wK K t i t Q | Kvi wK Z t _ i m v n v t h " w n v g e " v m G i c t G K w U d i g v t q k c Ā i P b v K i " b |
4. digvtqk "Kvi cĀ wK ? digvtqk cĀ wK wK wela q D t j L K i v D i P Z ?
5. Kvi wK Z t _ i m v n v t h " G K w U d i g v t h k " K v i c Ā i L m o v " Z w i K i " b |
6. digvtqk m"v" b cĀ ej tZ wK eSvq ? digvtqk m"v" b cĀ wK wK wela q D t j L K i v D i P Z ?
7. XvKvi GKRb cvBKvi x e" emvqx iscti i GK gwbnvi x e" emvqx tK Zvi digvtqk gj gj cvw t q t Q | Kvi wK Z t _ i m v n v t h " G K w U d i g v t q k m " v " b c Ā i P b v K i " b |
8. digvtqk cĀ vLvb ej tZ wK e t S b ? wK wK Kvi tY digvtqk cĀ vLvb n t Z c v t i ?
9. XvKvi tKv t b v e " e m v q x K w g j v i t K v t b v e " e m v q x i K v Q t _ t K a v t i g j c v V e v i d i g v t q k t c t q t Q b m Z K Z v i m v t _ G K w U c Ā v L v b c Ā i P b v K i " b |
10. digvtqk ewZj cĀ wK ? Kvi wK Z t _ i m v n v t h " G K w U d i g v t q k e w Z j c Ā i P b v K i " b |
11. Awf t h v M c Ā e j t Z w K e t S b ? A w f t h v M c Ā i P b v i m g q w K w K m Z R Z v A e j " b K i v c Ō q v R b |
12. Awf t h v M c Ā i P b v i m g q w K w K w e l a q w e t e P b v K i t Z n q ?
13. T " w h y " g y j t c Ō t Y i R b " m i e i v n K v i x i K v t Q A w f t h v M c Ā i P b v K i " b |
14. c w i e n b K v t j c Y " b o n e v i K v i t Y t i j l t q K Z e t i K v t Q G K w U A w f t h v M c Ā i P b v K i " b |
১৫. Avcbvi KvtQ cvw t b v c Y " A v s w k K " n e v i K v i t Y m i e i v n K v i x i K v t Q G K w U A w f t h v M c Ā i P b v K i " b |

ewsj v4` k DbYB wekte` `vj q
GmGmm tcMNg
wmve iY I Kviei cXIZ
bgpv cka(`beK)
velq tKW t SSC-2611

পূর্ণমান - ৫০, সময় - ৫০ মিনিট

[বিশেষ দৃষ্টব্য : নৈর্ব্যক্তিক অংশে মোট ৫০টি MCQ প্রশ্ন থাকবে। নমুনা হিসেবে ৫টি প্রশ্ন দেয়া হল। প্রতিটি প্রশ্নের উত্তর মূল উত্তর পত্রে পূর্ণাঙ্গভাবে লিখতে হবে।]

নমুনা হিসেবে ৫টি প্রশ্ন দেওয়া হল

১। কোনটি নিবন্ধনের প্রয়োজন হয়?

- (১) পরিমেল নিয়মাবলী
- (২) বিবরণীতপত্র
- (৩) কার্যারম্ভের অনুমতিপত্র
- (৪) স্মারকলিপি

২। ফরমায়েশপত্রে কি থাকে?

- (১) পণ্যের বিবরণ
- (২) প্রতিষ্ঠানের বিবরণ
- (৩) বিক্রেতার বর্ণনা
- (৪) ব্যবসায়িক অবস্থার বর্ণনা

৩। অনাদায়ীদেনা সঞ্চিতি হিসাব একটি

- (১) নামিক হিসাব
- (২) ব্যক্তিবাচক হিসাব
- (৩) সম্পত্তিবাচক হিসাব
- (৪) আসলে কোন হিসাব নয়

৪। ডেবিট ব্যালেন্স সাধারণতঃ নির্দেশ করে -

- (১) সম্পদ
- (২) আয়
- (৩) দায়
- (৪) মূলধন

৫। উদ্যোক্তার পাওনা হে"0

- (১) মজুরী
- (২) সুদ
- (৩) মুনাফা
- (৪) খাজনা

হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি

নমুনা প্রশ্ন (রচনামূলক)

বিষয় কোড : SSC-2611

পূর্ণমান - ৫০, সময় - ২ঘন্টা

[দ্রষ্টব্য : ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

হিসাবরক্ষণ

মান - ৩০

তত্ত্বীয়

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন :-

(K) $\frac{1}{2} \times 2 = 1$

(L) $\frac{1}{2} \times 2 = 1$

(M) $\frac{1}{2} \times 2 = 1$

(N) $\frac{1}{2} \times 2 = 1$

$\frac{1}{2} \times 2 = 1$

প্রায়োগিক

(৪নং প্রশ্নসহ যে কোন দু'টি প্রশ্নের উত্তর দিন)

২। $\frac{1}{2} \times 2 = 1$

10

জানুয়ারী	১	জনাব রেজা ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন।
„	২	ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য নগদ মূল্যে আসবাবপত্র ক্রয় করেন ১০,০০০ টাকায়।
„	৩	নগদে পণ্য ক্রয় করেন ২,০০০ টাকায়।
„	৪	রফিকের নিকট থেকে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
„	৫	কাজলের নিকট থেকে নগদে পণ্য ক্রয় ৮০০০ টাকা।
„	৬	পণ্য আনয়ন বাবদ খরচ ৫০০ টাকা।
„	৭	নগদে পণ্য বিক্রয় ৪,০০০ টাকা।
„	৮	রোজারিওর নিকট ধারে বিক্রয় ৫০০ টাকা।
„	৯	শিপলুর নিকট পণ্য বিক্রয় ৮০০ টাকা।
„	১০	পণ্য বিক্রয়ের পরিবহন খরচ ৬০০ টাকা।

৩। $\frac{1}{2} \times 2 = 1$

মূলধন	২০,০০০.০০	ব্যাংক জমাতিরিক্ত	২,৪০০.০০
উত্তোলন	১,২০০.০০	ক্রয়	৫২,০০০.০০
নগদ তহবিল	৩,০০০.০০	বিক্রয়	৪৮,৬০০.০০
কলকজা	৪,০০০.০০	আন্তঃ ফেরত	২,০০০.০০
আসবাবপত্র	১,৮০০.০০	বহিঃফেরত	১,৮০০.০০
প্রারম্ভিক মজুদ	২,০০০.০০	ক্রয় পরিবহন	৫০০.০০
প্রদেয় বিল	৮,২৫০.০০	বিক্রয় পরিবহন	৩০০.০০
প্রাপ্য বিল	৭,৩০০.০০	বেতন	১,৫০০.০০
বিবিধ দেনাদার	২০,০০০.০০	ভাড়া	৯০০.০০
বিবিধ পাওনাদার	১৬,০০০.০০	বিজ্ঞাপন	৫৫০.০০

৪। $\frac{1}{2} \times 2 = 1$

10

ewsj v4` k DbYB vekte` ``vj q
GmGmum tcM0g
vnmve i9|Y I Kvievi c×WZ
velq tKW t SSC-2611
gvb-eEb

নৈর্ব্যক্তিক প্রশ্ন : পূর্ণমান ৫০, সময় ৫০ মিনিট

হিসাবরক্ষণ ও কারবার পদ্ধতি অংশ থেকে মোট ৫০টি নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর দিতে হবে।

রচনামূলক : পূর্ণমান ৫০, সময় ২ ঘন্টা

হিসাব রক্ষণ

মান - ৩০

তত্ত্বীয় : ৪টি সংক্ষিপ্ত প্রশ্ন থেকে ২টির উত্তর দিতে হবে।

$$2\frac{1}{2} \times 2 = 5$$

প্রায়োগিক :

২টি গাণিতিক সমস্যা থেকে ১টির সমাধান করতে হবে। $10 \times 1 = 10$

১টি আবশ্যিক চূড়ান্ত হিসাব প্রস্তুত করতে হবে।

$$15 \times 1 = 15$$

কারবার পদ্ধতি

মান-২০

২টি রচনামূলক প্রশ্ন থেকে ১টির উত্তর দিতে হবে।

$$10 \times 1 = 10$$

৪টি সংক্ষিপ্ত প্রশ্ন থেকে ২টির উত্তর দিতে হবে।

$$5 \times 2 = 10$$